চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৬ তম বছর

সিস্টার Sister Masala
নিশ্চিন্তের প্রতীক
গুঁড়া মশলা
অল্পতেই যথেষ্ট
সিস্টার
স্বাদ ও গুনমানে প্রতি ঘরে ঘরে

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 12 June, 2020 ■ আগরতলা, ১২ জুন, ২০২০ ইং ■ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### নতুন ১৮ জনকে নিয়ে রাজ্যে মোট করোনা আক্রান্ত ৯১৬ জন, মুক্ত হলেন ২৭৮

# রাজ্যে সংক্রমণের সাথে সুস্থ হওয়ার হার বৃদ্ধি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** রাজ্যে আজ নতুন করে ১৮ জনের দেহে করোনা-র সংক্রমণ মিলেছে। তাদের সকলের বহিঃরাজ্য সফরের তথ্য রয়েছে। অন্যদিকে, আজ ৩৯ জন করোনা সংক্রমণ-মুক্ত হয়েছেন। তাতে দেখা যাচ্ছে, সংক্রমিতের তুলনায় সুস্থ হওয়ার হার বেশি। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ এই দুটি খবর ট্যুইট করে জানিয়েছেন। করোনার থাবা ত্রিপুরাকে অনেকটাই কাবু করেছে।

আজ রাতে ট্যুইট করে মুখ্যমন্ত্রী বলেন, ১,৪৩০টি নমুনা পরীক্ষায় ১৮ জনের দেহে করোনা-র সংক্রমণ মিলেছে। তাদের সকলের বহিঃরাজ্য সফরের তথ্য রয়েছে। তাদের মধ্যে সিপাহিজলা জেলায় ১৪ জন এবং পশ্চিম, দক্ষিণ, গোমতি ও ধলাই জেলায় এক জন করে বাসিন্দা রয়েছেন। সবমিলিয়ে ত্রিপুরায় ৯১৬ জন করোনা-য় আক্রান্ত হয়েছেন।

এর আগে সন্ধ্যায় মুখ্যমন্ত্রী ট্যুইট বার্তায় বলেন, অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি, আজ ৩৯ জন করোনা আক্রান্ত সুস্থ হয়েছেন। তাদের কোভিড-১৯ রিপোর্ট নেগেটিভ এসেছে। তারা ভগৎ সিং যুব আবাসে চিকিৎসাধীন ছিলেন। তাদের ছুটি দেওয়া হয়েছে। তিনি বলেন, এখন পর্যন্ত ত্রিপুরায় ২৭৮ জন সুস্থ হয়েছেন। বর্তমানে ৬৩৪ জন করোনা সংক্রমিত সক্রিয় রয়েছেন।

প্রসঙ্গত গতকাল ৪৭ জন করোনা সংক্রমিত সুস্থ হয়েছিলেন। তাদের কোভিড-১৯ রিপোর্ট নেগেটিভ আসার পর ছুটি দেওয়া হয়েছিল। অন্যদিকে, গতকাল ৩১ জন নতুন করে করোনা সংক্রমণের সন্ধান পাওয়া গিয়েছিল।

এদিকে, জেলা ভিত্তিক হিসেবে দেখা গিয়েছে, পশ্চিম জেলায় আক্রান্ত ৮০ জন, সুস্থ হয়েছেন ১৫ জন এবং অস্বাভাবিক মৃত্যু হয়ে ১ জনের ও বহিঃরাজ্যে আছেন ১ জন। সিপাহীজলা জেলায় আক্রান্ত ৩৬৯ জন, সুস্থ হয়েছেন ৩২ জন, খোয়াই জেলায় আক্রান্ত ২৮ জন, সুস্থ হয়েছেন ১৪ জন। গোমতী জেলায় আক্রান্ত ৯৬ জন, সুস্থ হয়েছেন ৩০ জন এবং বহিঃরাজ্যে আছেন ১ জন। দক্ষিণ জেলায় আক্রান্ত ৭৬ জন, সুস্থ হয়েছেন ৭ জন, ধলাই জেলায় আক্রান্ত ২০১ জন, সুস্থ হয়েছেন ১৭১ জন, ঊণকোটি জেলায় আক্রান্ত ☞ ৬ এর পাতায় দেখুন

## আগরতলা আইসিপিতে ২৪২ জনের নমুনা সংগ্রহ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্টে (আইসিপি) কর্মরত বিএসএফ এবং ল্যান্ড পোর্ট অথরিটি অব ইন্ডিয়ার কর্মীদের নমুনা সংগ্রহ করা হচ্ছে। গত দুদিনে ২৪২টি নমুনা সংগ্রহ করা হয়েছে। আইসিপি-তে করোনা আক্রান্তের সন্ধান পাওয়ায় অন্যদের নমুনা সংগ্রহের ব্যবস্থা করা হয়েছে। আপাতত আইসিপি বন্ধ রয়েছে। ফলে, পণ্য আমদানি বন্ধ এবং যাত্রীরা বাংলাদেশে ফিরে যেতে পারছেন না।

আগরতলা আইসিপি-তে চিকিৎসক ও বিএসএফ সহ ৯ জন করোনা আক্রান্ত হয়েছেন। বাংলাদেশ ফেরত ত্রিপুরার নাগরিকদের থেকেই সংক্রমণ ছাড়িয়েছে বলে মনে করা হচ্ছে। বাংলাদেশ ফেরত ১০৬ জনের মধ্যে ১০ জন ত্রিপুরার নাগরিকের দেহে করোনা সংক্রমণ মিলেছে। এর পরই সেখানে কর্মরত স্বাস্থ্য কর্মী, বিএসএফ, ইমিগ্রেশন ও ল্যান্ড পোর্ট অথরিটি অব ইন্ডিয়ার কর্মীদের নমুনা সংগ্রহে ☞ ৬ এর পাতায় দেখুন

## সংরক্ষণ মৌলিক অধিকার নয় জানিয়ে দিল সুপ্রিম কোর্ট

**নয়াদিল্লি, ১১ জুন (হি. স.)।।** ডাক্তারি পড়ার সর্বভারতীয় পরীক্ষা নিট - এ ৫০ শতাংশ অনগ্রসর শ্রেণীর জন্য সংরক্ষণের দাবি জানিয়েছিল তামিলনাড়ুর একাধিক রাজনৈতিক দল। এই নিয়ে সুপ্রিম কোর্টে পিটিশন দায়ের করে তারা। কিন্তু সুপ্রিম কোর্টে বৃহস্পতিবার জানিয়েছেন যে বিষয়টি নিয়ে তারা হাইকোর্টের দ্বারস্থ হোক।

ডিএমকে, এআইএডিএমকে, সিপিআই সহ একাধিক তামিলনাড়ুর রাজনৈতিক দল ডাক্তারির প্রবেশিকা পরীক্ষা নিট - এ ৫০ শতাংশ অনগ্রসর শ্রেণী বা ওবিসি জন্য সংরক্ষণ করার দাবি তুলে সুপ্রিম কোর্টে পিটিশন দায়ের করে। এ দিন এই পিটিশনের শুনানি ছিল। শুনানিতে সুপ্রিম কোর্ট জানতে চায় যে কাদের মৌলিক অধিকার হরণ করা হচ্ছে। সুপ্রিম কোর্ট এও জানায় পিটিশনের ধরন দেখে বোঝা যাচ্ছে যে তামিলনাড়ুর নির্দিষ্ট কয়েকজন মানুষের জন্যই এটি দায়ের করা হয়েছে। তখন পিটিশন কারীরা আদালতকে জানায় যে সংরক্ষণের শতাংশ বাড়ানোর প্রয়োজন নেই। পূর্বঘোষিত যা বাড়ানোর কথা ছিল সেটা কার্যকর করা হোক। সেই সময় ☞ ৬ এর পাতায় দেখুন

## করোনার পাশাপাশি আরও বহু চ্যালেঞ্জের মুখে দেশ ঃ প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি ও কলকাতা, ১১ জুন (হি.স.)।।** করোনাভাইরাস-সঙ্কটকে আত্মনির্ভরশীল ভারতের জন্য সুযোগে পরিণত করা উচিত। দেশের প্রতিটি নাগরিক এই সঙ্কটময় পরিস্থিতিকে সুযোগে পরিণত করার জন্য সঙ্কল্প করছেন। বৃহস্পতিবার ইন্ডিয়ান চেম্বার অব কমার্স (আইসিসি)-এর ৯৫ তম বার্ষিক সাধারণ সভায়, ভার্চুয়াল ভাষণে এই মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

প্রধানমন্ত্রীর কথায়, সমগ্র বিশ্ব করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করছে, ভারতও এই লড়াই চালিয়ে যাচ্ছে। কিন্তু, আরও অন্যান্য চ্যালেঞ্জের মুখে দেশ, যেমন বন্যা, পঙ্গপালের উপদ্রব, শিলাবৃষ্টি, তেলের কূপে আগুন, মৃদু ভূমিকম্প, দু'টি ঘূর্ণিঝড়-আমরা একসঙ্গে এ সবের লড়াই করছি। এসব চ্যালেঞ্জকে পেরিয়ে আমরা উজ্জ্বল ভবিষ্যতে যাব। এই চ্যালেঞ্জ পেরোবে যে, সেই সত্যিকারের বিজয়ী। প্রধানমন্ত্রীর কথায়, হার মানলেই পরাজয়, জয়ের সঙ্কল্প করলেই বিজয়। দেশের প্রতিটি নাগরিক এই সঙ্কটময় পরিস্থিতিকে সুযোগে পরিণত করার জন্য সঙ্কল্প করছেন। দেশের জন্য এই সময়কে টার্নিং পয়েন্টে পরিণত করতে হবে, কিন্তু কী সেই টার্নিং পয়েন্ট? একটি আত্মনির্ভরশীল ভারত। উৎসাহিত করে প্রধানমন্ত্রী বলেছেন, সঙ্কটের সময় নিজেকে মজবুত করে গড়ে তুলতে হবে। পরিবারে কেউ সাবালক হলে আমরা বলি, নিজের পায়ে দাঁড়াও। অন্য দেশের উপর নির্ভরতা যতটা সম্ভব কমানোই আমাদের লক্ষ্য।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, কৃষকরা এখন দেশের যে কোনও স্থানে উৎপাদিত দ্রব্য বিক্রি করতে পারেন। কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা পাঠানোই হোক, বা তাঁদের দ্রুত ঋণের ব্যবস্থা করা, কৃষকদের উন্নতিই আমাদের লক্ষ্য। ইন্ডিয়ান চেম্বার অব কমার্স (আইসিসি)-এর ৯৫ তম বার্ষিক সাধারণ সভায়, ভার্চুয়াল ভাষণের শুরুতেই দিল্লি থেকে ভিডিও কনফারেন্সিং মারফত প্রধানমন্ত্রী বলেছেন, "আশা করি আপনারা সবাই ভালো আছেন। ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স পূর্ব ভারত এবং উত্তর-পূর্বের উন্নয়নে যে অবদান রেখেছে তা প্রশংসনীয়। ভারতের উন্নয়নের গতিতে আপনারা সাক্ষী থেকেছেন। এই সভা এমন সময়ে হচ্ছে, যখন দেশ একাধিক চ্যালেঞ্জের ☞ ৬ এর পাতায় দেখুন

## সোশ্যাল মিডিয়ায় প্রধানমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য, মামলা খোয়াইয়ে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** সোশ্যাল মিডিয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে কুরুচিপূর্ণ মন্তব্য করায় এক যুবকের বিরুদ্ধে তেলিয়ামুড়া থানায় মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্ত যুবকের নাম কৌশিক দেবনাথ ওরফে জিশু দেবনাথ। ওই যুবক খোয়াই থানা এলাকার চেবরির বাসিন্দা।

বৃহস্পতিবার খোয়াই জেলা যুবমোর্চার পক্ষ থেকে তেলিয়ামুড়া থানায় কৌশিক দেবনাথের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে। জেলা যুব মোর্চার সাধারণ সম্পাদক মানিক দেবনাথ জানান, কৌশিক দেবনাথ নামের ওই যুবক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছে। এ ধরনের মন্তব্য কোনওভাবেই মেনে নেওয়া যায় না। তাই তার বিরুদ্ধে তেলিয়ামুড়া থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে যুব মোর্চা।

এই ইস্যুতে যুব মোর্চা বৃহত্তর আন্দোলন সংগঠিত করার উদ্যোগ নিচ্ছে বলেও তিনি জানিয়েছেন। প্রধানমন্ত্রীর ☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্ষিতা মানসিক ভারসাম্যহীন নাবালিকা, অভিযুক্ত পলাতক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** নারীর উপর অত্যাচার থামছেই না। আবারও ত্রিপুরায় ধর্ষণের ঘটনা ঘটেছে। এবার মানসিক ভারসাম্যহীন এক নাবালিকাকে ধর্ষণের ঘটনায় কলঙ্কিত করেছে সভ্য সমাজকে।

ঊনকোটি জেলার কৈলাসহরের ইন্দ্রনগর এলাকায় মানসিক ভারসাম্যহীন দিব্যাঙ্গ এক নাবালিকার সাথে ধর্ষণের ঘটনা ঘটেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। এই ঘটনায় ধর্ষিতা নাবালিকার পরিবারের তরফে কৈলাসহর মহিলা থানায় সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করা হয়েছে। বিষয়টি কৈলাসহর চাইল্ড লাইনের নজরেও আনা হয়েছে।

চাঞ্চল্যকর এ ঘটনার খবর পেয়ে কৈলাসহর মহিলা থানার পুলিশ এবং চাইল্ড লাইনের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে যান। ঘটনার তদন্ত শুরু হয়েছে। অভিযুক্তকে গ্রেফতার করে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জোরালো দাবি উঠেছে। এ-ধরনের নারকীয় ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনমনে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। মানসিক ভারসাম্যহীন প্রতিবন্ধীকে ধর্ষণের মতো ঘটনা এলাকাবাসী ☞ ৬ এর পাতায় দেখুন

## অমরপুরে সড়ক দুর্ঘটনায় মৃত এক গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** বৃহস্পতিবার সাতসকালে পথ দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যু হয়েছে এক ব্যক্তির। আহত হয়েছেন আরও দু জন। বাইসাইকেলে বাইকের ধাক্কায় ওই দুর্ঘটনাটি ঘটেছে বলে পুলিশ জানিয়েছে।

গোমতি জেলার অন্তর্গত অমরপুরের কাঁঠালবাগান এলাকায় আজ সকালে পথ দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যু হয়েছে একজনের। আহত হয়েছেন আরও দুজন। আহতদের মধ্যে একজনকে গোমতি জেলা হাসপাতালে এবং অপর জনকে আমারপুর মহকুমা হাসপাতালে ভরতি করা হয়েছে। দুর্ঘটনায় বাইসাইকেল আরোহী রতন পালের মৃত্যু হয়েছে।

পুলিশ জানিয়েছে, আজ সকালে বাইসাইকেল চালিয়ে যাচ্ছিলেন রতন পাল। একটি দ্রুতগামী বাইক এসে বাইসাইকেলে ধাক্কা দেয়। তাতে বাইসাইকেল নিয়ে ছিটকে পড়ে ঘটনাস্থলেই প্রাণ হারান রতন পাল। দুর্ঘটনার সাথে সাথে স্থানীয় লোকজন ছুটে আসেন। স্থানীয়রাই দমকল বাহিনী এবং পুলিশকে খবর দেন। দমকল বাহিনীর জওয়ানরা এসে তিনজনকে উদ্ধার করে অমরপুর হাসপাতালে নিয়ে যান। হাসপাতালে নিয়ে যাওয়া হলে রতন ☞ ৬ এর পাতায় দেখুন

## করোনা আক্রান্তদের খাবারের নয়া সূচি প্রতিদিনের আহারে বরাদ্দ ৩৮০ টাকা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** ত্রিপুরায় করোনা আক্রান্তদের জন্য নতুন খাদ্যসূচি তৈরি করা হয়েছে। তাতে প্রতিদিন জনপ্রতি করোনা আক্রান্তের খাবারের জন্য ৩৮০ টাকা খরচ করা হবে। প্রাতঃরাশ থেকে শুরু করে রাতের খাবারের জন্য ওই মূল্য নির্ধারণ করেছে স্বাস্থ্য দফতর।

স্বাস্থ্য অধিকর্তা আজ এক নির্দেশিকা জারি করে বলেছেন, প্রতিদিন সকাল ৮টায় করোনা আক্রান্তদের প্রাতঃরাশ দেওয়া হবে। তার জন্য ৪৫ টাকা বরাদ্দ করা হয়েছে। প্রতিদিন খাবারের মেন্যু পরিবর্তন হবে। তাতে পরোটা, ওমলেট, পুরি সবজি, পোহা, ব্রেড টোস্ট ইত্যাদি মিলবে। প্রতিদিন প্রাতঃরাশ এবং বিকেলের হাল্কা খাবারের সাথে চা থাকবে। দুপরের আহারে ডিম, পানির, মাংস নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে সপ্তাহে ৩ দিন ডিম, ২ দিন পনির এবং ২ দিন মাংস পাতে পড়বে। তাছাড়া, সবজি, জাল, ভাজাও থাকছে। দুপুরের আহারের জন্য ১৭০ টাকা বরাদ্দ করা হয়েছে।

করোনা আক্রান্তদের সু-স্বাস্থ্যের সম্পূর্ণ খেয়াল রেখেছে ত্রিপুরা সরকার। প্রতিদিন বিকেল সাড়ে চারটায় রোগীদের ফল দেওয়া হবে। বিভিন্ন রকমের ফলের জন্য ৩৫ টাকা বরাদ্দ করেছে দফতর। এছাড়া, বিকেলের হাল্কা খাবারের জন্য ১৫ টাকা বরাদ্দ করা হয়েছে। তাতে, শুধু চা এবং বিস্কুট দেওয়া হবে। তবে, রাতের আহারে কোনওদিনই আমিষ দেওয়া হবে না। রাতে তুলনামূলক হাল্কা খাবারের লক্ষ্যে শুধু নিরামিষ পদ রাখা হয়েছে। এক্ষেত্রে পনির, কোফতা, সোয়াবিনের সাথে বিভিন্ন সবজি এবং ডাল ও ভাজা পাতে পড়বে। রাতের আহারের জন্য ১১৫ টাকা বরাদ্দ করা হয়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

## আজ রাজ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর ভার্চুয়াল রেলি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** এই প্রথম ত্রিপুরায় ডিজিটাল মাধ্যমকে ব্যবহার করে রাজনৈতিক রেলির আয়োজন করেছে বিজেপি। মোদী সরকারের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে ওই রেলির আয়োজন করা হয়েছে। তাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী জি কিষাণ রেড্ডি দলের কর্মকর্তাদের উদ্দেশ্যে ভাষণ দেবেন। করোনা-র প্রকোপে তিন মাস ধরে রাজনৈতিক ক্রিয়াকলাপ বন্ধ রয়েছে। অতিমারি পরিস্থিতিতে এই রেলি স্বাভাবিকভাবে দলীয় কর্মী-সমর্থকদের টনিক দেবে বলে মনে করা হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী নয়াদিল্লি থেকে ভার্চুয়াল রেলি-তে ত্রিপুরার কর্মকর্তাদের সম্বোধন করবেন। বিকেল ৪টা থেকে ওই ☞ ৬ এর পাতায় দেখুন

## বদলি রুখতে দৌঁড়ঝাপ বন আধিকারীকের

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১১ জুন।।** অজ্ঞাত কারণে আটকে রোইলো শান্তির বাজার মহকুমা বন আধিকারিকের বদলির অর্ডার। বিগত কিছুদিন আগে শান্তির বাজার মহকুমা বন আধকারিকের বদলির অর্ডার আসলেও কোনো এক অঞ্জাত শক্তির কারনে এই অর্ডারটি আটকে রয়েছে। জানা যায় শান্তির বাজার বনদপ্তরের আধিকারিক কতৃক নানান দুর্নীতির জন্য অন্যরা দায়িত্ব নিতে চাইছেনা। বন আধিকারিকের সুপারিশে সৌন্দর্য্যায়নের নামে প্রায় ১৩ লক্ষ টাকার কাজ হয়েছে যার গুনমান ☞ ৬ এর পাতায় দেখুন

## লকডাউন লাগু করে কন্টেইনমেন্ট জোনে নজরদারি চললে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসবে ঃ আইসিএমআর

**নয়াদিল্লী, ১১ জুন (হিঃস)।।** দেশে করোনার গোষ্ঠী সংক্রমণ হয়নি বলেই দাবি করল ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর)। বৃহস্পতিবার আইসিএমআরের তরফে বলা হয়েছে, 'ভারত গোষ্ঠী সংক্রমণ পর্যায়ে নেই। আমাদের নমুনা পরীক্ষা এবং সংস্পর্শে আসা লোকদের খুঁজে যেতে পারে এমন উপযুক্ত নজরদারি বজায় রাখতে হবে, কনটেনমেন্ট কৌশল রূপায়ণ করতে হবে। কোনওভাবেই রাশ আলগা করা যাবে না।'

ভারতে দিনে দিনে যেন আরও নিজের রাজত্ব বিস্তার করছে করোনা ভাইরাস, গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে ওই রোগে আক্রান্ত হলেন ৯,৯৯৬ জন, মৃত্যু হল ৩৫৭ জনের। এর ফলে সব মিলিয়ে প্রায় ২, ৮ লক্ষ মানুষ আক্রান্ত কোভিড- ১৯ এ। সারা ভারতে ৮,০০০ এরও বেশি মানুষের মৃত্যু হয়েছে ওই রোগে। গত কয়েকদিন গড়ে নয়-দশ হাজার ছুঁয়েছে দিনপিছু সংক্রমণ। স্বভাবতই দেশে গোষ্ঠী সংক্রমণ শুরু হয়েছে কিনা, তা নিয়ে বিভিন্ন মহলে জল্পনা চলছিল। তাও গোষ্ঠী সংক্রমণ পর্বে নেই ভারত। বৃহস্পতিবার এমন দাবি করল কেন্দ্র। ২৪ ঘণ্টার বিচারে সবচেয়ে বেশী সংক্রমণ দেখেছে দিল্লি-মুম্বই। স্বাস্থ্য মন্ত্রকের পরিসংখ্যানে তেমনটাই উল্লেখ। পাশাপাশি কেন্দ্রের দাবি, দেশব্যাপী ধাপে ধাপে চলা লকডাউন কার্যকরী করায় কমানো গিয়েছে সংক্রমণের গতি। দেশের ৮৩টি জেলায় সংক্রমণের হার মোট জনসংখ্যার এক শতাংশেরও কম। আইসিএমআর-এর ডিজি বলরাম ভার্গব বলেছেন, 'গোষ্ঠী সংক্রমণ নিয়ে একটা বিতর্ক তৈরি হয়েছে। কিন্তু হু ☞ ৬ এর পাতায় দেখুন

## পরপর পাঁচদিন, মধ্যবিত্তের চিন্তা বাড়িয়ে ফের মহার্ঘ্য পেট্রোল-ডিজেল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** কমছে না, বরং রোজই বেড়েই চলেছে পেট্রোল ও ডিজেলের দাম। এই নিয়ে পরপর পাঁচ-দিন, রবিবার, সোমবার, মঙ্গলবার, এবং বুধবারের পর বৃহস্পতিবারও মহার্ঘ্য হল জ্বালানি তেল। পেট্রোল ও ডিজেলের মূল্য বৃদ্ধি ঘটছে প্রতিদিন। বৃহস্পতিবার পেট্রোলের মূল্য রয়েছে ৭৪ টাকা ৮ পয়সা। অন্যদিকে ডিজেলের মূল্য রয়েছে ৬৭ টাকা ৫১ পয়সা। শেষ পাঁচ দিনে ধাপে ধাপে বাড়ছে পেট্রোল- ডিজেলের মূল্য। বিগত ৫ ধাপে পেট্রোলের মূল্য বেড়েছে ২ টাকা ৭০ পয়সা এবং ডিজেলের মূল্য বেড়েছে ২ টা ৬০ পয়সা।



এই মূল্য আগামী দিনে আরো বারতে পারে বলে আশঙ্কা রয়েছে পেট্রোল পাম্প কর্মীদের। ধারাবাহিক ভাবে মূল্য বৃদ্ধিতে সমস্যায় পড়েছেন যান চালকেরা। রাজধানীর দুর্গা বাড়ির পেট্রোল পাম্পের এক কর্মী জানান গত ৪ মে পেট্রোলের মূল্য বেড়ে হয়েছিল ৭১ টাকা ৩৮ পয়সা। এরপর জুন মাসের ৭ তারিখ থেকে বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন বেড়েছে মূল্য। ৭ জুন পেট্রোলের মূল্য ছিল ৭১ টাকা ৯৮ পয়সা, ৮ জুন ৭২ টাকা ৫৫ পয়সা, ৯ জুন ৭৩ টাকা ৯ পয়সা, ১০ জুন ৭৩ টাকা ৪৮ পয়সা, ১১ জুন দাড়ায় ৭৪ টাকা ৮ পয়সা। অন্যদিকে ডিজেলের মূল্য ৭ জুন ছিল ৬৫ টাকা ৪৭ পয়সা, ৮ জুন ৬৬ টাকা ১ পয়সা, ৯ জুন ৬৬ টাকা ৫৪ পয়সা, ১০ জুন ৬৬ টাকা ৯৬ পয়সা, ১১ জুন বেড়ে দাড়ায় ৬৭ টাকা ৫১ পয়সা।



জাগরণ
আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা ২৩৯ ▫ ১২ জুন ২০২০ ইং ▫ ২৯ জ্যৈষ্ঠ ▫ শুক্রবার ▫ ১৪২৭ বঙ্গাব্দ

## দায়িত্ববোধের পরীক্ষা

সৃষ্টির অন্যতম সম্পদ মানব সম্পদ। ক্রম বিবর্তনের মধ্য দিয়েই মানবসম্পদ বর্তমান উন্নততর পরিস্থিতিতে উন্নীত হইয়াছে। মানবসভ্যতাকে আরো উন্নততর করিবার নিরন্তর প্রয়াস চলিয়াছে। এর দায়িত্ব গ্রহণ করিতে হইবে মানব সভ্যতাকেই। সভ্য সমাজ ব্যবস্থা এবং গণতান্ত্রিক ব্যবস্থায় দায়িত্ব এবং কর্তব্য পরস্পর পরস্পরের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত রহিয়াছে। একটিকে বাদ দিয়া অন্যটিকে কল্পনা করা নিতান্তই বোকামি ছাড়া আর কিছুই নয়। দায়িত্বের গভীরে নিহিত রহিয়াছে দায়-দায়িত্ব। শুধুমাত্র শব্দের ঝলকানি নয়, তাহা ধারণাতেও পরিস্ফুটিত হইতে হইবে। দায়িত্ববোধ জোরদার হইলেই দায়িত্ব জ্ঞান পাকাপোক্ত হইতে পারে। সমাজে বা জনজীবনে কোন ধরনের সমস্যা দেখা দিলে সমাজকেই দায়িত্ববোধের পরীক্ষা দিতে হয়। সংকট যত কঠিন পরীক্ষাও ততই কঠিন হইয়া উঠে। ভয়ঙ্কর করোনা ভাইরাস সংক্রমণ গোটা পৃথিবী জুরিয়াই মানব সমাজকে অগ্নিপরীক্ষায় ফেলিয়াছে। দেশের উত্তর-পূর্বাঞ্চলের ছোট্ট রাজ্য আমাদের ত্রিপুরাও অনিবার্যভাবে পরীক্ষার্থীর আসনে আসলে বসিয়াছে। এই ভয়ঙ্কর সংক্রমণ ও তাহার মোকাবেলার কাহিনীতে উত্তরোত্তর একটি কথা স্পষ্ট হইতে স্পষ্টতর তাহা হইল -রাষ্ট্র, শিল্প বাণিজ্য সংস্থা, বেসরকারি সংগঠন, নাগরিক সমাজ, পরিবারই কোন প্রতিষ্ঠান তার দায় অস্বীকার করিতে পারে না। এই সত্য মনে রাখা দরকার যে, সমস্ত স্তরের সমস্ত প্রতিষ্ঠান এর দায়িত্ববোধের প্রথম শর্ত ব্যক্তিগত দায়িত্ববোধ। সমস্ত স্তরেই এই ব্যক্তি ও প্রতিষ্ঠান আপন দায় মানিলে তবেই দায়িত্ব পালনের যথেষ্ট তাগিদ তৈরি হইতে পারে। অথচ পরিতাপের বিষয় হইল সেই দায় এড়াইবার প্রবণতাই এই দেশে নানাভাবে প্রকট হইয়া উঠিতেছে। রাষ্ট্রের দায়ভার, অগনন কথা ও কাহিনী প্রতিনিয়ত প্রচার হইতেছে। একথা অনস্বীকার্য যে রাষ্ট্র আপন দায় স্বীকার না করলে গণতন্ত্র ব্যর্থ। রাষ্ট্রকে তাহার দায় স্বীকার করিতে বাধ্য করিতে না পারিলে গণতন্ত্রের অক্ষমতাই প্রমাণিত হইবে। অতিমারির বিরুদ্ধে লাগাতার লড়াইয়ে ব্যক্তি এবং সমাজের দায়িত্ববোধ এবং দায়িত্ব জ্ঞান এর মূল্য অপরিসীম। সেই দায়িত্ববোধের দুইটি মাত্রা রহিয়াছে। তাহা হইল সহমর্মিতা এবং সংযম। বিপন্ন মানুষের পাশে দাঁড়াইবার দায় স্বীকার করিয়া প্রয়োজনীয় কর্মকান্ডে উদ্যোগি হইবার দায়িত্ব পালন করা অত্যন্ত জরুরী। বলিতে দ্বিধা নাই যে এই কাজে বহু মানুষ ব্যক্তিগত ও সাংগঠনিক উদ্যোগে ঝাপাইয়া পড়িয়াছেন। বিপন্ন মানুষের পাশে দাঁড়াইয়া রীতিমতো নজির স্থাপন করিয়াছেন বিভিন্ন সংগঠন ও ব্যক্তিবর্গ। এই ধরনের কাজকর্মকে তাহারা আপন সামাজিক দায়িত্ব বলিয়া স্বীকার করিয়াছেন।

নাগরিকদের আত্মসংযম গোটা পৃথিবী, আমাদের দেশ, আমাদের রাজ্য এবং সমাজ ব্যবস্থাকে যেকোন ধরনের বিপদ ও বিপর্যয়ের হাত থেকে রক্ষা করিতে পারিবে। বর্তমানে গোটা পৃথিবীতেই করোনা ভাইরাস সংক্রমণ বিপদজনক আকার ধারন করিয়াছে। এই ভয়ঙ্কর সংকট হইতে মুক্তির একমাত্র পথ হইল সংযম। সামাজিক দূরত্ব বজায় রাখিয়া চলিতে পারিলেই এই ভয়ঙ্কর প্রবণতা হাত হইতে মানবসভ্যতা রক্ষা পাইতে পারে। বাজার হাটে, অফিস-আদালতে, জনবহুল এলাকায় ভিড় না জমাইয়া সকল জনগণকে সচেতন হইতে হইবে। এই বিষয়ে একদিকে যেমন সরকারকে নিজ দায়িত্ব পালন করিতে হইবে, ঠিক তেমনি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, সমাজসেবী সংস্থা এবং দায়িত্বশীল শুভবুদ্ধি সম্পন্ন জনগণকে দায়িত্ব পালন করিতে হইবে। এই দায়িত্ববোধই হোক বর্তমান সংকট জনক পরিস্থিতিতে প্রতিটি মানুষের সংকল্প।

# কেন করোনাকে দিল্লি ও মুম্বই থেকে নির্মূল করা জরুরি

**রবীন্দ্র কিশোর সিনহা**

নয়াদিল্লি, ১০ জুন (হি. স.): করোনার ভাইরাস সংক্রমণকে পরাস্ত করতে লকডাউনের পরে, বাজার-অফিস এবং অন্যান্য ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলি ধীরে ধীরে বাধ্য হয়ে কাজ করতে শুরু করেছে। তবে তার গতি অত্যন্ত ধীর। এটা হওয়ারই ছিল। বিশ্বব্যাপী মহামারী ধরা পড়ার কারণে সাধারণ মানুষের আয় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। তাই ধীরে ধীরে পরিস্থিতি স্বাভাবিক হবে।অতএব, দিল্লি, মুম্বই, পাটনা, লখনউয়ের বাজারগুলির নীরবতা দেখে যারা দুঃখ পেয়েছেন তাদের কিছুটা ধৈর্য ধরতে হবে।লকডাউন শেষ মানেই সকাল ৯ টা থেকে রাত ১০ টা পর্যন্ত বড় বাজারগুলির চমক ফিরে আসবে সেটা আশা করা ঠিক নয়।বাজারে কষ্ট করেই দশ শতাংশ ক্রেতার দেখা পাওয়া যাচ্ছে।এই সংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পাবে। মানুষের উপার্জন শুরু হওয়ার সঙ্গে সঙ্গে পরিস্থিতি আরও উন্নতি হতে থাকবে। তবে বাজারগুলির নীরবতার জন্য যারা জ্ঞানবান তাদেরও বাজারে যেতে হবে। মুখে একটি মাস্ক পরতে হবে।এছাড়াও, সামাজিক দূরত্বের দিকে মনোযোগ দিতে হবে।

প্রধানমন্ত্রী এটির জন্য খুব ভাল 'দুই গজের' দূরত্বের ব্যবহারের কথা বলেছেন। অর্থাৎ দূর থেকে মেলামেশা করো।সামাজিক দুরত্ব নিয়ে এখনও গড়িমসি হচ্ছে। দিল্লি এবং মুম্বইয়ের মতো মহানগরীতে শিক্ষিত লোকেরাও খুব গাফিলতি করছেন সামাজিক দূরত্বের প্রসঙ্গে। তারা সকালে মাস্ক না পরে পার্কে এবং বাজারে হাঁটছেন। তারা সামাজিক দূরত্ব বা 'দুই গজ' এর জন্য প্রয়োজনীয়তায় মনোযোগও দিচ্ছে না। মহারাষ্ট্রে করোনার রোগীর সংখ্যা এখন ৮০ হাজারেরও বেশি। সেখানে পরিস্থিতি পর্যবেক্ষণ করা দরকার। মুম্বইকারদের অবশ্যই করোনার আক্রমণ থেকে নিজেদের রক্ষা করতে হবে। তবে তারা সকালে মেরিন ড্রাইভে বেরোতে শুরু করেছে যেন সবকিছু স্বাভাবিক হয়ে গেছে। কয়েক লাখ মুম্বইকারকে মেরিন ড্রাইভে মাস্ক পরে হাঁটতে দেখা যায় তবে সামাজিক দূরত্বের নিয়ম মানছেন না। মহারাষ্ট্র সরকার এখন সৈকত বরাবর এলাকায় সকাল ৫ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত বাড়ি থেকে বের হওয়ার অনুমতি দিয়েছেন।

তবে লোকদের দুটি গজের দুরত্ব কঠোরভাবে অনুসরণ করা উচিত। দেখুন, করোনাকে পরাভূত করার জন্য, আমাদের লড়াই তখনই একটি বড় সাফল্য পাবে যখন আমরা এটি দিল্লি এবং মুম্বই থেকে নির্মূল করতে পারব। এই দুটি মহানগর দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।একটি দেশের রাজধানী, অন্যটি অর্থনৈতিক রাজধানী। দিল্লিতে দু " শতাধিক দেশের দূতাবাস এবং হাই কমিশন রয়েছে। হাজার হাজার কূটনীতিকও এখানে বাস করেন।এ ছাড়া দিল্লি সংলগ্ন গুরুগ্রামে দশ হাজারেরও বেশি জাপানি, চীনা ও দক্ষিণ কোরিয়ার নাগরিক বাস করেন। সুতরাং আমাদের তাতণিকভাবে দিল্লি এবং এর আশেপাশের শহরগুলিতে করোনার বিষ নির্মূল করতে হবে। এ জন্য, কেন্দ্রীয় এবং রাজ্য সরকারগুলি এক সাথে কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সংকটে, আমাদের অন্যের বিরুদ্ধে অভিযোগ করা বন্ধ করে দিতে হবে।

দিল্লির পরিস্থিতি আরও খারাপ করার জন্য তাবলিগী জামায়াত এবং তারপরে রাস্তায় পরিযায়ী শ্রমিকদের দায়িত্বজ্ঞানহীন অনেকাংশে দায়ী। তাবলিগী জামায়াতের দায়িত্বজ্ঞানহীন ব্যক্তিরা প্রথম থেকেই দিল্লিকে সমস্যায় ফেলেছিল। দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত। এর মধ্যে, এখন আমাদের সামনের দিকে এগিয়ে যাওয়ার কথা ভাবতে হবে। তদনুসারে, কৌশলটি সিদ্ধান্ত নিতে হবে যাতে করোনার ভাইরাস পরাজিত হয়। যদি আমরা মুম্বইয়ের কথা বলি তবে ভারতের অর্থনৈতিক অগ্রগতির পথ এখান থেকেই উঠে আসে। মুম্বই স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত প্রায় ৭০ শতাংশ কোম্পানির মুম্বইতে তাদের প্রধান কার্যালয় রয়েছে। দেশের শীর্ষস্থানীয় শিল্পপতিরাও মুম্বইয়ে থাকেন। আমি যখন মুম্বই সম্পর্কে কথা বলি তখন মহারাষ্ট্র আমার কাছেও গুরুত্বপূর্ণ। সর্বোপরি, মুম্বই মহারাষ্ট্রের রাজধানী।এটি দেশের সর্বাধিক বানিজ্য শিল্প রাজ্যও। নব্বইয়ের দশকে শুরু হওয়া অর্থনৈতিক উদারকরণের সুযোগ নিয়ে মহারাষ্ট্র তার জিডিপিকে শক্তিশালী করেছিল এবং বর্তমানে জিডিপির দিক থেকে মহারাষ্ট্র শীর্ষস্থানীয় রাজ্য। মহারাষ্ট্রের জিডিপির আকার পাকিস্তানের জিডিপির চেয়ে বেশি?

আসলে, দিল্লি-মুম্বাই মহানগরও একরকমভাবে এক মিনি ভারত। তাদের মধ্যে প্রায় পাঁচ কোটি মানুষ বসবাস করছেন।এই সংখ্যাটি কিছুটা বেশি বা কম হতে পারে। কারণ উপ-শহরগুলি থেকেও প্রচুর লোক আসছেন। এই দুই শহরে করোনা সংক্রমন হ্রাস করতে হবে। এটি সম্ভব যদি দিল্লি-মুম্বইয়ের লোকেরা জরুরি কাজ বাদে বাড়ি থেকে না বেরোন। কখনই মাস্ক পরতে না ভুলেন এবং দুটি গজের দুরত্ব মেনে চলেন। এই সব খুব কঠোর শর্ত নয়। তারা যদি এই দিক দিয়ে সততা প্রদর্শন করে তবে তা হয়ে যাবে। এই উভয় জায়গায় করোনাকে পরাজিত করা দেশ এবং বিশ্বে একটি ভাল ইতিবাচক এবং অর্থপূর্ণ বার্তা প্রেরণ করবে। আরও একটি বিষয় গুরুত্বপূর্ণ। করোনার যুগের পরে, অনেকগুলি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হচ্ছে। এগুলি দেখায় যে করোনায় আক্রান্ত রোগীরা হাসপাতালে স্থান পাচ্ছেন না। তারা ঘুরে বেড়াচ্ছে। এর কতটা সত্য তা তদন্ত করা দরকার। কারণ যে কেউ যে কোনও কিছু সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল করতে পারে। তবে, যেসব বেসরকারী হাসপাতালগুলি রোগীদের নিপীড়ন করছে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া প্রয়োজন. ।বেসরকারি হাসপাতাল সম্পর্কিত সংবাদপত্রে এমনও খবর পাওয়া যায় যে সেখানে করোনায় আক্রান্ত রোগীদের নামে বিশাল বিল তোলা হচ্ছে। এই অবস্থা অবিলম্বে বন্ধ করা উচিত। এটি সত্যিই হতাশাব্যঞ্জক পরিস্থিতি যে অর্থ উপার্জনের লোভের কারণে কিছু হাসপাতালের হৃদয় পাথর হয়ে গিয়েছে।তাদের ভিতরে থাকা ব্যক্তি মারা গেছেন। সর্বোপরি, সরকার কেন মানবতার এই শত্রুদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিলম্ব করছে? এটি সব সরকারের পরীক্ষাও। করোনা ও মানুষের রক্ত চোষাদের মেরুদন্ড ভেঙে দিতে হবে।

(লেখক রাজ্যসভার প্রাক্তন সাংসদ)

# নির্মমভাবে নিহত ফ্লয়েড বর্ণবাদের শিকার

**ড. রতন ভট্টাচার্য**

৪৬ বছর বয়সী সাড়ে ছ'ফুট দীর্ঘকায় বাস্কেটবল প্রিয় আফ্রো-আমেরিকান জর্জ ফ্লয়েড হত্যার ঘটনায় একের পর এক ঘটনা সামনে আসছে। এই হত্যাকাণ্ডের বিরুদ্ধে প্রতিবাদে উত্তাল মার্কিন যুক্তরাষ্ট্র। এটা ঠিক, আমেরিকায় বর্ণবাদ আগের চেয়ে অনেক কম, এবং বর্ণবাদের বিরুদ্ধে প্রতিবাদ আগের চেয়ে অনেক বেশি। গত এক সপ্তাহের আমেরিকায় বর্ণবাদের বিরুদ্ধে বিক্ষোভ ও তাই জানান দিচ্ছে। এটি সাদা বা কালোদের বিক্ষোভ হিসেবে দেখা যাচ্ছে না, সারা দেশের প্রতিটি শহরে সাদা, কালো মানুষ পাশাপাশি হাঁটছেন। মার্টিন লুথার কিং-এর হত্যার পর বর্ণবাদ নিয়ে বড় ধরনের ঘটনা হিসেবে দেখা হচ্ছে। ১৯৬৪ সালে যখন আমেরিকায় কালোদের জন্য নাগরিক অধিকার আইন আর ১৯৬৫ সালে যখন ভোটাধিকার আইন তারা মানবে না। তখন কালোদের নেতা মার্টিন লুথার কিং বলেছিলেন, আইন করে কারও কাছ থেকে ভালোবাসা আদায় করা যায় না ঠিকই, কিন্তু তার নিপীড়ন থেকে আইন করে কারও কাছ থেকে ভালোবাসা আদায় করা যায় না ঠিকই, কিন্তু তার নিপীড়ন থেকে আইন আমাকে বাঁচাতে পারে। ৫৬ বছর আগে আইন তো হয়েছে। ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত শ্বেতাঙ্গদের গোপন সন্ত্রাসী দল কু ক্লাক্স ক্লান (কে কে কে) কৃষ্ণাঙ্গদের নিপীড়ন চালাতো। শ্বেতাঙ্গ আধিপত্যে বিশ্বাসী ও সন্ত্রাসী সংগঠন কৃষ্ণাঙ্গ মানবাধিকার কর্মী, কমিউনিস্ট ও আফ্রিকান -আমেরিকানদের হত্যা করতো। তাদের পথ থেকে তুলে নিয়ে গাছের ডালে রশিতে ঝুলিয়ে দিয়ে আনন্দ করতো, না হয় জ্যান্ত কালো মানুষকে গায়ে পেট্রোল ঢেলে আগুন দিয়ে পথে ফেলে দিয়ে চলে যেতো। কু ক্লাক্স ক্লান -এর নিপীড়ন এখন বন্ধ হয়নি। কায়েমি স্বার্থ প্রয়োজনে তাদের সক্রিয় করে।

১৮৫০ সালে আমেরিকার হ্যারিয়েট বিচার স্টো 'আঙ্কেল টমস কেবিন' নামে একটি বই লিখেছিলেন, এতে দক্ষিণের দাসদের উপর কী অত্যাচার হতো তার নির্মম বর্ণনা আছে। এই বইটি দাসপ্রথা বিলুপ্তির অনুকূলে জনমত সৃষ্টি করেছিলেন এবং ১৮৬০ সালের নির্বাচনে আব্রাহাম লিংকন প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি প্রেসিডেন্ট নির্বাচিত হলে দাসপ্রথা বিলুপ্ত করবেন। আব্রাহাম লিংকন ১৮৬০ সালে প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর দক্ষিণের ১১ রাজ্য স্বাধীনতার ঘোষণা করে বসে। শুধু যে দাসপ্রথার বিলুপ্তির প্রস্তাব তারা পৃথক হতে চেয়েছিল তা নয়, উত্তরের শিল্প উন্নত রাজ্যগুলোর সঙ্গে আর্থিক বিষয়ে মতানৈক্য ছিল তাদের। আব্রাহাম লিংকন দৃঢ়তার সঙ্গে এই গৃহযুদ্ধ মোকাবিলা করেন এবং দক্ষিণের রাজ্যগুলো পরাজিত হলে ১৮৬৫ সালের গৃহযুদ্ধের অবসান হয়। লিংকন দাসপ্রথা বিলুপ্ত করে দেন। কাগজে কলমে ১৮৬৫ সাল থেকে দাসপ্রথা আর নেই। এরই মধ্যে কালোদের সন্তান বারাক ওবামা দুই দুইবার আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। বারাক ওবামার বিজয় অনেক সাদাদের মধ্যে হৃৎকম্প সৃষ্টি করেছিল। ২০১৬ সালের নির্বাচনে সাদারা একজোট হয়ে বর্ণবাদী এক ব্যবসায়ী ডোনাল্ড ট্রাম্পকে প্রেসিডেন্ট নির্বাচিত করে। কিন্তু আফ্রো আমেরিকানদের উপর শ্বেতাঙ্গদের অত্যাচার বন্দ হয়নি। একটা আনুমানিক হিসাব অনুযায়ী আমেরিকায় প্রতি বছর পুলিশের হাতে মারা যায় ১২০০ ব্যক্তি। এর অধিকাংশই আফ্রো -আমেরিকান। কিন্তু ৯৯ শতাংশ ঘটনায় পুলিশের বিরুদ্ধে কোন অভিযোগ আনা হয় না। চলমান বিক্ষোভ সংহতি প্রকাশ করেছেন জাতিসংঘ মহাসচিব আন্তেনিও গুতেরেস এবং কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। পুলিসের হাঁটু দিয়ে গলা চেপে ধরা নিষিদ্ধ হয়েছে।




জর্জ ফ্লয়েড হত্যার ঘটনারজেরে গোটা বিশ্বজুড়ে বর্ণবাদের বিরুদ্ধে সরব সমর্তন জানাচ্ছে। ফ্লয়েড হ্যতার সেঙ্গ জনিত তিন পুলিশ অফিসারকে বরখাস্ত করতে বাধ্য হয়েছে ট্রাম্প সরকার। দশ লাখ জলার জরিমানায় জামিন মঞ্জুর করেছে আদালত। ২৯ জুন মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে। মিশিগান বিশ্ববিদ্যালয়ের ডা. অ্যালেসিয়া এম ইউলসন ও নিউইয়র্ক সিটির প্রাক্তন মেডিকেল পরীক্ষক ডা. মাইকেল বডেন জর্জের মৃত্যুর কারণ নিয়ে নুতন তথ্য প্রকাশ করেছেন। কেবল ডেরেক চাওভিন জর্জকে গাড়ে হাঁটু দিয়ে চেপে রাখার ফলে তার মৃত্যু হয়নি অন্য অফিসাররার তাকে চেপে ধরার কাজে সহায়তা করাও ঐ অন্যতম কারণ ছিল। তারা কেবল তার মস্তিষ্কে রক্তপ্রবাহ আটকাচ্ছিল না, তার ফুসফুসে বায়ু প্রবাহকেও রোধ করছিল। প্রতিবাদ এতে জোরালো যে চল্লিশটা শহরে কার্ফু জারি করতে হয়েছে ট্রাম্প সরকারকে। নিউইয়র্ক শহরেও দেখা গেছে একই চিত্র। কার্ফু কার্যকর হওয়ার পরও বিক্ষোভেকারীরা রাস্তা থেকে সরছেন না। ম্যানহাটান অঞ্চলে আগের রাতে লুটপাট ও ভাঙচুর হওয়ার ঘটনায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যথাযথ পদক্ষেপ নিতে না পারার অভিযোগ তুলে নিউইয়র্ক রাজ্যের গভর্নর অ্যান্ড্রু কয়োমো শহরের মেয়র বি ডে ব্লাসিও ও পুলিশের সমালোচনা করেছেন। গর্ভনর ইঙ্গিত দিয়েছেন যে শহরে ন্যাশনাল গার্ড মোতায়েন করতে পারেন তিনি। যুক্তরাষ্ট্রে এখন করোনা ভাইরাস নিয়ে বোসামাল অবস্থা। কোভিড-১৯ এ মৃতের সংখ্যা লাখ ছাড়িয়েছে আক্রান্ত ১৮ লাখের ওপরে। এর মধ্যে ৪৬ বয়সী এক কৃষ্ণাঙ্গ-আমেরিকানকে গলায় হাঁটু চাপা দিয়ে শ্বেতাঙ্গ পুলিশ মেরে ফেলায় সারা দেশে নেমে এসেছে চরম বিশৃঙ্খলা। বলা হচ্ছে, ১৯৬৮ সালে কৃষ্ণাঙ্গ নাগরিক অধিকার আন্দোলনের নেতা মার্টিন লুথার কিংয়ের হতথ্যাকাণ্ডের পর বর্ণবাদের বিরুদ্ধে এমন জনরোষ আর দেখা যায়নি মার্কিন মুল্লুকে সিংহ বিক্ষোভ দেশটিতে ছড়িয়ে পড়েছে তা নয় শুধু, এই করোনাকালে সবকিছু উপেক্ষা করে বিক্ষোভ চলছে উন্নত দেশগুলোর বড় বড় শহরে। মার্কিন বিরোধীরা এর নামকরণ করেছে—'আমেরিকান স্প্রিং' বা আমেরিকান বসন্ত। চুলচেরা বিশ্লেষণ চলছে-আগামী নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে বিজয়ী হতে সাদা-কালোর এই বিভক্তি ট্রাম্পের পক্ষে কতটা সহায়ক হবে।

নাগরিক অধিকার আন্দোলনের নেতা মার্টিন লুথার কিং নিপীড়ন থেকে বাঁচার যে প্রত্যাশা করেছিলেন তাও এখনও আমেরিকন সমাজে পূরণ হয়নি, ভালোবাসা তো দুরের আফ্রিকান -আমেরিকানরা এক বিরাট জনগোষ্ঠী হওয়া সত্ত্বেও অনেকে নির্মমভাবে নিহত হচ্ছে জর্জ ফ্লয়েডের মত বা আরো বেশি নৃশংস ভাবে আরও বেশি গোপন। জর্জ ফ্লয়েডের নির্মমভাবে নিহেত হওয়াকে সুপরিকল্পিত ভাবে কাজে লাগিয়ে ট্রাম্পের অপশাসনে আমেরিকা কতটা বিপদের মধ্যে পড়বে এবং এটা দেখিয়ে নিজেদের অনুকূলে জনমত আনতে পারবে কি? ঘটনার আগুনে ঘি ঢেলে নির্বাচন আসার আগে আগে কৃষ্ণাঙ্গ-শ্বেতাঙ্গ বিভাজন আরও প্রকট করে তুলবে কি? সংখ্যাগরিষ্ঠ ৭২ শতাংশ শ্বেতাঙ্গদের একতরফা করে ট্রাম্পের পুনরায় নির্বাচিত হয়ে আসা বিচিত্র নয়। ভারতের গত সাধারণ নির্বাচনের আগে হিন্দু-মুসলিম বিভাজন তৈরি করে ট্রাম্পের বন্দ নরেন্দ্র মোদিও সংখ্যাগরিষ্ঠ হিন্দুদের একরোখা করে বিপুল জয় পেয়েছিলেন।

বর্ণবাদ খোদ দক্ষিণ আফ্রিকাতেই বিলুপ্ত হয়ে যায়নি আমেরিকাতে থাকবে বিস্ময়ের কি আছে? রাষ্ট্রীয়বাবে বর্ণবাদ বিলুপ্তির পরও দক্ষিণ আফ্রিকায় একটি শহর রয়ে গেছে, যা শুধুই শ্বেতাঙ্গদের জন্য বরাদ্দ। সেখানকার অধিবাসীরা সবাই শ্বেতাঙ্গ, কোনও কৃষ্ণবর্ণের মানুষ সেখানে থাকতে পারে না। শহরটির নাম ওরেনিয়া। দক্ষিণ আফ্রিকার মধ্যভাগে নর্থ কেপ প্রদেশের বিস্তৃত কারু মরুভূমির মাঝে অরেঞ্জ নদীর তীরে অবস্থিত এই ওরেনিয়া এখনও ধরে রেখেছে শ্বেতাঙ্গ শাসিত দক্ষিণ আফ্রিকার স্মৃতি। ১৯৯১ সালে প্রতিষ্ঠিত মাত্র হাজারখানেক অধিবাসীর এই শহরের সবাই শ্বেতাঙ্ক শাসিত দক্ষিণ আফ্রিকাকে বাঁচিয়ে রাখতে বদ্ধপরিকর। কোনও কৃষ্ণাঙ্গ অথবা মিশ্র বর্ণের কাউকে এই শহরে থাকা তো দূরের কথা, প্রবেস করার অনুমতিও দেওয়া হয় না। শহরের প্রশাসন থেকে শুরু করে মজুরের কাজও করে এখানকার বাসিন্দারা। নেহাত দরকার না পড়লে বাইরে থেকে কাউকে আসতে দেওয়া হয় না এখানে। সাদা কালোর এই যুদ্ধ আর তার ফলশ্রুতিতে সৃষ্ট বর্ণবাদী বৈষম্যের গোড়া পত্তন হয়েছিল দাসপ্রথার মাধ্যমে আগেই বলেছি। এখন অন্যভাবে শোষণ চলেছে তাদের উপর। কালো চামড়ার নাগরিকদের দেখলেই নির্মমভাবে হত্যার জন্য হাত নিশপিশ করতে থাকা পুলিশের নাম আবার মিডিয়াতে উঠে আসছে। এটাও ঠিক যে আফ্রো আমেরিকানরা আগের মতো নীরবে সব মেনে নিচ্ছে না। ফলে জোরদার আন্দোলন সংঘটিত হচ্ছে। বিশ্বের মানবতাবাদী সংস্থা আর অন্য দেশের মানুষরাও এগিয়ে এসে সমর্থন জানাচ্ছে। এটাই আশার কথা। ইতিহাসের দিকে তাকালে মনে হবে আমেরিকানরাই সবচেয়ে বর্ণবাদী। কিন্তু একটু গভীরভাবে ভাবলে দেখা যাবে আমেরিকানদের চেয়ে ঢের বেশি বর্ণবাদী ইউরোপীয়রা আর আমরা ভারতীয়রা। ত্বক ফর্সা করার ক্রীম কেনার উন্মাদনা ছোট ঘটনা কিন্তু ছোট করে দেখার ব্যাপার নয়। এই সাদা কালোর পাগলামোতে হারিয়ে যাচ্ছে আমাদের মানবিকতাও। বর্ণবাদ থেকেও বর্ণবাদী আচরণ বেশি ভয়ঙ্কর। যোগ্যতা দিয়ে কালো কিছু মানুষ সাদাদেরও সুপার স্টার হতে পেরেছেন বারাক ওবামা, নেলসন ম্যান্ডেলা, মাইকেল জ্যাকসন, পেলে গোটা বিশ্বের সমীহ আদায় করে নিতে পেরেছে। আফ্রো আমেরিকানরা সঙ্গীত দিয়ে ঘুচিয়ে দিয়েছিল শ্বেতাঙ্গদের সাদা চামড়ার মিথ্যে অহংকার। কৃষ্ণাঙ্গ মানুষদের 'নিকৃষ্ট মানুষ' কিংবা 'সবাক জীবন' হিসেবে দেখা দৃষ্টিভঙ্গিও সে সময় থেকেই ইউরোপীয় মননে দৃঢ়ভিত্তি লাভ করে। কালো মানুষের ওপর সবরকমের নৃশংসতা এই দৃষ্টিভঙ্গির শেকড় এতটাই গবীরে প্রোথিত যে, এখনও এর অবসান হয়নি। উনিশ শতকে দাসপ্রথারদ হলেও কয়েকদশক আগে পর্যন্তও যুক্তরাষ্ট্র কৃষ্ণাঙ্গ মানুষদের প্রতি বিদ্বেষ ও বৈষম্যমূলক বিধিব্যবস্থা প্রাতিষ্ঠানিকভাবেই কার্যকর ছিল। বহু জায়গায় লেখা থাকত 'কুকুর ও কৃষ্ণাঙ্গ প্রবেশ নিষেধ'।

কৃষ্ণাঙ্গ হলে 'যে কোনও সময় আপনার মৃত্যু হতে পারে, জেলে যেতে পারেন বা জরিমানা গুনতে হতে পারে। রোজকার জীবনে এ ভীতি মজার বিষয় নয়'। যুক্তরাষ্ট্রে ব্যুরো অব জাস্টিস স্ট্যাটিসটিকস জানায়,২০০৩ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত গ্রেফতার সংক্রান্ত ২ হাজার ৯৩১ টি হত্যার ঘটনা ঘটেছে। নিহতরা বেশির ভাগই পুরুষ এবং তাঁদের বয়স ২৫ থেকে ৪৪ বছরের মধ্যে। নিহতাদের ৩২ শতাংশ কৃষ্ণাঙ্গ। যদিও মোট জনসংখ্যার মাত্র ১৩ শতাংশ কৃষ্ণাঙ্গ। বৈষম্য ও নির্যাতনের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গ মানুষদের আন্দোলন সবরকম বৈষম্য নিপীড়নবিরোধী আন্দোলনের ক্ষেত্রে এক বড় অনুপ্রেরণা। সেই আন্দোলনে নতুন ঐক্য ও পরিচয় তৈরি করেছিল যার সঙ্গে শ্বেতাঙ্গরা ও ছিলেন। অবজ্ঞা, অবহেলা, সুযোগের অভাবই যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গদের একটা বড় অংশকে সহিংসতার দিকে ঠেলে দিয়েছে। একজন কৃষ্ণাঙ্গ বাবা হওয়ার সময়ই জানতেন, ছেলেকে শেখাতে হবে, পুলশের সঙ্গে কী করে কথা বলতে হয়। আরও শেখাতে হবে, গ্রেফতার এড়ানোর ফন্দি-ফিকির। যুক্তরাষ্ট্রে মিসৌরি অঙ্গরাজ্যের ফার্গুসন শহরতলির কৃষ্ণাঙ্গদের জীবনযাপন এমনই। কৃষ্ণাঙ্গারা ফার্গুসনে গাড়ি চালাতে ভয় পান। কারণ যে কোনও সময় পুলিশ তাকে নিয়ে টানাহেঁচড়া শুরু করতে পারে। বিচার বিভাগের দেয়া তথ্য মতে শ্বেতাঙ্গদের তুলনায় কৃষ্ণাঙ্গ ও হিসপানিকদে ট্রাফিক তল্লাশির সময় অন্তত নি ভাগ বেশি থামানো হয়। প্রতি তিনজন আফ্রিকান আমেরিকানের মধ্যে অন্তত একজনকে জীবনে একবার হলেও জেলে যেতে হয়। শ্বেতাঙ্গ সহপাঠীদের কাছ থেকে হয়রানির শিকার হয় কৃষ্ণাঙ্গ স্কুল শিক্ষার্থীরাও।

বিশ্বের বিভিন্ন দেশের জনগণ আমেরিকায় বর্ণবাদের বিরুদ্ধে মিছিলকরে কৃষ্ণাঙ্গাদের প্রতি সহমর্মিতা জানালেও বর্ণবাদী ট্রাম্পের টনক আদৌ নড়বে কিনা সে ব্যাপারে প্রশ্ন থেকেই যাচ্ছে। একটি দেশের প্রেসিডেন্টের উচিক বিভিন্ন মত ও পথের মাঝে ঐক্য প্রতিষ্ঠা করা, বিচ্ছিন্নতা সৃষ্টি করা নয়। তার ঠিক বিপরীতে ট্রাম্পের বর্ণবাদী চিন্তার ফলে আমেরিকার বিভিন্ন শহরে সংঘর্ষের ঘটনা বেড়ে যাবার আশঙ্কা রয়েছে। আট মিনিটি ছেচল্লিশ সেকেন্ড সময় আমাদের কত কি যে শিখিয়ে দিয়ে গেল ভাবলেও গা শিউরে উঠছে।

(সৌজন্যে-দৈ : স্টেটসম্যান)

# সুন্দরবনকে সুন্দর করে তুলতে প্রয়োজন সদিচ্ছা দাবি পরিবেশবিদদের

কলকাতা, ১১ জুন (হি. স.): আমফানে বিধ্বস্ত সুন্দরবন।ভয়াল এই ঘূর্ণিঝড়ের তান্ডব লীলা চালানোর পরে পেরিয়ে গিয়েছে ২০ দিনের বেশি সময়। তবু এখনও ক্ষত মিলিয়ে যায়নি। সুন্দরবনের প্রাকৃতিক ভারসাম্য পুনর্গঠন ও স্থানীয় জনগণকেন্দ্রিক উন্নয়নের ক্ষেত্রে সদিচ্ছা এবং সচেতনতা থাকা একান্ত প্রয়োজন বলে মনে করছেন পরিবেশবিদরা। রাজ্য পরিবেশ দফতর ও দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের প্রাক্তন মুখ্য আইন আধিকারিক ও পরিবেশবিদ বিশ্বজিৎ মুখোপাধ্যায় জানিয়েছেন, সুন্দরবনের পুনর্গঠন ও বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রাখার কাজে পরিকল্পনার অভাব লক্ষ্য করা গিয়েছে কেন্দ্র ও রাজ্য সরকারের একাধিক পদক্ষেপে। ২০০৯ সালের আয়লার ধাক্কা এখনও সামলে উঠতে পারেনি সুন্দরবন। এরপরে একে একে এসছে বুলবুল ও আমফান। ফলে এখানকার পরিবেশ ও প্রকৃতিতে বেড়েছে ক্ষত। জ্বর ও আমাশার ওষুধের মতন অতি সাধারণ মানের ওষুধের অভাব এখানে রয়েছে। করোনা রোধে চারিদিকে স্যানিটাইজিং বা শোধনের কাজ চলছে। কিন্তু সুন্দরবনের ক্ষেত্রে শোধনের কাজে ব্যবহৃত গ্যামাক্সিন পাউডারটুকুও বাইরে থেকে আনাতে হয়।

সম্প্রতি রাজ্য সরকার সুন্দরবনে পাঁচ কোটি ম্যানগ্রোভ বা বাদাবন রোপণের ঘোষণা করেছে। এ প্রসঙ্গে বলতে গিয়ে বিশ্বজিৎবাবু বলেন, নির্দিষ্ট পদ্ধতি মেনে এই কাজ করা উচিত।ইচ্ছে করলে এগুলো রোপণ করা যায় না। ম্যানগ্রোভের চারা লাগানো যায় না। জবা, গোলাপের মতো দাল পুঁতে দিলে হয় না। ম্যানগ্রোভের বীজ পুঁততে হয়। এই বীজ সুন্দরবনের নদীতে ভেসে আসে, রাজ্যের বন দপ্তর রীতিমতো লোক লাগিয়ে, মজুরি দিয়ে নদীর পাড় থেকে সেই বীজ সংগ্রহ করে। সারা বছর আবার এই বীজ পাওয়া যায় না। সাধারণত এপ্রিল থেকে জুলাই এই বীজ পাওয়া যায়। এক মরশুমে সর্বোচ্চ ২০-২৫ লাখ বীজ সংগ্রহ করা যায়। সংগৃহীত সব বীজ আবার ব্যবহার যোগ্য নয়। ম্যানগ্রোভ বীজ প্রক্রিয়ার মাধ্যমে বপন যোগ্য করে তোলা হয়।

২০১১ সালে বর্তমান সরকার শপথ নেওয়ার বছরে রাজ্যে ম্যানগ্রোভ বা বাদাবন ছিল ২১৫৫ বর্গ কিমিঃ। ২০১৯ সালের ফরেস্ট সার্ভে রিপোর্ট অনুসারে বাদাবন আছে ২১২২ বর্গ কিমিঃ।অর্থাৎ ৪৩ বর্গ কিমিঃ বাদাবন কমেছে। তাহলে ৪৩ বর্গ কিমিঃ বাদাবন কমে গেলো কি করে?

সাধারণ মানুষের দুঃখ দুর্দশার কথা ব্যক্ত করতে গিয়ে বিশ্বজিৎবাবু জানিয়েছেন, নোনা জলে ধান চাষের জন্য বিশেষ ধরনের বীজ পাওয়া যায়। সেগুলো সরবরাহ করা হলেও চাষিদের হাতে এখনও এসে পৌঁছায়নি। ছোটনাগপুর মালভূমি থেকে বহু আদিবাসী সম্প্রদায়কে ব্রিটিশ আমলে এখানে নিয়ে আসা হয়েছিল। তার মধ্যে অন্যতম হচ্ছে নাগাশিয়া উপজাতি। এদের সার্বিক উন্নয়ন আজও হয়নি। এমনকি শরীরে দেওয়ার বস্ত্রটুকু পর্যন্ত এদের কাছে নেই। সুন্দরবনে বাঁধের সমস্যা রয়েছে। ইতিমধ্যেই জলের তলায় তলিয়ে গিয়েছে কুমিরমারি দ্বীপ। বর্তমান পরিস্থিতিতে দেশি হাঁসের চাষ করা যেতে পারে।

পরিবেশবিদ সুমিতা বন্দোপাধ্যায় জানিয়েছেন, প্রকৃতির দিক দিয়ে সুন্দরবনে খুবই স্পর্শকাতর জায়গা। সেখানে জনবসতি গড়ে তোলা উচিত নয়। এতে করে সেখানকার বাস্তুতন্ত্রের ভারসাম্য নষ্ট হবে। প্রকৃতি ও জনগণের উন্নয়নের জন্য সচেষ্ট হতে হবে প্রশাসনকে। প্রয়োজন পড়লে এখান থেকে স্থানান্তর করে অন্যত্র সরিয়ে নিয়ে যেতে হবে স্থানীয়দের। সাময়িকভাবে খাদ্যশস্য ও আর্থিক সাহায্য সরবরাহ করে এই সকল মানুষের দুঃখ-দুর্দশা দূর করা যেতে পারে। কিন্তু চিরস্থায়ী উন্নয়নের কথা ভাবলে স্পর্শকাতর এলাকাগুলির থেকে জনগণকে সরিয়ে এনে অন্যত্র বসতি গড়ে তুলতে হবে। তাতেই সকলের মঙ্গল। এই কাজ প্রশাসনকে রাজনৈতিক দৃষ্টিভঙ্গির ঊর্ধ্বে উঠে করতে হবে।

বিশিষ্ট উদ্ভিদবিদ তথা শ্রীরামপুর কলেজের অধ্যাপক সুমন দত্ত জানিয়েছেন, সুন্দরবনের ম্যানগ্রোভ অভিনব। বিশ্বের কোথাও এরকম লক্ষ্য করা যায়নি। এখানকার ভূবৈচিত্র্য অনন্য।সুন্দরবনের প্রকৃতিকে আগের জায়গায় ফিরিয়ে নিয়ে যেতে হলে সেখানকার জলবায়ুতে যেসব গাছ জন্মায় তার ওপর বেশি গুরুত্ব দিতে হবে। বাইরে থেকে কোন গাছ বা কোন চারা নিয়ে গিয়ে সেখানে পুতলে হবে না। সুন্দরবনের জঙ্গলে থাকা গর্জন গাছ, গোবান গাছ, বাইন গাছ আদর্শ।



বৃহস্পতিবার সিপিআইএম এর তরফে দুঃস্থদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। ছবি- নিজস্ব।

# হাইলাকান্দির ৩৬ জন কোভিড-১৯ আক্রান্ত রোগী সুস্থ হয়ে বাড়ি গেলেন

হাইলাকান্দি (অসম), ১১ জুন (হি.স.) : হাইলাকান্দির ৩৬ জন কোভিড-১৯ আক্রান্ত রোগী সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। জেলা স্বাস্থ্য বিভাগের তরফ থেকে জানানো হয়েছে, হাইলাকান্দির সন্তোষ কুমার রায় কোভিড হাসপাতালে ১৯ জন কোভিড আক্রান্ত রোগীর সোয়াব নমুনার রিপোর্ট নেগেটিভ আসার পর তাদের হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। এছাড়া শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকে পুরোপুরি সুস্থ হয়ে ওঠার পর ১৪ জনকে ছুটি দিয়েছেন স্বাস্থ্য আধিকারিকরা। অন্যদিকে গুয়াহাটি মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন আরও ৩ জনকে ছুটি দেওয়া হয়েছে। তাঁরা সকলেই হাইলাকান্দি জেলার বাসিন্দা।হাইলাকান্দি জেলা প্রশাসনের এক বিবৃতিতে এই তথ্য দিয়ে জানানো হয়েছে, বর্তমানে শিলচর এবং হাইলাকান্দিতে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা ৪০। তাঁদের মধ্যে ৩৬ জনকে সিভিল হাসপাতালে আইসোলেশনে রাখা হয়েছে। বাকি ৪ জন শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের আইসোলেশনে রয়েছেন।ওই বিবৃতিতে আরও জানানো হয়েছে, ৩২৯ জন যাত্রী মুম্বাই থেকে বিমানে করে গুয়াহাটি পৌঁছেছিলেন। এর পর গুয়াহাটি থেকে বাসে করে গত মঙ্গলবার তাঁরা হাইলাকান্দি জেলার ধলেশ্বরী এসে পৌঁছেন। সেখানে তাঁদের স্ক্রিনিং করা হয়েছিল। সোয়াব সংগ্রহ করে যাত্রীদের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন এবং হোম কোয়ারেন্টাইনে পাঠানো হয়েছে। বর্তমানে ১০৯৪ জনকে ২০টি প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন শিবিরে রাখা হয়েছে। ৮৫৭ জনকে হোম কোয়ারেন্টাইনে পাঠানো হয়েছে। ৭৭ জনকে বুধবার প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন শিবির থেকে নিজের বাড়িতে কোয়ারেন্টাইনে পাঠিয়েছেন হাইলাকান্দি জেলা স্বাস্থ্য আধিকারিকরা।

উল্লেখ্য, হাইলাকান্দিতে এখন পর্যন্ত ২,৭৩৮ জনের সোয়াব সংগ্রহ করা হয়েছে। তার মধ্যে ১,৮৬৮ জনের নমুনা নেগেটিভ এসেছে। ৭৫৪ জনের নমুনার রিপোর্ট এখনও আসা বাকি। আজ নতুন কোনও পজিটিভ কেস ধরা পড়েনি। বর্তমানে সক্রিয় করোনা আক্রান্তের সংখ্যা ৭৬। মৃত্যু হয়েছে একজনের।

# বিপিএফ ছেড়ে এআইইউডিএফ-এ যোগ ৫২ জনের, হাগ্রামার সঙ্গত্যাগ বিধায়ক ইমানুয়েলের

ওদালগুড়ি (অসম), ১১ জুন (হি.স.) : বোড়োল্যান্ড টেরিটরিয়াল এরিয়া ডিস্ট্রিক্ট (বিটিএডি)-এর অন্তর্গত ওদালগুড়িতে বড়োল্যান্ড পিপলস ফ্রন্ট (বিপিএফ) ছেড়ে বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে এআইইউডিএফ-এ যোগ দিলেন ৫২ জন। দলত্যাগীদের মধ্যে ধনশিরি ব্লকের সাংগঠনিক সম্পাদক তিকারাম যোগী এবং কার্যালয় সম্পাদক জোশ বাহাদুর ছেত্রীও রয়েছেন।

বিপিএফে যোগ দিয়ে তিকারাম যোগী বলেন, বোড়োল্যান্ড টেরিটরিয়াল কাউন্সিল (বিটিসি)-এ বিপিএফ ক্ষমতাসীন হওয়ার আগে থেকে তিনি দলের (বিপিএফ) হয়ে বহু কাজ করেছেন। তাঁর কথায়, গত ১৫ বছরে তিনি বহু তিক্ত অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন।

উল্লেখ্য, এআইইউডিএফ-এ যোগদান করে তিনি ২০১৭-১৮ সালে বিটিসিতে এএনএম নার্সের নিযুক্তি সম্পর্কে সংগঠিত দুর্নীতির বিশেষ তদন্ত দাবি করেছেন।

আজকের এআইইউডিএফ-এ যোগদান অনুষ্ঠানে বর্তমানে ৩৭ নম্বর ধনশিরি কেন্দ্রের প্রার্থী তথা বিটিসি-র প্রাক্তন কার্যনির্বাহী সদস্য মিথারাম বসুমতারিও উপস্থিত ছিলেন।

এখানে উল্লেখ করা যেতে পারে, এর দুদিন আগে বিপিএফ থেকে পদত্যাগ করেছেন তামুলপুরের বিধায়ক ইমানুয়েল মুশাহারি। তিনি বিপিএফ-এর সাধারণ সম্পাদক ছিলেন।

বিপিএফ থেকে ইমানুয়েলের পদত্যাগ দলের কাছে বড় আঘাত বলে মনে করা হচ্ছে। তবে, মুশাহারি আনুষ্ঠানিকভাবে এখনও তাঁর পদত্যাগপত্র দেননি বলে জানা গেছে।

এদিকে গতকাল (১০ জুন) তাঁকে দল না ছাড়তে অনুরোধ করেছেন বিপিএফ নেতা তথা রাজ্যসভার সদস্য বিশ্বজিত দৈমারি। প্রসঙ্গত ইমানুয়েল মুশাহারি টানা দুবার তামুলপুর আসনে প্রতিদ্বন্দ্বিতা করে বিধায়ক নির্বাচিত হয়েছেন।

প্রসঙ্গত, গত এপ্রিলের চার তারিখ বিটিসি নির্বাচন হওয়ার কথা ছিল। কিন্তু লকডাউনের পরিপ্রেক্ষিতে অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে গেছে নির্বাচন। এর পর ২৭ এপ্রিল বিটিসির মেয়াদ সম্পূর্ণ হওয়ায় এদিন মধ্যরাত থেকে বিটিসি-র প্রশাসনিক ক্ষমতা নিজের হাতে নিয়েছেন রাজ্যপাল অধ্যাপক জগদীশ মুখি। ফলে ক্ষমতাচ্যুত হন বডোল্যান্ড পিপলস ফ্রন্ট (বিপিএফ)-প্রধান তথা হাগ্রামা মহিলারি।

## পিপিই কিট পরে বিমান বন্দরে অভিনেত্রী

মুম্বই, ১১ জুন(হি. স.): সত্য সেলুকাস কি বিচিত্র এই দেশ।করোনা রোগীদের চিকিৎসার জন্য চিকিৎসকেরা, নার্স ও স্বাস্থ্য কর্মী নিজেরাই পাচ্ছে না পিপিই কিট। এই অভাব নিয়ে নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে চলেছে তারা। আর এদিকে শুধু মাত্র অর্থ বল ও পেশী বল দেখিয়ে পিপিই কিট পরেই দিল্লির বিমান ধরার জন্য মুম্বই বিমান বন্দরে এলেন বলিউড অভিনেত্রী রাকুল প্রিত সিং। মুখে মাস্ক, শরীরজুড়ে পিপিই কিট পরা অবস্থায় ছবি নিজের ইস্টাগ্রাম অ্যাকাউন্টকে পোস্টও করেছেন সেই ছবি।

ইস্টাগ্রাম পোস্টে যথারীতি নিজের এই কৃত কর্মের সাফাই দিতে গিয়ে রাকুল লিখেছেন, 'কি সময় চলে এসেছে পিপিই, মাস্ক, দস্তানা পরে বেরোতে হচ্ছে।' এদিন তার সঙ্গে বিমানবন্দরে ছিলেন অ্যাটাক ছবির পরিচালক লক্ষ্য রাজ আনন্দ। নিজের দিল্লি সফরকে দে দে পেয়ার দে ছবি নায়িকা মিশন দিল্লি হিসেবে অভিহিত করেছেন।

উল্লেখ করা যেতে পারে, যেখানে পর্যাপ্ত পরিমাণে সুরক্ষা কিটের অভাবে একাধিক চিকিৎসক, নার্স দেশের বিভিন্ন প্রান্তে প্রাণ হারিয়েছে। সেখানে নিতান্ত টাকার জোরে পিপি ই কিট পরে তার অপব্যবহার করছেন এই অভিনেত্রী।

# বাংলাদেশের প্রধানমন্ত্রীর বক্তব্যে করোনার কাছে আত্মসমর্পণের সুর:বিএনপি নেতা রিজভী

মনির হোসেন,ঢাকা,জুন ১১।।জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর দেয়া বক্তব্যে করোনাভাইরাসের কাছে 'আত্মসমর্পণের সুর ধ্বনিত হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।বৃহস্পতিবার দুপুরে নয়া পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক ভার্চুয়াল ব্রিফিংয়ে তিনি বলেন, গতকাল সংসদে সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যে যতই শক্তিশালী হোক, যতই অর্থশালী, অস্ত্রশালী হোক, কোনো শক্তিই কাজে আসছে না। করোনাভাইরাসই যেন সবচেয়ে শক্তিশালী।আপনার একজন প্রভাবশালী মন্ত্রী হুংকার দিয়ে বলেছিলেন আওয়ামী লীগ নাকি করোনার চেয়ে শক্তিশালী। সেই শক্তি গেল কোথায়?

প্রধানমন্ত্রীর বক্তব্যে এখন করোনার কাছে আত্মসমর্পণের সুর ধ্বনিত হচ্ছে। দম্ভোক্তি করে নিজেদেরকে করোনার চেয়ে শক্তিশালী ভেবে পুরো লকডাউন না দিয়ে সাধারণ ছুটি ও ক্ষুধার্ত মানুষের জনরোষ থেকে ময়ূর সিংহাসনে যাতে ধাক্কা না লাগে সেজন্য জীবন-জীবিকার প্রশ্ন উস্কে দিয়ে করোনাভাইরাসকে আমন্ত্রণ জানাতে সবকিছু উন্মুক্ত করে দেয়া হয়েছে।রিজভী বলেন,এই মুহূর্তে করোনা কালবৈশাখীর ঝড়ে বাংলাদেশ লণ্ডভণ্ড। হু হু করে আক্রান্ত ও মৃত্যুবরণের সংখ্যা বাড়ছে। গোরস্থানে লাশ দাফন করা যাচ্ছে না বলে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। তৃণমূল থেকে শুরু করে কেন্দ্রীয় নেতা ও মন্ত্রীদের আত্মীয়স্বজন পর্যন্ত কেউই এই সর্বগ্রাসী করোনার আগ্রাসনের মুখে ত্রাণ চুরি থেকে নকল মাস্কের ব্যবসাসহ হেন অপকর্ম নেই, যেটির সাথে তাদের সংশ্লিষ্টতা নেই। যার কারণে এখন করোনায় আক্রান্ত ও মৃত্যুর সর্বাধিক মাশুল দিতে হচ্ছে। ছুটি মার্কা তামাশা না করে নিশ্ছিদ্র লকডাউন ও সর্বোচ্চ টেস্ট এবং রোগী শনাক্তকরণের মাধ্যমে সংক্রমণের বিস্তার প্রতিরোধ করে করোনা থেকে মানুষকে রক্ষায় যে পদক্ষেপ নেয়া উচিত ছিল সেটা তারা করেননি।

গত ৯ জুন নড়াইলে বিএনপির রবিউল ইসলাম পলাশের বাড়িতে সশস্ত্র সন্ত্রাসীদের হামলায় পলাশ ও তার দুই বোনের গুরুতর আহত হওয়ার ঘটনার নিন্দা জানিয়ে সন্ত্রাসীদের শাস্তি দাবি করেন তিনি।

## অসম : এবার অনলাইনে, ২০ জুন থেকে উচ্চমাধ্যমিকের ভরতি

গুয়াহাটি, ১১ জুন (হি.স.) : চলতি বছরের উচ্চমাধ্যমিক তথা একাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের অনলাইনে ভরতি হতে হবে। বৃহস্পতিবার রাজ্যের শিক্ষা দফতর এক বিজ্ঞপ্তি জারি করে এবারের নতুন নিয়মের খবর দিয়েছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, চলতি শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ছাত্রছাত্রীরা তাঁদের ভরতির জন্য সেবা (সেকেন্ডারি এডুকেশন বোর্ড অব আসাম)-এর ওয়েবসাইটে একটি পোর্টাল উপলব্ধ হবে। 'অন্বেষণ' নামের এই পোর্টেলের মাধ্যমে মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভরতি হতে হবে একাদশ শ্রেণিতে। এছাড়া ভরতির ফর্ম জমা দেওয়ার পর প্রতিটি উচ্চ মাধ্যমিক স্কুল, কলেজের প্রধানশিক্ষক বা অধ্যক্ষরা ভরতির জন্য ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশ করবেন।

আগামী ২০ জুন থেকে একাদশ শ্রেণিতে ভরতির জন্য আবেদন প্রক্রিয়া শুরু হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। ৩০ জন আবেদন প্রক্রিয়ার শেষ দিন। সে অনুযায়ী ১ জুলাই প্রকাশ করা হবে বাছাইকৃত ছাত্রছাত্রীর ভরতি তালিকা।এদিকে, ১৫ জুন 'অন্বেষণ' নামের এই পোর্টেলটি উপলব্ধ হবে বলেও জানানো হয়েছে। সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলির জন্য এই পোর্টেল প্রযোজ্য বলে শিক্ষা দফতরের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

## শেল্টার হোমে করোনায় আক্রান্ত ৩৫ শিশু

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): তামিলনাড়ুর একটি শেল্টার হোম এক সঙ্গে ৩৫ জন শিশুর শরীরে করোনা সংক্রমণ মেলায় ক্ষুব্ধ দেশের শীর্ষ আদালত সুপ্রিম কোর্ট। ১৫ জনের মধ্যে তামিলনাড়ু সরকারকে এই ঘটনার জন্য জবাবদিহি করতে বলা হয়েছে।গোটা ঘটনাটি খোঁজ নিয়ে স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করেছে সুপ্রিম কোর্ট।

গোটা ঘটনার জেরে ক্ষুব্ধ বিচারপতি নাগেশ্বর রাওয়ের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ। তামিলনাড়ুর স্বাস্থ্য মন্ত্রীকে এই ঘটনার স্টেটাস রিপোর্ট পেশ করতে বলেছেন আদালত। চিলড্রেন হোমগুলিতে শিশুরা কি অবস্থায় রয়েছে এবং করোনা রোধে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অংচলগুলির কাছে রিপোর্ট চেয়েছে আদালত।প্রতিটি হাইকোর্টের জুভেনাইল জাস্টিস কমিটির কাছেও রিপোর্ট চেয়ে পাঠিয়েছে আদালত।

## করোনা জেরে সাধারণের জন্য বন্ধ করে দেওয়া হল জামা মসজিদের দরজা

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): করোনার জেরে বিধ্বস্ত দিল্লি।প্রতিদিন লাফিয়ে বাড়ছে আক্রান্তের সংখ্যা।এমন পরিস্থিতিতে সাধারণ মানুষের সুরক্ষার কথা ভেবে ৩০ জুন পর্যন্ত জামা মসজিদে সাধারণের প্রবেশাধিকারের উপর নিষেধাজ্ঞা জারি করে দেওয়া হল।

শাহী ইমাম সইদ আহমেদ বুখারী জানিয়েছেন, আজ, বৃহস্পতিবার রাত ৮ টার পর সাধারণের জন্য জামা মসজিদের দরজা বন্ধ করে দেওয়া হবে। ৩০ জুন পর্যন্ত তা বলবত থাকবে।এই সিদ্ধান্তে আসার আগে দিল্লিবাসির কাছে মতামত জানতে চাওয়া হয়েছিল। তাদের মধ্যে সিংহভাগ জামা মসজিদে করোনা পরিস্থিতিতে সাধারণের প্রবেশের উপর নিষেধাজ্ঞা বলবত এর পক্ষে সওয়াল করেছে। তাই মেনেই এই ঘোষণা করা হয়েছে। বুখারীর মতে দিল্লিতে করোনা তার মারণ খেলা খেলছে তার বড় উদাহরণ হচ্ছে মৌলানা আজাদ মেডিক্যাল কলেজ হাসপাতাল। যেখানে মর্গে মৃতদেহ উপচে পড়ছে। এইগুলি সংরক্ষণের জন্য বাড়তি রেফ্রিজারেটর আনানোর প্রস্তুতি চলছে। সরকারি পাশাপশি বেসরকারী হাসপাতালগুলিতে ও রোগীদের রাখার জায়গা নেই। এমন পরিস্থিতিতে দিল্লিবাসিকে প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে না বেরোনোর পরামর্শ দিয়েছেন তিনি।

উল্লেখ করা যায় যে, শাহী ইমামের নিজস্ব সচিব আমাতুল্লা খান সম্প্রতি করোনায় আক্রান্ত হয়ে মারা গিয়েছে। এর পর থেকেই জামা মসজিদ সাধারণের জন্য বন্ধ করে দেওয়ার পরিকল্পনা নেন তিনি।

## প্রয়াত অভিনেতা যগেশ মুকতি

মুম্বই, ১১ জুন (হি. স.) : পরিচিত টেলিভিশন অভিনেতা যগেশ মুকতি মারা গেলেন খুব অপ্রত্যাশিত ভাবেই। শোনা যাচ্ছে যে, শ্বাসকষ্ট নিয়ে মুম্বইয়ের এক হাসপাতালে ভরতি হয়েছিলেন তিনি। তবে মৃত্যুর সঠিক কারণ এখনও জানা যায়নি।

"তারক মেহতা কা উলটা চশমা", "অমিতা কা অমিত" বা "শ্রী গণেশ"-এর মতো জনপ্রিয় ধারাবাহিকে অভিনয় করেছিলেন যগেশ।বৃহস্পতিবার সহকর্মী অভিষেক ভলেরাও সোশাল মিডিয়ায় শোকপ্রকাশ করে লিখেছেন, 'রিপ যগেশ মুকতি। ওম শান্তি। ওঁর বৃদ্ধা মা ও পরিবারকে আমার সমবেদনা।'

অভিনেত্রী রঞ্জাকরও একইভাবে দুঃখপ্রকাশ করেছেন সোশাল মিডিয়ায়। খুব অপ্রত্যাশিতভাবে সময়ের অনেক আগেই চলে গেলেন যগেশ, লিখেছেন "হাসমুখী" রঞ্জাকর। হাসপাতালে ভরতির সময়ে যগেশের কোরোনা টেস্ট করানো হয়। রিপোর্ট নেগেটিভ আসে। শ্বাসকষ্টের কারণে অবস্থা খারাপ হতে শুরু করলে তাঁকে আইসিইউ-তে নিয়ে যাওয়া হয়। আর সেখানেই মৃত্যু হয় অভিনেতার।

## সাধারণ ভক্তদের জন্য বন্ধ থাকছে শরবীমালা

তিরুবনতপুরম, ১১ জুন (হি. স.): করোনা সংক্রমন যাতে ফের না ছড়িয়ে যেতে পারে সেই জন্য সতর্ক কেরল সরকার। এই কারণে শরবীমালা মন্দিরের ভেতরে ঢুকে ভগবান আয়াপ্পার দর্শন এখনই করতে পারবে না ভক্তরা।তিরুবনতপুরমের তন্ত্রী মহেশ মৌহনরু, দেবস্থান বোর্ডের সভাপতি এন ভাসু এবং দেবস্থান মন্ত্রী কোদকোমামলপি সুরেন্দ্রের মধ্যে হওয়া রুদ্ধদ্বর বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ১৯ জুনে প্রতি বছর যে বিশেষ উৎসব হয় তার উপরও নিষেধাজ্ঞা বলবত করা হয়েছে। সাধারণের জন্য মন্দির বন্ধ থাকলেও মন্দিরের নিত্য পুজো পুরোহিতরা করতে পারবে।

## নাগাল্যান্ডে করোনা সংক্রমিতের সংখ্যা বেড়ে ১৩০, উত্তরপূর্বে সর্বাধিক অসম, আক্রান্ত ৩৩১৯ জন

গুয়াহাটি, ১১ জুন (হি.স.) : নাগাল্যান্ডে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা বেড়ে ১৩০ হয়েছে। বৃহস্পতিবার নতুন আরও দুজনের সোয়াব টেস্টের রেজাল্ট পজিটিভ এসেছে। দুটি মামলাই কোহিমার প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন সেন্টারের। জানিয়েছেন নাগাল্যান্ডের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী এস পাংন্যু ফোম।আজ কিছুক্ষণ আগে তাঁর অফশিয়াল টুইট হ্যান্ডলে স্বাস্থ্যমন্ত্রী এই খবর দিয়েছেন। তিনি জানান, গতকাল বহিঃরাজ্য থেকে আগত ২৯৩ জনের সোয়াব সংগ্রহ করা হয়েছিল। এগুলি থেকে দুজনের পজিটিভ রেজাল্ট এসেছে। তিনি জানান, নতুন দুই মামলা নিয়ে রাজ্যে এখন পর্যন্ত ১৩০ জন করোনায় আক্রান্ত হয়েছেন। ইতিমধ্যে ২২ জন সুস্থ হয়েছেন এবং এখনও সক্রিয় রোগী ১০৮ জন রয়েছেন। তাদের চিকিৎসা চলছে।প্রসঙ্গত, উত্তর-পূর্বাঞ্চলের আট রাজ্যের মধ্যে করোনা-আক্রান্তের সংখ্যা অসমে সর্বাধিক। এই খবর লেখা পর্যন্ত অসমে মোট আক্রান্তের সংখ্যা ৩৩১৯, সুস্থ ১২৪৯ এবং ২০৬১ জন সক্রিয়। এর মধ্যে মৃত্যু হয়েছে ছয়জনের। আক্রান্তের তালিকায় দ্বিতীয় ত্রিপুরায় এই খবর লেখা পর্যন্ত ৮৯৫টি করোনা মামলার মধ্যে ২৩৯ জনকে সুস্থ বলে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়েছে। একজনের মৃত্যু হয়েছে। সক্রিয় রোগী ৬৫৫ জন। তাদের মধ্যে তিনজন ত্রিপুরার বাইরে রয়েছেন এবং একজন আত্মহত্যা করেছেন।তৃতীয় স্থানাধিকারী মণিপুরে ৩১১ জনের মধ্যে ৬৩ জন সুস্থ হয়েছেন। মেঘালয়ে ৩৩টি পজিটিভ মামলার মধ্যে একজনের মৃত্যু হয়েছে। পাশাপাশি ১৩ জনকে হাসপাতাল থেকে ডিসচার্জ দেওয়া হয়েছে।মিজোরামে আক্রান্তের সংখ্যা বেড়ে হয়েছে ৯৩। এর মধ্যে একজন সুস্থ হয়েছেন, চিকিৎসা চলছে ৯২ জনের। অরুণাচল প্রদেশেও আক্রান্তের সংখ্যা বেড়েছে। অরুণাচল প্রদেশে করোনা রোগী ৫৭ জন। এর মধ্যে ২ জনকে ছুটি দেওয়া হয়েছে। সক্রিয় রোগী ৫৫ জন। এছাড়া সিকিমে এখন পর্যন্ত ১৩ জনকে করোনা ভাইরাসে আক্রান্ত বলে শনাক্ত করা হয়েছে। তাঁদের চিকিৎসা চলছে।

## ইরান থেকে দেশে ফিরল ২৩৩ ভারতীয়

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): অপারেশন "সমুদ্র সেতু" কর্মসূচির অনুযায়ী ভারতীয় নৌবাহিনীর জাহাজ আইএনএস শারদুল ইরান থেকে ২৩৩ জন ভারতীয়কে উদ্ধার করে বৃহস্পতিবার সন্ধ্যায় গুজরাটে পোরবন্দরে পৌঁছল। সোমবার সকালে জাহাজটি ইরানের বন্দর শহর বাংদার আব্বাসে পৌঁছয়। প্রবাসী ভারতীয়দের নিয়ে গভীর রাতে ভারতের উদ্দেশ্যে রওনা দিয়েছিল এই জাহাজ।

বিদেশে আটকে পড়া ভারতীয়দের ফিরিয়ে আনতে ২০ মে থেকে অপারেশন সমুদ্র সেতু শুরু করে ভারতীয় নৌবাহিনী। যুদ্ধ জাহাজ আইএনএস জালস এবং আইএনএস মাগার এখনও পর্যন্ত মালদ্বীপ এবং শ্রীলঙ্কা থেকে ২৮৭৪ জন ভারতীয়কে উদ্ধার করে দেশে ফিরিয়ে এনেছে।অপারেশন "সমুদ্র সেতু" র পরবর্তী পর্যায় ভারতীয় নৌবাহিনী জাহাজ শারদুল ভারতীয় নাগরিকদের নিতে ইরানে গিয়েছিল। দেশে ফিরতে ইচ্ছুক ভারতীয়দের সুচি ভারতীয় দূতাবাসের তরফ থেকে তৈরি করে নৌবাহিনীর হাতে তুলে দেওয়া হয়।করোনা প্রতিরোধের জন্য যাবতীয় গাইডলাইন মেনেই জাহাজে তোলা হয় ভারতীয়দের। জাহাজের ভেতর সামাজিক দূরত্বের বিধি মেনে চলা হয়েছে।এদিন বন্দরে যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়।

## বাংলাদেশের জাতীয় সংসদে বাজেট উপস্থাপন করলেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তাফা কামাল

মনির হোসেন,ঢাকা,জুন ১১।।জাতীয় সংসদে ২০২০-২১ অর্থবছরের জন্য ৫ লাখ ৬৮ হাজার কোটি টাকার জাতীয় বাজেট উপস্থাপন করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তাফা কামাল।তিনি বিকাল ৩টা ৪ মিনিটে বাজেট তুলে ধরা শুরু করেন।টানা তৃতীয় মেয়াদে ক্ষমতায় আসা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পাশাপাশি অর্থমন্ত্রী মুস্তফা কামালেরও এটি দ্বিতীয় বাজেট।

এর আগে বৃহস্পতিবার মন্ত্রিসভার বিশেষ বৈঠকে ২০২০-২১ অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয়। জাতীয় সংসদ ভবনের মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।আসন্ন অর্থবছরের জন্য রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩ লাখ ৭৮ হাজার কোটি টাকা। তার মধ্যে এনবিআরের সংগ্রহ করতে হবে ৩ লাখ ৩০ হাজার কোটি টাকা। এনবিআরের বাইরে সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৫ হাজার কোটি টাকা। কর-বহির্ভুত খাত থেকে অর্জনের লক্ষ্য রয়েছে ৩৩ হাজার কোটি টাকা। আর বৈদেশিক অনুদান হিসেবে আসবে ৪ হাজার ১৩ কোটি টাকা।অর্থমন্ত্রী তার বাজেট বক্তব্যে কিছু অংশ পড়ে শুনান এবং বাকি অংশ মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন।

## করোন পরিস্থিতিতে বাতিল হয়ে গেল ভারতের শ্রীলঙ্কা সফর

নয়াদিল্লি, ১১ জুন (হি.স.) : করোন পরিস্থিতিতে বাতিল হয়ে গেল চলতি মাসের শেষের দিকে ভারতের শ্রীলঙ্কা সফর। বৃহস্পতিবার জানা গেছে অফ কন্টোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া (বিসিসিআই) শ্রীলঙ্কা বোর্ডকে জানিয়েছে, করোনাভাইরাস পরিস্থিতির জেরে ক্রিকেট সিরিজ করা সম্ভব নয়। যে সিরিজে তিনটি টি-টোয়েন্টি এবং তিনটি একদিনের ম্যাচ হওয়ার কথা ছিল।"

তবে একটি ক্রিকেট ওয়েবসাইটের প্রতিবেদন অনুযায়ী, আগামী আগস্টে বিরাট কোহলিদের দেশে আনার মরিয়া চেষ্টা করছে শ্রীলঙ্কা বোর্ড। এক কর্তা জানিয়েছেন, আগস্টে যদি সফর হয়, তাহলে অবশ্য দু"দেশের সরকারের স্তরে আলোচনা হবে। দু"দেশের সরকার আশ্বস্ত হলেই তবে সিরিজে বল গড়াবে। পাশাপাশি ভারতীয় ক্রিকেদারদের সুরক্ষা নিশ্চিত করতে স্বাস্থ্য সংক্রান্ত উপযুক্ত পরিকল্পনাও তৈরি রাখতে হবে। বিষয়টি নিয়ে অবশ্য শ্রীলঙ্কা বোর্ডের তরফে সরকারিভাবে কিছু জানানো হয়নি।

## শিলিগুড়ির কোভিড হাসপাতালে দুই করোনা আক্রান্তের মৃত্যু

শিলিগুড়ি, ১১ জুন (হি. স.) : শিলিগুড়িতে বৃহস্পতিবার করোনা আক্রান্ত ২ জনের মৃত্যু হল। মৃতদের একজন শিলিগুড়ির চম্পাসারির ও অন্যজন নাগরাকাটার বাসিন্দা।উত্তরবঙ্গ মেডিকেলের সুপার ডাঃ কৌশিক সমাজদার জানান, দুজনেই বিভিন্ন শারীরিক সমস্যা নিয়ে বুধবার রিকু বিভাগে ভর্তি হয়েছিলেন। তাঁদের লালার নমুনা পরীক্ষার জন্য ল্যাবরেটরিতে পাঠানো হয়েছিল। এদিন দুজনই মারা যান। পরবর্তীতে তাঁদের রিপোর্ট পজিটিভ আসে।

## করোনায় বাংলাদেশে আক্রান্ত ৩১৮৭, মৃত্যু ৩৭

মনির হোসেন,ঢাকা,জুন ১১।।বাংলাদেশে মহামারি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন আরও তিন হাজার ১৮৭ জন। সেই সাথে ২৪ ঘণ্টায় মৃত্যুবরণ করেছেন ৩৭ জন।

স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ডা. নাসিমা সুলতানা বৃহস্পতিবার কোভিড-১৯ সংক্রান্ত নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে এ তথ্য জানিয়েছেন।তার দেয়া তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত দেশে করোনার শিকার হয়েছেন ৭৮ হাজার ৫২ জন। আর মোট মারা গেছেন এক হাজার ৪৯ জন। করোনায় নতুন যে ৩৭ জন মারা গেছেন তাদের মধ্যে পুরুষ ৩০ জন এবং নারী সাতজন। মোট আক্রান্তের মধ্যে মারা গেছেন ১ দশমিক ৩৪ শতাংশ।গত ২৪ ঘণ্টায় দেশের ৫৫টি ল্যাবে ১৫ হাজার ৭৭২টি নমুনা পরীক্ষা করা হয় বলে জানান ডা. নাসিমা।

তিনি বলেন, করোনার কবল থেকে নতুন করে ৮৪৮ জন সুস্থ হওয়ায় মোট সুস্থ হয়েছেন ১৬ হাজার ৭৪৭ জন। সুস্থতার হার ২১ দশমিক ৪৫ শতাংশ।

জন্স হপকিন্স বিশ্ববিদ্যালয়ের দেয়া তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার সকাল পর্যন্ত বিশ্বব্যাপী করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে ৪ লাখ ১৬ হাজার ৮৪ এবং আক্রান্তের সংখ্যা বেড়ে ৭৩ লাখ ৫৭ হাজার ১১ জনে দাঁড়িয়েছে। সবচেয়ে বেশি আক্রান্ত ও মারা যাওয়ার তলিকার শুরুতে আছে মার্কিন যুক্তরাষ্ট্র। দেশটিতে এখন পর্যন্ত এক লাখ ১২ হাজার ৮৯৫ জনের মৃত্যু হয়েছে এবং প্রায় ১৯ লাখ ৯৯ হাজার ৫৫২ জন আক্রান্ত হয়েছেন।মৃতের দিক থেকে দ্বিতীয় খারাপ অবস্থায় রয়েছে যুক্তরাজ্য। দেশটিতে করোনা আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪১ হাজার ২১৩ জনে। এর পরে ইতালিতে ৩৪ হাজার ১১৪ জন, ফ্রান্সে ২৯ হাজার ৩২২ জন এবং স্পেনে ২৭ হাজার ১৩৬ জন মারা গেছেন।

## করিমগঞ্জের পাথারকান্দিতে বিধ্বংসী অগ্নিকাণ্ড, পুড়ে ছাঁই বসতবাড়ি ও দোকান, আহত তিন

পাথারকান্দি (অসম), ১১ জুন (হি.স.) : বিধ্বংসী এক অগ্নিকাণ্ডে করিমগঞ্জ জেলার পাথারকান্দির তিনোখালে বসতবাড়ি ও দোকান পুড়ে ভস্ম হয়ে গেছে। ঘটনা আজ বৃহস্পতিবার সন্ধ্যা ছয়টা নাগাদ সংঘটিত হয়েছে। অগ্নিকাণ্ডের ঘটনায় তিন ব্যক্তি আহত হয়েছেন বলে জানা গেছে। আহতরা চিকিৎসাধীন।

প্রত্যক্ষদর্শীদের কাছে জানা গেছে, আজ সন্ধ্যা প্রায় ছয়টা নাগাদ জনৈক মাধব সিনহার ঘর থেকে অগ্নিকাণ্ডের সুত্রপাত হয়। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা গ্রাস করে নেয় তাঁর ভাই যাদব সিনহার বসতঘরও। বিধ্বংসী আগুন মাধব সিনহা, যাদব সিনহার ঘর ছাড়াও লাগোয়া একটি দোকানকে গ্রাস করে ভস্ম করে দিয়েছে। গৃহস্থবাড়ির তিন-তিনটি রান্নার গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আগুনে ঘৃতাহুতি পড়ে। এদিকে ঘটনার খবর পেয়ে প্রায় তিন কিলোমিটার দূর থেকে প্রায় আধঘণ্টা পর ইঞ্জিন নিয়ে ছুটে যায় পাথারকান্দি অগ্নিনির্বাপক বাহিনী। যায় পুলিশের একটি দলও। তবে তাদেঁর অক্লান্ত কসরতে আগুন নিয়ন্ত্রণে আসে। ফলে রক্ষা পায় গোটা তিনোখাল। এ ঘটনায় প্রায় দশ লক্ষের বেশি টাকার ক্ষতির হয়েছে বলে অনুমান করা হচ্ছে। পুলিশ তদন্ত শুরু করেছে।

# হরেকরকম ◌ হরেকরকম ◌ হরেকরকম

## ‘লকডাউন’ বাঁচিয়েছে লক্ষ প্রাণ: গবেষণা

কোভিড-১৯ ছড়িয়ে পড়া রোধে জারি করা ‘লকডাউন’ বিশ্বজুড়ে লাখ লাখ মানুষের প্রাণ বাঁচিয়েছে। এখন বিধিনিষেধ শিথিল করাটা বিরাট ঝুঁকির কাজ হবে বলে আন্তর্জাতিক দুটি গবেষণা প্রতিবেদনে উঠে এসেছে।

এ নিয়ে একটি গবেষণা হয়েছে লন্ডনের ইমপেরিয়াল কলেজে। গবেষণায় যৌথভাবে নেতৃত্ব দেওয়া সামির ভাট সোমবার সাংবাদিকদের এক ব্রিফিংয়ে বলেন, “সব হস্তক্ষেপ ও সব সতর্কতামূলক ব্যবস্থা বাদ দেওয়া হলে সেকেন্ড ওয়েভের আশঙ্কা খুব বাস্তব।”

লকডাউনের অর্থনৈতিক প্রভাব নিয়ে উদ্বিগ্ন বেশিরভাগ ইউরোপীয় দেশই নতুন কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা কমায় বিধিনিষেধ শিথিল করা শুরু করেছে।

ইমপেরিয়াল কলেজের এই গবেষণায় ১১টি ইউরোপীয় দেশের লকডাউন এবং সামাজিক দূরত্ব বজায় রাখার পদক্ষেপগুলোর প্রভাব বিশ্লেষণ করে দেখা গেছে এগুলো “যথেষ্ট পরিমাণে প্রভাব ফেলেছিল”, যা মে মাসের শুরুর দিকে সংক্রমণ বাড়ার হার কমাতে সহায়তা করে।




ভাট জানান, ঝুঁকি শেষ হয়ে গেছে আর দেশগুলোর বেশিরভাগ মানুষের মধ্যে রোগ প্রতিরোধ ক্ষমতা এসে পড়েছে — এমন ধারণা দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করা যেতে পারে। “আমরা কেবল এই মহামারীর শুরুতে আছি।”

ইমপেরিয়ালের গবেষণা দলটির হিসেবে অস্ট্রিয়া, বেলজিয়াম, ব্রিটেন, ডেনমার্ক, ফ্রান্স, জার্মানি, ইতালি, নরওয়ে, স্পেন, সুইডেন ও সুইজারল্যান্ডের ১ কোটি ২০ লাখ থেকে ১ কোটি ৫০ লাখ মানুষ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে যা দেশগুলোর মোট জনসংখ্যার ৪ শতাংশ।

গবেষণার মডেল অনুয়ায়ী লকডাউন থাকায় প্রায় ৩১ লাখ মৃত্যু এড়ানো গেছে।

ন্যাচার সাময়িকীতে প্রকাশিত অন্য গবেষণাটিতে বলা হয়েছে, চীন, দক্ষিণ কোরিয়া, ইতালি, ইরান, ফ্রান্স ও যুক্তরাষ্ট্রে লকডাউন জারির ফলে ৫৩ কোটি মানুষ করোনাভাইরাসে আক্রান্ত হওয়া থেকে বেঁচেছে।

গবেষকরা বলছেন, লকডাউন ব্যবস্থা জারির আগে সার্স-কোভ-২ ভাইরাসের সংক্রমণ ইরানে দিনে ৬৮ শতাংশ হারে এবং অন্য পাঁচটি দেশে ৩৮ শতাংশ হারে বেড়েছে।

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষণাটি যৌথভাবে নেতৃত্ব দেওয়া সলোমন সিয়াং বলেন, “ওই নীতিমালাগুলো ছাড়া আমরা হয়তো পুরোপুরি ভিন্ন একটা এপ্রিল ও মে মাস দেখতাম।”

## অ্যাভিগানের গবেষণায় আরও সময় লাগবে: ফুজি ফিল্ম

কোভিড-১৯ এর চিকিৎসায় অ্যাভিগান কতটা কার্যকর হতে পারে তা নিয়ে চলমান ‘ক্লিনিক্যাল ট্রায়ালের’ সময় গড়াতে পারে জুলাই পর্যন্ত।

অ্যাভিগানের উদ্ভাবক কোম্পানি জাপানের ফুজিফিল্মের তয়োমা ফার্মাসিউটিক্যালস রোববার এক বিবৃতিতে এ তথ্য জানায়।

জাপানের পত্রিকা নিক্কেই বিজনেস ডেইলিকে ফুজিফিল্মের এক মুখপাত্র বলেন, “এই ওষুধের ক্লিনিকাল ট্রায়াল হয়ত জুলাই মাস পর্যন্ত চালাতে হতে পারে।”

জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে গত ৭ এপ্রিল এক সংবাদ সম্মেলনে বলেছিলেন, কোভিড-১৯ চিকিৎসার জন্য ২০ লাখ অ্যাভিগান ট্যাবলেট তৈরি করে বিভিন্ন দেশে বিনামূল্যে সরবরাহ করবে জাপান। প্রায় ১ ট্রিলিয়ন মার্কিন ডলারের জরুরি বাজেটের একটি বড় অংশ থাকছে অ্যাভিগান উৎপাদনের জন্য।

মে মাসের শেষে এই ওষুধের অনুমোদন পাওয়ার আশা বিফলে যাওয়ার পর কথা ছিল জুনের মধ্যেই অ্যাভিগানের ক্লিনিকাল ট্রায়াল শেষ হবে।

কিন্তু অনুমোদনের জন্য যত রোগীর ওপর এ ওষুধের পরীক্ষামূলক প্রয়োগ প্রয়োজন, তার ৭০ শতাংশের মত করতে পেরেছেন গবেষকরা।

আর যেহেতু ওষুধ প্রয়োগের পর এর কার্যকারিতার ফল হাতে পেতে ২৮ দিনের মত সময় লাগছে, তাই পুরো পরীক্ষা অন্তত জুলাই মাস পর্যন্ত গড়াবে বলে এক সূত্রের বরাতে জানিয়েছে নিক্কেই বিজনেস ডেইলি।

ফুজিফিল্মের ওই মুখপাত্র বলেন, ক্লিনিকাল ট্রায়ালের অগ্রগতির বিষয়ে আপাতত কোনো তথ্য তারা প্রকাশ করছেন না।

তবে এ পরীক্ষার জন্য স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা আরো বাড়িয়েছে ফুজিফিল্ম।

“আমাদের লক্ষ্য যতটা দ্রুত সময়ে সম্ভব এই পরীক্ষা শেষ করে আনা।”

ক্লিনিক্যাল ট্রায়ালের তৃতীয় পর্যায়ে থাকা এই ওষুধের কার্যকারিতা প্রমাণ হওয়ার আগেই এর ব্যবহার নিয়ে জাপানের বাইরে অনেক আলোচনা হচ্ছে।

কোভিড-১৯ ঠেকাতে প্রতিষেধক বানানোর চেষ্টায় সারাবিশ্বেই গবেষকরা কাজ করছেন। তবে এখনও কোনো ভ্যাকসিন পাওয়া যায়নি। এরই মধ্যে ছোঁয়াচে এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন প্রায় ৭০ লাখ মানুষ; প্রাণ গেছে ৪ লাখের।

## রেসিপি: মোগলাই চিকেন মাসালা

গতানুগতিক স্বাদ পাল্টাতে তৈরি করুন মুরগির এই মজার পদ।

উপকরণ: মুরগির মাংস ১ কেজি ছোট করে কাটা। পেঁয়াজ-কুচি ১ কাপ। তেজপাতা ২টি। মালাই ১ কাপ। কাঁচা-মরিচ বাটা ১ টেবিল-চামচ। আদা ও রসুন বাটা ১ টেবিল-চামচ করে। ২-৩টি টমেটো পেস্ট। পেঁয়াজ বাটা ১ টেবিল-চামচ। কাজুবাদাম-বাটা দেড় টেবিল-চামচ। শাহি গরম মসলা গুঁড়া (দারুচিনি ২ টুকরা, এলাচ ৪-৫টি, গোল-মরিচ ৮-১০টি, জায়ফল ২ টুকরা, জয়ত্রী ১ টুকরা, লবঙ্গ ৩টি)। লাল মরিচ গুঁড়া ১ টেবিল-চামচ। হলুদ-গুঁড়া ১ চা-চামচ। লবণ স্বাদ মতো। টক দই ২ টেবিল-চামচ। তেল আধা কাপ। টালা জিরা গুঁড়া ১ টেবিল-চামচ। কাঁচামরিচ ও ধনেপাতা কুচি পরিমাণ মতো।

পদ্ধতি: প্রথমে মুরগির সঙ্গে পেঁয়াজ-কুচি, জিরার গুঁড়া ছাড়া সব উপকরণ দিয়ে মাখিয়ে ৩০ মিনিট মেরিনিইট করুন।

এবার প্যানে তেল গরম করে পেঁয়াজ ও তেজপাতা দিয়ে ভেজে মেরিনেইট করা মুরগির মাংস দিয়ে কষিয়ে নিন।

এবার মালাই দিয়ে ঢেকে রান্না করুন।

মাংস সিদ্ধ হয়ে আসলে জিরার গুঁড়া দিয়ে নাড়তে থাকুন। ঝোল কমে ভুনা ভুনা হয়ে গেলে কয়েকটা কাঁচা-মরিচ ফালি ও ধনেপাতা কুচি ছিটিয়ে নামিয়ে নিন।

রুটি, পরোটা, নান, পোলাও কিংবা সাদা ভাতের সঙ্গে জমে যাবে ভোজ।

## প্রতিবাদী হলিউড শিল্পীরা




যুক্তরাষ্ট্রে পুলিশের নিপীড়নে কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের মৃত্যুর প্রতিবাদে রাস্তায় নেমেছেন হলিউড তারকারাও।যুক্তরাষ্ট্রের মিনিয়াপোলিসে পুলিশের বর্বরতায় মৃত কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের মৃত্যুর প্রতিবাদের পাশাপাশি বর্ণবাদের বিরুদ্ধে শ্লোগান দিয়ে অন্যান্য প্রতিবাদকারীদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়েছেন হলিউডের বিভিন্ন শিল্পীরা।যুক্তরাষ্ট্রের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবর অনুসারে শুধু মিনিয়াপোলিসে নয়, পুরো মিনেসোটা শহর, আটলান্টা, লস অ্যাঞ্জেলেস, নিউ ইয়র্ক, ওয়াশিংটন ডিসিসহ পুরো আমেরিকায় জুড়েই চলমান এই বিক্ষোভ প্রতিবাদে অংশ নিচ্ছেন হলিউড তারকারা।অস্কার জয়ী জেইমি ফক্স ২৯ মে মিনিয়াপোলিসের প্রতিবাদকারীদের সমর্থনে বলেন, “আমরা প্রতিবাদ করতে ভয় পাই না, আমরা এই সময়কে ভয় পাই না।”সোমবার সান ফ্রানসিসকোতে শান্তিপূর্ণ প্রতিবাদের কর্মসূচী হিসেবে ‘হাঁটু গেড়ে’ বসে অন্যান্য প্রতিবাদকারীদের সঙ্গে যোগ দেন ফক্স। সেই সঙ্গে সম্মিলিত স্বরে বলতে থাকেন ‘আই ক্যান্ট ব্রিদ’।পুলিশ যখন হাঁটু দিয়ে জর্জ ফ্লয়েডের ঘাড়-গলা চেপে ধরে ছিল তখন ফ্লয়েড বার বার বলছিলেন, “আমি নিঃশ্বাস নিতে পারছি না’। সেটাই হয়ে গেছে এখন প্রতিবাদী শ্লোগান।

লস অ্যাঞ্জেলেস টাইমস’কে দেওয়া সাক্ষাৎকারে জেমিই ফক্স এই শ্লোগান দেওয়ার পাশাপাশি অন্যান্য হলিউড তারকাদের উদ্দেশ্য করে বলেন, “আমার হলিউডের বন্ধুরা, বসে থেক না, টুইট কর না, টেক্সট কর না, তোমাদের বের হয়ে আসতে হবে।”

হলিউড অভিনেতা নিক ক্যানন নিজেই চলে গেছেন মিনিয়াপোলিসে প্রতিবাদে অংশ নিতে। তাকে দেখা যায় ‘প্লিজ আই ক্যান্ট ব্রিদ’ হুডি পরে পোস্টার হাতে প্রতিবাদ করতে। যাতে লেখা ছিল ‘জাস্টিস ফর ফ্লয়েড’।

টেসা থম্পসন হলিউড অভিনেত্রী, যাকে বাংলাদেশের হলিউড মুভির ভক্তরা চিনে থাকবেন ‘থর র‍্যাগনারক’ ছবির কারণে। তিনি লস অ্যাঞ্জেলেস থেকে একটি ভিডিও শেয়ার করে টুইট করেন, “এটাই আমাদের আমেরিকা’। ভিডিওতে একই ভাবে সবাইকে শ্লোগান দিতে দেখা যায়।আমেরিকান র‍্যাপ সংগীত শিল্পী জে. কোল’কে দেখা গেছে নিজ শহর ফেইভিলের রাস্তায় প্রতিবাদ করতে।‘ইনসিকিউর’ খ্যাত অভিনেতা কেনড্রিক স্যাম্পসন টুইট করেন, “প্রতিবাদ করতে গিয়ে সাতবার পুলিশের রাবার বুলেটে আক্রান্ত হয়েছি। আর আমার বন্ধুর ওপর পড়েছে পুলিশের লাঠির বাড়ি।”

সংগীত শিল্পী কেহলানি পুলিশের দোমড়ানো মোচড়ানো গাড়ির ছবি তুলে টুইট করেন। যেটা তিনি লস অ্যাঞ্জেলেসে রাস্তায় নেমে প্রতিবাদ করতে গিয়ে তুলেছেন। আর লেখেন, “রেসপেক্ট এক্সিসটেন্স অর এক্সপেক্ট রিজিসট্যান্স।”মিয়ামি হেরাল্ড’য়ের প্রতিবেদক দুই সংগীত শিল্পী কামিলা কাবেলো এবং শন মেনডেস’কে খুঁজে পান মিয়ামির রাস্তায় প্রতিবাদকারীদের সঙ্গে।যুক্তরাষ্ট্রের আরেক র‍্যাপ সঙ্গীত শিল্পী লিল ইয়াটি রাস্তায় অন্যান্যদের সঙ্গে প্রতিবাদের সময় নিজে একটি ‘হ্যান্ড মাইক’ ধরে বলতে থাকেন, “পাশেই থাকা মানুষটি থেকে আমার কোনো পার্থক্য নেই। এভরি ভয়েস ম্যাটার্স অ্যান্ড মাস্ট বি হার্ড।”

টিনাশি, এই মার্কিন সংগীত শিল্পী প্রতিবাদ জানাতে একাই লস অ্যাঞ্জেলেসে শহরতলীর বড় রাস্তায় নেমে পড়েন। তার হাতে ধরা প্ল্যাকার্ডে লেখা ছিল ‘ব্ল্যাক লিভস ম্যাটার’।

‘সে অ্যানিথিং’ খ্যাত অভিনেতা জন কিউস্যাক জ্বলন্ত গাড়ির ভিডিও করতে গেলে তার দিকে পুলিশরা তেড়ে আসে। তিনি সেই কম্পমান ভিডিও টুইটারে পোস্ট করে লেখেন, “পুড়তে থাকা গাড়ির ভিডিও করার বিষয়টা পুলিশরা পছন্দ করেনি। তারা লাঠি হাতে আমার দিকে তেড়ে আসে। আর আমার মোটরবাইকে বাড়ি দিতে দিতে বলে ‘ভাগো এখান থেকে, ভাগো।”

‘দি রিভারড্যাল’ খ্যাত অভিনেতা কোল স্প্রাওস স্যান্টা মনিকাতে শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ থেকে গ্রেফতার হন। কেন্দ্রবিন্দুটা তিনি নন এই বিষয়টা উল্লেখ করে তিনি বলেন, “এটা বলা দরকার যে একজন সাধারণ সাদা মানুষ এবং খ্যাত ব্যক্তি হিসেবে আমার এই আটক অবস্থা এই আন্দোলনের কাছে কিছুই নয়।” এরা ছাড়াও অভিনেত্রী এলেন পেইজ’কে ব্রুকলিনের রাস্তায়, অভিনেতা টিমোথে শালামেট’কে স্যান্টা মনিকা, সংগীত শিল্পী হালসে, মেশিন গান কেলিকে লস অ্যাঞ্জেলেসের রাস্তায় প্রতিবাদ সমাবেশে অংশ নিতে দেখা গেছে।

## আপেলের পায়েস

তৈরি করতে পারেন ফলের পায়েস।

উপকরণ: আপেল ৩,৪টি। তরল দুধ ১ লিটার। চিনি স্বাদ মতো। পোলাওয়ের চাল ২ টেবিল-চামচ (কয়েক ঘণ্টা চালটা পানিতে ভিজিয়ে রেখে আধা ভাঙা করে নিতে হবে। এলাচ গুঁড়া আধা চা-চামচ। কাঠ ও পেস্তা বাদাম কুচি ৭,৮টি করে। কিসমিস ১ টেবিল-চামচ। কাস্টার্ড পাউডার ১ টেবিল-চামচ। ঘি ২ টেবিল-চামচ।

পদ্ধতি: আপেলের খোসা ফেলে গ্রেটার দিয়ে গ্রেট করে নিন। এবার একটি প্যান চুলায় বসিয়ে ঘি দিয়ে গ্রেট করা আপেল দিয়ে পাঁচ মিনিট নেড়ে স্বাদ মতো চিনি দিয়ে নাড়তে থাকুন।

যতক্ষণ না আপেলের রস ও চিনি সম্পূর্ণ শুকিয়ে যায়। তা না হলে আপেল দুধে মেশালে দুধ ছানা ছানা হয়ে যাবে।

এবার একটি সসপ্যানে দুধ জ্বাল দিয়ে ঘন হলে চাল ঢেলে নেড়ে মেশান।

১৫ থেকে ২০ মিনিট পর গ্রেট করা আপেলের মিশ্রণটি দুধে ঢেলে দিন। এবার ভালো করে নাড়তে থাকুন।

ফুটতে দিন।

স্বাদ মতো চিনি দিন। কিছুক্ষণ পর বাদাম ও কিসমিস দিয়ে দিন।

এবার ২ টেবিল-চামচ তরল দুধের সঙ্গে কাস্টার্ড পাউডার মিশিয়ে দুধের মিশ্রণে ঢেলে দিন। ভালো করে নেড়ে মেশান।

মিশ্রণটা ঘন হয়ে এলে এলাচ-গুঁড়া দিয়ে ভালো করে মিশিয়ে নামিয়ে নিন।

পায়েস ঠাণ্ডা করে অল্প বাদাম কুচি ছড়িয়ে পরিবেশন করুন।

## ঢাকার চলচ্চিত্রে বলিউডের নোরা ফাতেহি

শাপলা মিডিয়ার প্রযোজনায় নির্মিতব্য ‘গ্যাংস্টার’ চলচ্চিত্রের আইটেম গানে নাচবেন বলিউডের অভিনেত্রী নোরা ফাতেহি।শাপলা মিডিয়ার বলিউডের এজেন্টের মাধ্যমে নোরা ফাতেহির সঙ্গে যোগাযোগ হয়েছে; এ চলচ্চিত্রে কাজের ব্যাপারে তিনি ‘নিশ্চিত করেছেন’ বলে দাবি প্রযোজক সেলিম খানের। বুধবার তিনি গ্লিটজকে বলেন, “তিনি কনফার্ম করেছেন। তবে করোনাভাইরাসের মধ্যে এখনই কাজটি শুরু করছি না। পরিস্থিতি একটু ভালো হলেই শুরু করব।”“গ্যাংস্টার’ চলচ্চিত্রে আর কে কে থাকছেন তা এখনও চূড়ান্ত করা হয়নি বলে জানান সেলিম।‘দিলবর দিলবর’, ‘গরমি’, ‘কামারিয়া’সহ বেশ কয়েকটি গানের পারফর্ম করে ভারতের পাশাপাশি বাংলাদেশেও পরিচিতি পেয়েছেন এ বলিউডি অভিনেত্রী।২০১৪ সালে ‘রোর: টাইগার্স অব দ্য সুন্দরবন’ চলচ্চিত্রের মধ্য দিয়ে বলিউডে নায়িকা হিসেবে অভিষেক হয় তার।পরবর্তীতে ‘বাহুবলী: দ্য





বিগিনিং’, রকি হ্যান্ডসাম, ভারত, ‘বাটলা হাউজ’সহ বেশ কয়েকটি চলচ্চিত্রের আইটেম গানে পারফর্ম করেছেন তিনি।এর আগে শাপলা মিডিয়ার অঙ্গ প্রতিষ্ঠান স্প্ল্যাশ মিডিয়ার প্রযোজনায় ‘বিক্ষোভ’ চলচ্চিত্রের একটি আইটেম গানে পারফর্ম করেছেন বলিউডের নায়িকা সানি লিওনি।চলচ্চিত্রে সংগীতশিল্পী কোনালের গাওয়া ‘সানি সানি’ শিরোনামে গানে পারফর্ম করেছেন সানি লিওনি; মুম্বাইয়ে সেট ফেলে গানটির দৃশ্যধারণ করা হয়েছে।তরুণ পরিচালক শামীম আহমেদের পরিচালনায় এতে অভিনয় করেন কলকাতার অভিনেত্রী শ্রাবন্তী, নবাগত শান্ত খানসহ অনেকে।চলচ্চিত্রটির শুটিং শেষ হওয়ার পর ডাবিং চলছে; শিগগিরই মুক্তি পাবে বলে জানান প্রযোজক সেলিম খান।

## ফারুকীর ‘নো ল্যান্ডস ম্যান’ চলচ্চিত্রে এ আর রহমান



চলচ্চিত্র নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকীর ‘নো ল্যান্ডস ম্যান’ চলচ্চিত্রে যুক্ত হলেন অস্কারজয়ী ভারতীয় সংগীত পরিচালক, সুরকার এ আর রহমান।যুক্তরাষ্ট্র, ভারত ও বাংলাদেশের যৌথ প্রযোজনায় নির্মিতব্য এ চলচ্চিত্রে সহপ্রযোজক ও সংগীত পরিচালক হিসেবে যুক্ত হয়েছেন বলে ভ্যারাইটি ডটকমকে দেওয়া এক সাক্ষাৎকারে জানান তিনি।মোস্তফা সরয়ার ফারুকীও বৃহস্পতিবার সকালে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বিষয়টি নিশ্চিত করেছেন।পৃথিবীতে চলমান অভিবাসন ও পরিচয় সঙ্কটের গল্পে ইংরেজি ভাষার এ চলচ্চিত্রে অভিনয় করছেন বলিউড অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকী; অভিনয়ের সঙ্গে চলচ্চিত্রের সহপ্রযোজনায়ও আছেন তিনি। বাংলাদেশের অভিনয়শিল্পীদের মধ্যে আছেন তাহসান খান; গুরুত্বপূর্ণ একটি চরিত্রে অভিনয় করেছেন অস্ট্রেলিয়ান অভিনেত্রী মিশেল মেগান।এ চলচ্চিত্রে যুক্ত হওয়ার কারণ হিসেবে এ আর রহমান বলেন, “সময় সবসময়ই নতুন পৃথিবী, নতুন আদর্শের জন্ম দেয়। সদ্যোজাত পৃথিবীতে নতুন নতুন সংকট থাকে, নতুন নতুন গল্পও বলে। এটি (নো ল্যান্ডস ম্যান) সেই ধরনেরই একটি গল্প।”তাকে স্বাগত জানিয়ে নওয়াজউদ্দিন সিদ্দিকী বলেন, “উনার মতো একজন শিল্পীকে পেয়ে আমরা সম্মানিত বোধ করছি। শুধু সংগীত পরিচালক হিসেবেই নয় সহপ্রযোজক হিসেবে তিনি এ চলচ্চিত্রকে সমৃদ্ধ করবেন।”“স্লামডগ মিলিয়নিয়ার’ চলচ্চিত্রের সংগীত পরিচালনার জন্য ৮১তম অস্কারে দুটি পুরস্কার লাভ করেন এ আর রহমান। যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের যৌথ প্রযোজনায় ‘১২৭ আওয়ার্স’ চলচ্চিত্রের সংগীত পরিচালনার জন্য একাধিকবার মনোনয়ন পেয়েছিলেন তিনি। সুরকার হিসেবে একাধিকবার পেয়েছেন গ্রামি অ্যাওয়ার্ড।‘নো ল্যান্ডস ম্যান’ চলচ্চিত্রের প্রযোজনায় এ আর রহমানের সঙ্গে আছেন যুক্তরাষ্ট্রের প্রযোজক শ্রীহরি শাথে, স্কয়ার গ্রুপের অঞ্জন চৌধুরী, নুসরাত ইমরোজ তিশা ও বঙ্গবিডি।যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক ও অস্ট্রেলিয়ার সিডনি, ভারতের মুম্বাই ও লখনৌতে চলচ্চিত্রের দৃশ্যধারণ হয়েছে। দৃশ্যধারণ শেষ চলচ্চিত্রটি এখন সম্পাদনার টেবিলে রয়েছে, চলতি বছরের শেষভাগে মুক্তির পরিকল্পনা রয়েছে।



বৃহস্পতিবার যুব মোর্চার উদ্যোগে আগরতলায় মাস্ক বিতরণ করা হয়। ছবি- নিজস্ব।

# দক্ষিণ করিমগঞ্জের প্রাতিষ্ঠানিক একান্তবাস কেন্দ্রগুলিতে খাদ্য বণ্টনে দুর্নীতির অভিযোগ সিদ্দেকের

করিমগঞ্জ (অসম), ১১ জুন (হি.স.) : দক্ষিণ করিমগঞ্জের প্রাতিষ্ঠানিক একান্তবাস কেন্দ্রগুলিতে খাদ্য বণ্টনে দুর্নীতি হচ্ছে। সেই সঙ্গে গৃহ একান্তবাসীদের সঙ্গেও চলছে বঞ্চনা। অভিযোগ রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা কংগ্রেস নেতা সিদ্দেক আহমেদের।

বৃহস্পতিবার করিমগঞ্জের আবর্ত ভবনে সাংবাদিকদের ডেকে এই অভিযোগ তুলে সিদ্দেক বলেন, এ সব দুর্নীতির সঙ্গে সরাসরি জড়িত দক্ষিণ করিমগঞ্জের এআইইউডিএফ বিধায়ক আজিজ আহমদ খান। এমন-কি আজিজ আহমদ খানকে বিধায়ক পদ ছেড়ে ঠিকাদারি করার পরামর্শ দেন সিদ্দেক আহমেদ। করোনা অতিমারি নিয়ে সমগ্র বিশ্বের সঙ্গে দেশবাসীও ত্রস্ত। বাংলাদেশ লাগোয়া করিমগঞ্জ জেলাও এর ব্যতিক্রম নয়। কর্মসূত্রে দেশের বিভিন্ন প্রান্তে অবস্থানকারী করিমগঞ্জ জেলার মানুষ কাজকর্ম ছেড়ে একমাত্র করোনা অতিমারির কারণে নিজেদের ঘরে ফিরে এসেছেন। কিন্তু বহিঃরাজ্য থেকে আগতদের ১৪ দিনের একান্তবাস বাধ্যতামূলক হওয়ায় তাঁরা সব ধরনের অভাব অভিযোগ সহ্য করে সরকারি বিধি নিষেধ মেনে চলছেন। কিন্তু পরিস্থিতির শিকার এই সকল মানুষের সঙ্গে চরম বঞ্চনা করা হচ্ছে বলে অভিযোগ তুলেছেন সিদ্দেক।

তাঁর অভিযোগ, দক্ষিণ করিমগঞ্জের প্রতিটি প্রাতিষ্ঠানিক একান্তবাস কেন্দ্রে খাদ্য সরবরাহে ব্যাপক দুর্নীতি আর অনিয়ম চলছে। আর এ সবের পেছনে প্রত্যক্ষ মদত দিয়ে যাচ্ছেন বিধায়ক আজিজ আহমদ খান। সাংবাদিক সম্মেলন ডেকে দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক আজিজ আহমদ খানের বিরুদ্ধে এই বিস্ফোরক অভিযোগ উত্থাপন করে প্রাক্তন মন্ত্রী সিদ্দেক আহমদ স্পষ্ট ভাষায় বলেন, দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক করোনা অতিমারির সময়েও নিজের আখের গোছাতে ব্যস্ত। পরিস্থিতির শিকার মানুষজনের দুর্বলতাকে হাতিয়ার করে অবৈধভাবে অর্থ উপার্জনে ব্যস্ত হয়ে উঠেছেন তিনি। নিজের খাস লোকদের দিয়ে দক্ষিণ করিমগঞ্জের প্রাতিষ্ঠানিক একান্তবাস কেন্দ্রগুলিতে খাদ্য সরবরাহ করছেন। এ সব খাদ্য সরকারি গাইডলাইন মোতাবেকও সরবরাহ করা হচ্ছে না।

সিদ্দেক বলেন প্রাতিষ্ঠানিক একান্তবাস কেন্দ্রের অনেকে আবাসিকের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁদের অযথা ভয় দেখিয়ে আটকে রাখা হচ্ছে। এর পেছনেও বিধায়কের কুটচাল কাজ করছে বলে মনে করেন সিদ্দেক আহমেদ। এতে বেশি পরিমাণে খাদ্য সামগ্রী সরবরাহ করা যায় এবং এ থেকে অধিক মুনাফাও লুট যায় এজন্যই তাঁর ইশারায় এদের আটকে রাখা হয়েছে। এছাড়া গৃহ একান্তবাসী প্রতি চারজনের জন্য সরকারের পক্ষ থেকে ২ হাজার টাকার খাদ্য সামগ্রী দেওয়ার কথা। কিন্তু দক্ষিণ করিমগঞ্জে গৃহ একান্তবাসগুলোতে ২ হাজারের বদলে মাত্র ৩০০ টাকার সামগ্রী দেওয়া হচ্ছে। তা-ও অত্যন্ত নিম্নমানের। আর এ সব বণ্টন করছেন বিধায়ক আজিজ আহমদ খানের ঘনিষ্ঠই।

তিনি বলেন, গৃহ একান্তবাসী চার জনের জন্য পাঁচ কিলো চাল, আধা লিটার তেল, ডিম এবং ১ কেজি করে পেঁয়াজ ও আলু দেওয়া হচ্ছে। সিদ্দেক অভিযোগ করে বলেন, এই সকল দুর্নীতিকে পরোক্ষভাবে মদত জুগিয়ে যাচ্ছেন খোদ বিধায়ক আজিজ খান। তাঁর এই অনিয়মের বিরুদ্ধে আওয়াজ তুললে কিংবা কেউ প্রতিবাদ করলে তাঁর খাস লোকেরা মারধরের হুমকি দিয়ে থাকে। এমন-কি বিধায়ক নিজেই অনেককে মামলার হুমকি দিয়েছেন। তাই অনেকেই প্রতিবাদের সাহস পাচ্ছেন না, অভিযোগ সিদ্দেক আহমেদের।এদিকে বিধায়ক পদ ছেড়ে দিয়ে সরাসরি ঠিকাদারিতে নাম লিখিয়ে নিতে আজিজ আহমদ খানকে পরামর্শ দেন প্রাক্তন মন্ত্রী সিদ্দেক আহমদ। একজন বিধায়ক তাঁর পদে থেকে ঠিকাদারি করলে বিধায়ক পদের অবমাননা হয়। তাই যত শীঘ্র সম্ভব আজিজকে সম্মানজনক বিধায়ক পদ ছেড়ে দেওয়ার আহ্বান জানান প্রাক্তন মন্ত্রী সিদ্দেক আহমেদ।তিনি দক্ষিণ করিমগঞ্জে জবকার্ড নিয়েও বিধায়ক আজিজের বিরুদ্ধে দুর্নীতি ও স্বজনপোষনের অভিযোগ তুলে ধরেন। সাংবাদিক সম্মেলনে জেলার একান্তবাস কেন্দ্রগুলোতে খাদ্য সরবরাহের অনিয়মের একাধিক অভিযোগ তুলে ধরেন জেলা কংগ্রেসের প্রশাসনিক সাধারন সম্পাদক সুব্রত দেবও।

# লঙ্ঘিত অসম উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নিয়ম, করিমগঞ্জে একাধিক স্কুলে ছাত্র ভরতি হাজারের বেশি, অভিযোগ

করিমগঞ্জ (অসম), ১১ জুন (হি.স.) : শিক্ষার নামে করিমগঞ্জ জেলায় মাথাচাড়া দিয়েছে বাণিজ্যিক চক্র। জেলার আনাচে কানাচে ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জন্য করিমগঞ্জে শিক্ষার গুণগত মান দিন দিন তলানির দিকে যাচ্ছে। অভিযোগ জেলার শিক্ষানুরাগী বুদ্ধিজীবী মহলের।

করিমগঞ্জ ফ্রন্টিয়ার কলেজের অধ্যক্ষ স্বপন দেবনাথ, করিমগঞ্জ সরস্বতী বিদ্যা নিকেতন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান আচার্যা নন্দিতা দাস, এমকে গান্ধী জুনিয়র কলেজের অধ্যক্ষ ইকবাল আহমেদ চৌধুরীর অভিযোগ, কিছু সংখ্যক ব্যক্তি শিক্ষাকে ব্যবসার মাধ্যম বানিয়ে অর্থ রোজগারে মাতাল হয়ে উঠেছেন। তাঁদের কাছে শিক্ষার গুণগত মানের কোনও মূল্যায়ন হয় না। টাকা রোজগারই তাদের কাছে প্রধান। অসম মাধ্যমিক শিক্ষা পর্ষদ বা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের যাবতীয় নিয়মাবলী উপেক্ষা করে নিজের খেয়ালখুশি মতো অতিরিক্ত ছাত্রছাত্রীদের নাম রেজিস্ট্রেশন করছে করিমগঞ্জের একটি ঐতিহ্যবাহী সরকারি শিক্ষা প্রতিষ্ঠান।

করিমগঞ্জ ফ্রটিয়ার কলেজের অধ্যক্ষ স্বপন দেবনাথ বলেন, অসম উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের বেঁধে দেওয়া নিয়ম অনুসারে একটি স্কুল ৬০ জন ছাত্রের রেজিস্ট্রেশন করতে পারবে। কিন্তু আশ্চর্যের বিষয়, শহরের একটি ঐতিহ্যবাহী সরকারি স্কুল সরকারি নিয়মনীতিকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে প্রতি বছর হাজারের বেশি ছাত্রের নাম রেজিস্ট্রেশন করে যাচ্ছে। ফ্রন্টিয়ার কলেজের অধ্যক্ষ স্বপন দেবনাথ প্রশ্ন তুলেছেন, একদিকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের গাইড লাইন রয়েছে, একটি স্কুল ৬০ জন ছাত্রের বেশি রেজিস্ট্রেশন করতে পারবে না। আর অন্যদিকে এই শিক্ষা সংসদই নিয়ম ভেঙে একটি স্কুলের অধীনে হাজার ছাত্রের রেজিস্ট্রেশন করার সুযোগ দিচ্ছে। এটা কী করে সম্ভব?

তিনি আরও অভিযোগ করেন, এই সরকারি উচ্চ মাধ্যমিক স্কুলের ছত্রছায়ায় থেকেই সমগ্র জেলার আনাচে কানাচে ব্যাঙের ছাতার মতো অজস্র উচ্চ মাধ্যমিক স্কুল শিক্ষার নামে রমরমা ব্যবসা চালিয়ে যাচ্ছে। এতে শিক্ষার গুণগত মান ধীরে ধীরে নিম্নগামী হচ্ছে। ফলে শহর সহ সমগ্র জেলার গুণগত শিক্ষা ব্যবস্থা মার খাচ্ছে।

সরস্বতী বিদ্যা নিকেতন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্কুলের প্রধান আচার্যা নন্দিতা দাস বলেন, আগে করিমগঞ্জের মাধ্যমিক উত্তীর্ণ পড়ুয়াদের সংখ্যার উপর ভিত্তি করে শহরের বিশিষ্ট নাগরিক, জ্ঞানীগুণি, শিক্ষাবিদ, শিক্ষাদরদিরা আলোচনা করেই প্রয়োজনানুসারে শহর কিংবা অন্য কোনও সুবিধাজনক এলাকায় উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ ও সরকারের নিয়ম-নীতি মেনে উচ্চ মাধ্যমিকের পড়ুয়াদের জন্য বেসরকারি জুনিয়র কলেজ বা ভেঞ্চার কলেজ খোলা হতো। এমনকি, বিভিন্ন স্কুলেও উচ্চ মাধ্যমিকের পাঠদানের ব্যবস্থা করা হতও। সেই সময় পড়ুয়াদের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের অনুপাতের সামঞ্জস্য ছিল। কিন্তু বিগত কয়েক বছর থেকে সরকারের নিয়ম নীতি ও উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের গাইডলাইন উপেক্ষা করে শহর সহ জেলার বিভিন্ন স্থানে উচ্চ মাধ্যমিক স্কুল খোলার এক অঘোষিত প্রতিযোগিতা শুরু হয়েছে। ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠছে অবৈধ স্কুল ও কলেজ। আর এই সকল স্কুল কলেজগুলোতে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগের পড়ুয়াদের পাঠদান দেওয়া হচ্ছে।

সরস্বতী বিদ্যা নিকেতন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান আচার্যা নন্দিতা দাস আরও বলেন, এই সকল স্কুল বা কলেজ কর্তৃপক্ষ পড়ুয়াদের বিভিন্ন প্রলোভন দিয়ে একপ্রকার জোর করে ভরতি প্রক্রিয়া সম্পন্ন করছেন। প্রতিটি বিভাগে শতাধিক পড়ুয়াকে ভরতি করানো হচ্ছে। অথচ শিক্ষা সংসদের নিয়ম অনুযায়ী এই সব প্রতিষ্ঠানে এক একটি বিভাগে ৬০ জনের বেশি ছাত্রছাত্রী ভরতি করা যাবে না। ভরতি মাশুলেও সরকারের নীতি নির্দেশিকা মানা হচ্ছে না। নন্দিতা দাস অভিযোগ করেন, সরকারি গাইড লাইন না মেনে দোকান বাড়ি অথবা আবাসিক বাড়ির উপরে পাঠদান চলছে। এই সব প্রতিষ্ঠানের কোনও বৈধ অনুমতিপত্রও নেই। তিনি আরও অভিযোগ করে বলেন, এই সকল ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে পরোক্ষ ভাবে মদত যুগিয়ে যাচ্ছে শহরের এক ঐতিহ্যবাহী সরকারি শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষা সংসদ ও সরকারি নীতি নির্দেশিকাকে বুড়ো আঙুল দেখিয়ে জেলার অবৈধ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পড়ুয়াদের রেজিস্ট্রেশনের দায়িত্বও নিজেদের কাঁধে তুলে নিয়েছেন এই সরকারি স্কুল কর্তৃপক্ষ।

এম কে গান্ধী জুনিয়র কলেজের অধ্যক্ষ ইকবাল আহমদ চৌধুরী বলেন, শহরের এই সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বছরে প্রায় হাজার পড়ুয়ার নাম রেজিস্ট্রেশন হচ্ছে। এটা শিক্ষা সংসদের নিয়ম বহির্ভূত কাজ। কিন্তু কে কার কথা শুনে। এখানে পয়সাটাই মুখ্য। বাকি সব গৌণ। অতীতে বার-কয়েক এই সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছিল। এর পরিপ্রেক্ষিতে ২০১৬ এবং ২০১৯ সালে ৬০ জনের অধিক ছাত্রের নাম রেজিস্ট্রেশন না করানোর জন্য রাজ্যের সবকয়টি শিক্ষা প্রতিষ্ঠানকে লিখিত নির্দেশ দেয় অসম উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। কিন্তু এর পরও শহরের এই ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিজেদের ব্যবসায়িক মনোবৃত্তি থেকে সরে আসতে পারেননি। শিক্ষা সংসদের কর্তৃপক্ষ সংসদের জারিকৃত নির্দেশ অমান্য করে একটি স্কুলের অধীনে ৬০ জনের বেশি ছাত্রের রেজিস্ট্রেশন দেয় কী ভাবে। এ নিয়ে খোদ অসম উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃপক্ষের বিরুদ্ধেও অভিযোগের আঙুল তুলেন এমকে গান্ধী জুনিয়র কলেজের অধ্যক্ষ ইকবাল আহমদ চৌধুরী। বলেন, এর ফলে শহরের স্বনামধন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পড়ুয়াদের ভরতি সংখ্যা কমে যাচ্ছে। প্রতিষ্ঠানগুলোর সঙ্গে জড়িত শিক্ষক ও কর্মচারীদের ভবিষ্যত অনিশ্চয়তার দিকে এগোচ্ছে। এ ব্যাপারে শীঘ্রই বিহিত ব্যবস্থা নেওয়ার জন্য শিক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন ফ্রন্টিয়ার কলেজের অধ্যক্ষ স্বপন দেবনাথ, সরস্বতী বিদ্যা নিকেতন স্কুলের প্রধান আচার্যা নন্দিতা দাস ও এমকে গান্ধী জুনিয়র কলেজের অধ্যক্ষ ইকবাল আহমদ চৌধুরী।

## করোনায় জেরবার হরিয়ানা, লাফিয়ে বাড়ছে আক্রান্তের সংখ্যা

চন্ডিগড়, ১১ জুন (হি. স.): হরিয়ানায় লাফিয়ে বাড়ছে করোনার সংক্রমণ। প্রতিবেশী রাজ্য পঞ্জাবের তুলনায় দ্বিগুণ হারে করোনা ছড়িয়ে পড়েছে হরিয়ানায়। বিজেপি শাসিত এই রাজ্যে সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা ৫৭৩৭। বর্তমানে যে দশটি রাজ্য করোনায় সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত তার মধ্যে ঢুকে পড়েছে হরিয়ানা।

হরিয়ানায় সবথেকে খারাপ অবস্থা গুরুগ্রামে। রাজ্যের মোট আক্রান্তদের মধ্যে ৪৫ শতাংশই এখানকার বাসিন্দা। এর পরেই রয়েছে ফরিদাবাদ। সেখানে আক্রান্তের হার ১৫ শতাংশ। বৃহস্পতিবার রাজ্যের সাতটি জেলায় নতুন করে আক্রান্ত ১৫৮। ফলে সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৭৩৭। বিগত ২৪ ঘণ্টায় মাত্র পাঁচজন সুস্থ হয়ে বাড়ি ফিরে গিয়েছে। নতুন করে আক্রান্তদের মধ্যে ৯০ জনই গুরুগ্রামের বাসিন্দা। ফরিদাবাদে আক্রান্ত ৩০।

রাজ্য স্বাস্থ্য দফতরের তরফ থেকে জানান হয়েছে, লালারসের নমুনা সংগ্রহ এখনো পর্যন্ত করা হয়েছে ১৬০৭১৪।করোনা থেকে সুস্থ হয়ে ওঠার হার ৩৮. ২৩ শতাংশ।আট দিনের মধ্যে আক্রান্তের সংখ্যা দ্বিগুণ হয়ে চলেছে।

# অসমে করোনা সংক্রমিতের সংখ্যা বেড়ে ৩৩১৯, গুয়াহাটিতে গোষ্ঠী সংক্রমণের আশঙ্কা

গুয়াহাটি, ১১ জুন (হি.স.) : গতকাল একদিনে মোট ২৩৫ জনের পর আজ বৃহস্পতিবার অসমে নয়া ৩৪ জনকে নিয়ে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০৯২। আজ বেলা ১২:৩০ মিনিটে টুইট আপডেটে এই তথ্য জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ড় হিমন্তবিশ্ব শর্মা। আজ যে ৩৪ জন কোভিড-১৯ সংক্রমিত হয়েছেন বলে চিহ্নিত হয়েছেন তাঁরা নগাঁওয়ের ১৫, গোলাঘাটের ৬, বরপেটার ৩, বাসকার ৩, শোণিতপুরের ৩, এক জন করে চিরাং, পশ্চিম কারবি আংলং, ডিব্রুগড় এবং লখিমপুরের বাসিন্দা। মোট আক্রান্তের মধ্যে ১২৪৯ জন সুস্থ হয়েছেন এবং মৃত্যুবরণ করেছেন ছয়জন। তাছাড়া সক্রিয় রোগী ২০৬১ জনের চিকিৎসা চলছে রাজ্যের বিভিন্ন হাসপাতালে, জানান স্বাস্থ্যমন্ত্রী।

প্রসঙ্গত গতকাল মধ্যরাতে টুইট করে একসঙ্গে ১৯৩ জনের নমুনা পরীক্ষার ফলাফল এসেছিল বলে জানিয়েছিলেন মন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। এর আগে সকালের দিকে নগাঁওয়ের ১৯, কোকরাঝাড়ের ১৬, লখিমপুরের ৪, যোরহাটের ২ এবং ধেমাজির ১ জন। এদিকে, গতকালের ২১৫ জনের মধ্যে ছিলেন হোজাইয়ের ২১, ওদালগুড়ির ২০, তিনসুকিয়ার ১৭, নগাঁওয়ের ১৬, ১২ জন বরপেটার, ৯ জন গোয়ালপাড়ার, ৫ জন বঙাইগাঁওয়ের, ৪ জন কামরূপ মেট্রোর, ৩ জন ডিব্রুগড়ের, যোরহাটের ২ জন, ১ জন চিরাঙের, ১ জন করিমগঞ্জের, ১ জন বাকসা এবং গুয়াহাটির মহেন্দ্র মোহন চৌধুরী হাসপাতালের একজনকে নিয়ে মোট ৪২ জন করোনায় আক্রান্ত বলে জানিয়েছিলেন তিনি।

এদিকে সংবাদিকদের স্বাস্থ্যমন্ত্রী ড় শর্মা জানান, রাজ্যের বেশ কয়েকটি ল্যাবে একত্রে কোভিড১৯-এর পরীক্ষা হচ্ছে। তাই এক সঙ্গে সংখ্যা বেশি ধরা পড়ছে। তবে আগামী ১৫ জুন থেকে করোনার পজিটিভ রোগীর সংখ্যা কমতে থাকবে। কেননা, বহিঃরাজ্য থেকে আগতদের সংখ্যা কমে যাবে বলে এই ধারণা করছেন তিনি। এক প্রশ্নের জবাবে মন্ত্রী জনান, তাঁর ধারণা গুয়াহাটিতে করোনার গোষ্ঠী সংক্রমণ শুরু হয়েছে। কারণ যে ১১ জনের শরীরে করোনা পজিটিভ পাওয়া গেছে, তাদের কারোরই ভ্রমণ ইতিহাস নেই। এ জন্য তিনি ভীত না হয়ে সর্বাবস্থায় স্বাস্থ্যবিধি মেনে চলতে জনতার প্রতি কাতর আবেদন জানিয়েছেন।

# হাইলাকান্দিতে ১৯.৭২ কোটি টাকার সংখ্যালঘু ছাত্রবৃত্তি কেলেঙ্কারির তদন্ত শুরু

হাইলাকান্দি (অসম), ১১ জুন (হি.স.) : হাইলাকান্দি জেলায় প্রাক-মাধ্যমিক সংখ্যালঘু ছাত্র বৃত্তির অর্থ কেলেঙ্কারির তদন্তে নেমেছে পুলিশ। বুধবার সদর থানার ওসি প্রণব কুমার শইকিয়ার নেতৃত্বে পুলিশের একটি দল বিদ্যালয়সমূহের পরিদর্শকের কার্যালয়ে গিয়ে বহু কোটি টাকার এই কেলেঙ্কারির সংক্রান্ত অভিযোগের তদন্ত করেছে হাইলাকান্দি পুলিশ।

উল্লেখ্য, তিনদিন আগে কৃষক মুক্তি সংগ্রাম সমিতির পক্ষ থেকে এ ব্যাপারে একটি অভিযোগনামা দায়ের করা হয়েছিল। ওই অভিযোগের ভিত্তিতে মামলা রুজু করে তদন্তে নেমে এদিন বেশ কিছু নথিপত্র বজেয়াপ্ত করেছে পুলিশ। পাশাপাশি বিদ্যালয়সমূহের পরিদর্শক (আইএস) রাজীব কুমার ঝা-কেও জিজ্ঞাসাবাদ করা হয়েছে। এ ব্যাপরে সদর ওসি প্রণবকুমার শইকিয়া জানিয়েছেন, হাইলাকান্দি জেলায় প্রাক-মাধ্যমিক সংখ্যালঘু ছাত্র বৃত্তির অর্থ কেলেঙ্কারির তদন্তে নেমে বুধবার তিনি নিজে বিদ্যালয়সমূহের পরিদর্শক কার্যালয়ে গিয়ে আইএস রাজীব কুমার ঝা-এর সঙ্গে প্রায় ঘণ্টা-দুয়েক কথা বলে প্রাথমিকভাবে বিস্তারিত তথ্য সংগ্রহ করেছ। পাশাপাশি প্রাক-মাধ্যমিক ছাত্র বৃত্তির যাবতীয় তথ্যপাতি নিয়ে আলোচনা করেন। পরে এ সংক্রান্ত কয়েকটি ফাইল সহ বেশ কিছু নথিপত্র বাজেয়াপ্ত থানায় নিয়ে আসা হয়। ওসি প্রণব শইকিয়া অবশ্য জানিয়েছেন, যেহেতু বৃত্তি পেতে উৎসুক পড়ুয়ারা অনলাইনে আবেদন করেছিল, ফলে এ নিয়ে তদন্ত চালাতে কিছুটা সময় লাগবে। সেই সঙ্গে গোটা জেলা জুড়েই তদন্ত চালাতে হবে।

অভিযোগকারী কৃষক মুক্তি সংগ্রাম সমিতি (কেএমএসএস)-এর কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জহির উদ্দিন লস্করকেও সদর থানায় ডেকে তাঁরও সাক্ষ্য গ্রহণ করেন ওসি প্রণব শইকিয়া। কেএমএসএস নেতা জহির উদ্দিন লস্কর জানিয়েছেন, বুধবার তিনি ও তাঁদের সংগঠনের জেলা সভাপতি শরিফ উদ্দিন মাঝারভুইয়াঁকে থানায় ডেকে জিজ্ঞাসাবাদ করেছেন সদর থানার ওসি প্রণব কুমার শইকিয়া। তাঁরা উভয়েই এ সংক্রান্ত বিভিন্ন নথিপত্র পুলিশকে দিয়েছেন দাবি করে জহির উদ্দিন বলেন, এই মামলার তদন্তের স্বার্থে পুলিশকে সবধরনের সহযোগিতা করবে কেএমএসএস। জহির উদ্দিন দৃঢ়তার সঙ্গে বলেছেন, নিরপেক্ষ তথা সঠিকভাবে তদন্ত হলে এই কেলেঙ্কারির সঙ্গে জড়িতদের চিহ্নিত করে শাস্তি দেওয়া সম্ভব হবে।

উল্লেখ্য, হাইলাকান্দি জেলায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থ বছরের সংখ্যালঘু ছাত্র বৃত্তি প্রদানের নামে ১৯ কোটি ৭২ লক্ষ টাকার দুর্নীতি সংঘটিত হওয়ার অভিযোগ তুলেছে কৃষক মুক্তি সংগ্রাম সমিতি। আর প্রায় ২০ কোটি টাকার জালিয়াতির অভিযোগ এনে বিদ্যালয়সমূহের পরিদর্শক রাজীব কুমার ঝা, ওই কার্যালয়ের ডিলিং সহায়ক রাজেশ পাল সহ আরও অনেকের বিরুদ্ধে হাইলাকান্দি সদর থানায় একটি এফআইআর দায়ের করেন কৃষক মুক্তি সংগ্রাম সমিতির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জহির উদ্দিন লস্কর। তাঁর এফআইআর-এর ভিত্তিতে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ধারা ১২০, ৪০৯, ৪৬৮, ৪৭০, ৪২০ এবং ৪৭১ ধারায় ৪৬৭/২০ নম্বরে মামলা নথিভুক্ত হয়েছে। সেই সূত্র ধরেই হাইলাকান্দি পুলিশ তদন্ত আরম্ভ করেছে।

## বিরুদ্ধ মতবাদ রাখা জন্য নেপালি সংসদের বাসভবনে দুষ্কৃতি হামলা

কাঠমান্ডু, ১১ জুন (হি. স.): নেপাল সরকারের সংবিধান সংশোধনের প্রস্তাবের বিপক্ষে সরব হওয়ার কারণে সাংসদ সরিতা গিরির বাসভবনে দুষ্কৃতী হামলা। ভাঙচুর করার পাশাপাশি তাকে দেশছাড়ার হুমকি দিয়েছে দুষ্কৃতীরা। নিজের টুইট বার্তায় এই কথা জানিয়েছেন সরিতা গিরি। তার দাবি হামলা চলাকালীন পুলিশকে ফোন করেও মেলেনি প্রতিকার। এমন কি তার নিজের দলের অন্যান্য সদস্যরাও বিষয়টি থেকে দূরত্ব বজায় রেখে চলছেন।

উল্লেখ করা যেতে পারে সম্প্রতি নিজেদের ম্যাপের নতুন নকশা প্রকাশ করেছে নেপাল। সেখানে ভারতের কয়েকটি ভূখণ্ডকে নিজেদের বলে দাবি করেছে। শুধু নকশা প্রকাশ করেই থেমে থাকেনি তারা এরপরে সংবিধান সংশোধন করে তাকে বৈধতার মর্যাদা দিতে উঠেপড়ে লাগে নেপালি সরকার। এর বিরুদ্ধে সরব হন সেখানকার জনতার সমাজবাদী পার্টির সংসদ সরিতা দেবী।সংসদ কক্ষের অন্দরেও তিনি পাল্টা সংশোধনের প্রস্তাব তোলেন।তার এই আচরণে ক্ষুব্ধ জনতা সমাজবাদী পার্টি। এমনকি দল থেকে বহিষ্কার করারও চরম বার্তা দেওয়া হয়েছে তাকে।

সরিতাদেবীর বাসভবনে হামলা নিয়ে সরব সোশ্যাল মিডিয়াও। নেপালের মানবাধিকার কার্যকর্তা রণধীর চৌধুরী নিজের টুইট বার্তায় লিখেছেন, 'আমরা কোন পর্যায়ে নেমে গিয়েছি যে এখন সাংসদের বাসভবনেও দুষ্কৃতী হামলা হচ্ছে। শুধু হামলা চালিয়ে ক্ষান্ত থাকা নয় সরিতাদেবীর বিরুদ্ধে অশ্লীল কটুক্তিও করেছে দুষ্কৃতী দল। তবুও নির্বিকার নেপালি সরকার।'

## ২৪ ঘন্টায় আক্রান্ত ৭৪৮ জন, আফগানিস্তানে করোনায় মৃত্যু বেড়ে ৪২৬

কাবুল, ১১ জুন (হি.স.): আফগানিস্তানে নতুন করে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হলেন আরও ৭৪৮ জন। নতুন করে ৭৪৮ জন সংক্রমিত হওয়ার পর আফগানিস্তানে মোট আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে হল ২২,৮৯০। আফগানিস্তানে ইতিমধ্যেই মৃত্যু হয়েছে ৪২৬ জনের এবং সুস্থ হয়েছেন ৩,৩২৬ জন।

বৃহস্পতিবার আফগান স্বাস্থ্য দফতর জানিয়েছেন, শেষ ২৪ ঘন্টায় আফগানিস্তানে করোনা-আক্রান্ত হয়েছেন ৭৪৮ জন এবং ১,৮৮৮টি নমুনা পরীক্ষা করা হয়েছে। ৭৪৮ জনের মধ্যে কাবুলের বাসিন্দা ৩১১ জন, এরপর হেরাত, সেখানে ১৮১ জন। বিগত ২৪ ঘন্টায় সুস্থ হয়েছেন ৩২৪ জন।

## অভিমুখ বদল! ফের উত্তর ভারতের দিকে রওনা পরিযায়ী শ্রমিকদের

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): এ যেন নিরন্তন পথ চলা। সেই পথের যেন কোনও শেষ নেই। ঠিক এমনটাই অবস্থা হয়েছে বিহারের পরিযায়ী শ্রমিকদের। লকডাউনের সময় পঞ্জাব এবং দিল্লি থেকে নিজ রাজ্য বিহারে চলে আসে তারা। কিন্তু এখানে কর্মসংস্থানের কোনও সুযোগ না পেয়ে ফের ভগ্ন হৃদয় নিয়ে উত্তর ভারতের পঞ্জাব ও দিল্লির উদ্দেশ্যে রওনা দিয়েছে পরিযায়ী শ্রমিকের দল।এই সকল শ্রমিকদের উত্তর ভারতের এই দুই রাজ্যে নিয়ে যাওয়ার জন্য বিশেষ ট্রেন চালানোর বন্দোবস্ত করেছে ভারতীয় রেল।গোটা দেশজুড়ে চলছে আনলক ওয়ান। ফলে করোনা কাঁটা সত্ত্বেও অনেকটাই স্বাভাবিক ছন্দে ফিরে এসেছে জনজীবন।নিজের কর্মক্ষেত্র ফিরে যেতে উদগ্রীব তারা। সহরসা থেকে বেগুসারাই, বারাউনি, সমস্তিপুর, মুজাফফরপুর হয়ে নয়াদিল্লিগামী বৈশালী সুপারফাস্ট এক্সপ্রেস এখন এই সকল শ্রমিকদের প্রধান ভরসা হয়ে গিয়েছে। এই সকল শ্রমিকরা মনে করছে যে করোনা বিধ্বস্ত দিল্লিতে গিয়ে তাদের ফের জুটে যাবে কাজ। বর্তমানে পঞ্জাবে এখন ফসল কাটার মৌসুম চলছে।এই ক্ষেত্রে বিহারী শ্রমিকদের একটা চাহিদা রয়েছে। সেই চাহিদাকেই কাজে লাগাতে চাইছে এই সকল পরিযায়ী শ্রমিকেরা। গতবছর স্বাভাবিক সময় ফসল কাটার জন্য প্রত্যেক শ্রমিককে দৈনিক ৪০০ থেকে ৫০০ টাকা করে দেওয়া হচ্ছিল।কিন্তু করোনার জেরে শ্রমিকের পরিমাণ কম থাকায় দৈনিক ৮০০ টাকা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে মালিকপক্ষ। পাশাপাশি ট্রেনের টিকিটের দাম এবং যাত্রাপথে খাবারের ব্যবস্থা মালিকপক্ষই করে দেবে। ফলে এই সুযোগ হাতছাড়া করতে নারাজ বিহার রাজ্যের শ্রমিকরা। বৃহস্পতিবার সকাল ৮ টা ৫২ মিনিট নাগাদ বারাউনি জংশন স্টেশনের ৫ নম্বর প্লাটফর্ম থেকে বৈশালি সুপারফাস্ট এক্সপ্রেস দিল্লির উদ্দেশ্যে রওনা দেয়।শ্রমিকের সংখ্যা চোখে পড়ার মতো। থার্মাল স্ক্যানিং এর পরই তাদের ট্রেনে তোলা হয়।

## কালিম্পংয়ে নতুন করে করোনা আক্রান্ত ১২ জন

শিলিগুড়ি, ১১ জুন (হি. স.) : কালিম্পংয়ে নতুন করে ১২ জনের শরীরে করোনার সংক্রমণ পাওয়া গেল। বৃহস্পতিবার দুপুরে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের ভিআরডিএল থেকে জেলা প্রশাসনের হাতে এই রিপোর্ট পৌঁছেছে।সংক্রামিত ১২ জনের মধ্যে ছয়জন পুরুষ ও ছয়জন মহিলা। সংক্রমিতদের মধ্যে ১১ জন গোরুবাথান ব্লকের বাসিন্দা। বাকি এক মহিলার বাড়ি কালিম্পং পুরসভার ১১ নম্বর ওয়ার্ডে। কালিম্পংয়ের ওই মহিলা সম্প্রতি কলকাতা থেকে ফিরেছেন বলে জানা গিয়েছে। সংক্রামিতদেরও শিলিগুড়ির কোভিড হাসপাতালে পাঠানো হচ্ছে।

## দিল্লিতে জারি হোক লকডাউন, পিটিশন দায়ের আদালতে

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): দিল্লিতে নিজের মারণ দৌরাত্ম্য দেখিয়ে চলেছে করোনা। চিন্তার ভাঁজ চওড়া হয়েছে উপ রাজ্যপাল থেকে আমলাদের কপালে। একাধিক পরিকল্পনাও বাস্তবায়ন করেও মেলেনি প্রতিকার।এদিকে দিল্লি জুড়ে চলছে আনলক ওয়ান। তাই পরিস্থিতি নিয়ন্ত্রণের আনার জন্য ফের লকডাউনের জারি করার দাবিতে আদালতে পিটিশন দায়ের।

দিল্লি হাইকোর্টে পিটিশন কারি আইনজীবী মৃদুল চক্রবর্তী জানিয়েছেন, দিল্লি সরকার নিজে মেনে নিয়েছে জুনের শেষের দিকে আক্রান্তের সংখ্যা সৌয়া দুই লাখ ছাড়িয়ে যাবে। জুলাইতে আক্রান্তের সংখ্যা দিল্লিতে বেড়ে দাঁড়াবে পাঁচ লাখ। কেন্দ্রের উচিত কঠোর ভাবে দিল্লিতে লক ডাউন বলবত করার। পাশাপাশি করোনা মোকাবিলার জন্য চিকিৎসদের একটি কমিটি তৈরি করা, যারা করোনা রোধে ব্লু প্রিন্ট বানাবে। পিটিশন দাবি করা হয়েছে যে লকডাউন চলাকালীন আক্রান্তের সংখ্যা কম ছিল। কিন্তু আনলক ওয়ানে মল, ধর্মীয় স্থল, রেস্তোরাঁ ও সার্বজনীন স্থল খুলে দেওয়া করোনা বেড়ে গিয়েছে। দিল্লির

ছয়ের পাতায়

## কাশ্মীরের বদগামে গ্রেফতার সন্দেহভাজন, উদ্ধার গ্রেনেড ও পিস্তল-কার্তুজ

শ্রীনগর, ১১ জুন (হি.স.): কাশ্মীরে সুরক্ষা বাহিনীর ঝুলিতে ফের সাফল্যের সংযোজন। এবার অবশ্য কোনও সন্ত্রাসবাদী নিকেশ না-হলেও, মধ্য কাশ্মীরের বদগাম জেলায় একজন সন্দেহভাজনকে গ্রেফতার করেছে সুরক্ষা বাহিনী। এছাড়াও উদ্ধার করা হয়েছে একটি চাইনিজ পিস্তল, একটি গ্রেনেড এবং ছ"টি একে ম্যাগাজিন ও ১৪৭টি গুলি।

জম্মু ও কাশ্মীর পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, গোয়েন্দা সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে, বৃহস্পতিবার ভোররাত থেকে মধ্য কাশ্মীরের বদগাম জেলার পাঠানপোরা এলাকায় যৌথ অভিযান চালায় সুরক্ষা বাহিনী। অভিযান চলাকালীন জওয়ানদের লক্ষ্য করে গুলি চালাতে থাকে জঙ্গিরা, সুরক্ষা বাহিনী পাল্টা গুলি চালালে এনকাউন্টার শুরু হয়। প্রায় সারাদিন ধরে গুলির লড়াই চলার পর, একজন সন্দেহভাজনকে গ্রেফতার করেছে সুরক্ষা বাহিনী। এছাড়াও একটি চাইনিজ পিস্তল, একটি গ্রেনেড এবং ছ"টি একে ম্যাগাজিন ও ১৪৭টি গুলি উদ্ধার করা হয়েছে। শেষ পাওয়া খবর অনুযায়ী, এখনও গুলির লড়াই চলছে।

# স্কনের রথযাত্রা এবার হবে না রাজপথে

কলকাতা, ১১ জুন (হি. স.) : এ শহরের বুকে ইসকনের রথযাত্রা এবার আর প্রকাশ্য রাজপথে হবে না। করোনা আর লকডাউনের আবহে তা সীমাবদ্ধ থাকবে ইসকনের মূল মন্দিরের মধ্যে। সেখানেই হচ্ছে মাসির বাড়ি।

প্রতি বছর দক্ষিন কলকাতার অ্যালবার্ট রোড থেকে শুরু হয় ইসকনের রথযাত্রা। তার উদ্বোধন করতে ডাকা হয় নামী ব্যক্তিত্বদের। আসেন মমতা বন্দ্যোপাধ্যায়ও। সেই রথযাত্রা কলকাতার নানা রাস্তা ঘুরে চলে আসে ময়দানে। সেখানেই অস্থায়ী মন্ডপে তৈরি হয় জগন্নাথের মাসির বাড়ি। এবারে কিন্তু ইসকন কর্তৃপক্ষ করোনার আবহে আর রাস্তায় রথ বার করছেন না। ডাকছেন না কোনও সেলিব্রেটিকেও এই রথযাত্রার উদ্বোধনের জন্য।

এই বিষয়ে ইসকনের সহ—সভাপতি রাধারমণ দাস জানিয়েছেন, '২৩ জুন রথযাত্রা। এবার ইসকনের রথ ৩৯ বছরে পদার্পণ করছে। রাজপথে দেখা যাবে না। ইসকনের মন্দিরেই ছোট রথ থাকবে। সেই রথে চেপেই জগন্নাথ, বলভদ্র, সুভদ্রা মাসির বাড়ি যাবে। সেই ব্যবস্থা মন্দিরের একতলায় করা হয়েছে। এবার কোনও সেলিব্রিটিকে আমরা আমন্ত্রণ জানাছি না। তবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আমন্ত্রণ জানানো হয়েছে।'

সেই সঙ্গে ইসকন থেকে এটাও জানা গিয়েছে যে রাজপথে রথের চাকা না গড়ালেও রথের দিন থেকে উল্টো রথের দিন পর্যন্ত ইসকনের মন্দিরের দ্বার খোলা থাকবে সকলের জন্য। তবে যারাই মন্দিরে আসবেনতাঁদের যেমন মাস্ক ও গ্লাভস পড়তে হবে তেমনি সঙ্গে আনতে হবে হ্যান্ড স্যানিটাইজারও। সেই সঙ্গে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রেখে মন্দিরে প্রবেশ করতে হবে। এবার ভোগ বিতরণের ব্যবস্থা রাখা না হলেও নানা অনুষ্ঠানের ব্যবস্থা থাকছে।

# সোনার বাংলা কি বিদ্যাসাগরের মূর্তি ভাঙা দিয়ে শুরু হবে, অমিতকে কটাক্ষ পার্থর


কলকাতা, ১১জুন (হি. স.): রাজ্য কেন্দ্রের সংঘাত বরাবরই চরমে। করোনা আবহে যেন সেই পালে হাওয়া লেগেছে। রাজ্য কেন্দ্রের একে অপরের প্রতি দোষারোপ এর আবহে ঘি ঢেলেছে অমিত শাহের ভার্চুয়াল সভার মন্তব্য। বৃহস্পতিবার অমিত শাহের মন্তব্যের পাল্টা প্রতিক্রিয়া দিয়ে সেই আগুনকে আরও উসকে দিয়েছেন তৃণমূলের মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়। ভার্চুয়াল সভা থেকে সোনার বাংলা গড়ার ডাক দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এর পাল্টা প্রতিক্রিয়া দিয়ে পার্থ চট্টোপাধ্যায় জানান, 'সোনার বাংলা কি বিদ্যাসাগরের মূর্তি ভাঙা দিয়ে শুরু হবে?'

আমফান, করোনার জোড়া ধাক্কা সামলাতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রাণপণ লড়াই করে যাচ্ছেন এই কথা জানিয়ে বৃহস্পতিবার তৃণমূল ভবনে পার্থ চট্টোপাধ্যায় ফের জানান,বিপর্যয়ের সময়ই রাজনীতি করছে বিজেপি তথা কেন্দ্রীয় সরকার। এদিন অমিত শাহের ভার্চুয়াল সভাকে কটাক্ষ করে পার্থবাবু জানান, 'উনি সোনার বাংলা গড়তে চাইছেন। ২০১৯ নির্বাচনের সময় কলকাতা সফরে তাঁরই উপস্থিতিতে বিদ্যাসাগরের মূর্তি ভাঙা হল। বাংলার সংস্কৃতিকে ধ্বংস করে মাটিতে মিশিয়ে দিলেন। তাঁরই এক প্রচারক আবার বললেন বিদ্যাসাগর সহজপাঠ লিখেছেন। এই সংস্কৃতি বাংলার মানুষ চায় না'।

পার্থর আরও দাবি, 'মমতা বন্দ্যোপাধ্যায় তড়িৎ গতিতে বিদ্যাসাগরের মূর্তি নির্মাণ করে দিয়েছেন। যে সংস্কৃতি বিজেপির লোকেরা চাইছেন সেটা এলে বাংলার দুর্দিন। মানুষ সেই দুর্দিন আসতে দেবেন না। সোনার বাংলা গড়ে সোনা নিয়ে পালিয়ে যাবেন অমিত শাহ'।

করোনা সংক্রমণ ঠেকাতে রাজ্য সরকার যেভাবে কাজ করছে তার প্রশংসা করেন এদিন পার্থ চট্টোপাধ্যায়। পাশাপাশি সুপার সাইক্লোন আমফানে রাজ্যের এক লক্ষ কোটি টাকা খরচ হয়েছে বলে তার একটি খতিয়ান তুলে ধরেন তিনি। এরপরে বিরোধীদের উদ্দেশ্যে জানান, "করোনা, আমফানের ক্ষতি সামাল দেওয়া এখন বড় চ্যালেঞ্জ। মানুষকে বাঁচানোই এখন প্রাথমিক লক্ষ্য। এই সময় রাজনীতি না করে মানুষের পাশে দাঁড়ানোর।"

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# আরামবাগে রক্তদান শিবিরে এসে তৃণমূলকে কটাক্ষ বিজেপি সাংসদ সৌমিত্র খাঁয়ের

হুগলি, ১১ জুন (হি. স.) : বৃহস্পতিবার হুগলির আরামবাগ গরবাড়ি এলাকায় সাংসদ সৌমিত্র খাঁ এর উপস্থিতিতে অনুষ্ঠিত হল রক্তদান শিবির।লকডাউনের সমস্ত নিয়ম মেনে এই রক্তদান শিবিরের আয়োজন করে বিজেপি।। এদিন বিজেপির ৫০ জন কর্মী সমর্থক রক্তদান করেন।

এদিন শিবিরে হাজির ছিলেন বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ, আরামবাগ জেলা সাংগঠনিক সভাপতি বিমান ঘোষ, বিজেএমটি ইউ নেতা শুভাশিস দত্ত, দুলাল রায়,যুব মোর্চার সভাপতি বিশ্বজিৎ ঘোষ সহ আরো অনেকে।এদিন সাংবাদিক দের বলেন আরামবাগ জুড়ে বিজেপি এগিয়ে যাচ্ছে।শক্তিশালী হচ্ছে এখানে। তিনি এদিন তৃণমূল কে কটাক্ষ করে বলেন তৃণমূল এখন নর্দমার কীট, রেশনের চাল চোর,আমফানের টাকা চোর।তবে তিনি এও বলেন রাজ্য সরকারের বিরোধিতা করলেও হাসপাতালে কোন রুগী রক্ত সংকটে না পড়েন ফলে আরামবাগ বিজেপি জেলা সাংগঠনিক সভাপতি বিমান ঘোষের ভূয়সি প্রশংসা করেন এই রক্তদান শিবিরের জন্য।এদিন সৌমিত্র খাঁ ও বিমান ঘোষের হাত থেকে ৫০ জন তৃণমূল ও সিপিএম কর্মীরা বিজেপির পতাকা তুলে নেন।

অন্যদিকে বিজেপি কর্মীকে মারধরের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। আরামবাগ মলয়পুর দক্ষিণ পাড়া এলাকায় ঘটনাটি ঘটলে চাঞ্চল্য ছড়ায় এলাকায়। আহত ব্যক্তির নাম সীতারাম মন্ডল। এদিন ১০০ দিনের কাজ চলছিল।সেই সময়ে ১০০ দিনের কাজে একটি পুকুরের মাটি কেটে বিজেপি কর্মী সীতারাম মন্ডলের বাড়ির উঠোনে ফেলতে গেলে সীতারাম প্রতিবাদ করেন এরপর ঘটনার খবর পেয়েই ছুটে আসেন তৃণমূল দুষ্কৃতীরা।বেশ কয়েকজন মিলে লাঠি রড দিয়ে তাকে মারধর করা হয় বলে অভিযোগ। আহত অবস্থায় উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে সীতারাম মন্ডল কে ভর্তি করানো হয়।

# অভিনয়-আলো ছেড়ে ওঁরা এখন বাইকত্রাতা

কলকাতা, ১১ জুন (হি. স.) : গম্ভীরা ভট্টাচার্য, কল্যাণ ভট্টাচার্য, সঞ্জয় পাল, কেয়া চক্রবর্তী এঁরা মূলত নাটকের সঙ্গে যুক্ত। দীর্ঘ লকডাউনে নাটক মাথায় উঠেছে। এখন নেমে পড়েছেন যাত্রী-পরিষেবার সৈনিক হিসাবে। বাইকত্রাতার ভূমিকায়। মঞ্চে নয়, রিয়্যাল লাইফেই। এ এক অভিনব উদ্যোগ।

আদতে বীরভূমের, অধুনা দক্ষিণ কলকাতার কুঁদঘাটের বাসিন্দা গম্ভীরা দেড় দশকের ওপর পেশাদার মঞ্চের পরিচিত মুখ। 'রঙিলা' এবং দেবেশ চট্টোপাধ্যায়ের 'সংসৃতি'-র অভিনেতা। বৃহস্পতিবার এই প্রতিবেদককে তিনি জানালেন, "কদিন ধরে যাত্রীপরিবহণ নিয়ে লোকের ভোগান্তির কথা সংবাদমাধ্যমে দেখছি। ভাবলাম, আমরা তো ঘরে বসে আছি। রাস্তায় বার হলে লোকেরও উপকার হবে! নিজের হাতখরচের একাংশ উঠে আসতে পারে। কল্যাণ-সঞ্জয়-কেয়ার পাশাপাশি উত্তরপাড়ার আলোকর্মী সাধন, কামালগাজির সৈকত ওদেরও বললাম। সবাই রাজি। কাজেও নেমে পড়েছি।

গম্ভীরা বললেন, ফেসবুকে ঘোষণা করলাম, "অফিস খুলে গেছে। বাস ও চলছে। কিন্তু ভিড় কমেনি। অনেক মানুষ ট্যাক্সি ভাড়া করে যাওয়া আসা করছেন। কারণ অফিস তো যেতে হবেই। অপর দিকে সোশ্যাল ডিসটেন্স ও মেইনটেইন করতে হবে। না হলে কোরোনা কে পাশবালিশ করে শুয়ে থাকতে হবে। তাই আমরা কয়েকজন বন্ধু রাস্তায় নেমেছি বাইক নিয়ে। আপনাকে বাড়ি থেকে অফিস আর অফিস থেকে বাড়ি পৌঁছে দেবার জন্য। দরকার মনে হলে যোগাযোগ করবেন।" সঙ্গে ফোন নম্বর দিলাম।

এটা দেখে ফোন আসতে শুরু করল। এখনও পর্যন্ত বেশ কিছু মানুষকে পরিষেবা দিতে পেরেছি। অনেকে ফোন করছেন। চেষ্টা করছি যত তাড়াতাড়ি সম্ভব গাড়ির ব্যবস্থা করে দেওয়ার। এখনও বাইক প্রয়োজন। কলকাতা বা তার পার্শবী এলাকায় থাকেন, বাইক আছে এমন কেউ থাকলে যোগাযোগ করুন। আপাতত টালিগঞ্জ, গড়িয়া, কামালগাছি, দমদম, লেকটাউন, এয়ারপোর্ট , উত্তরপাড়া, বালি, হাওড়া এখনও পর্যন্ত এইসব জায়গা থেকে বাইক পাওয়া গেছে।

কিলোমিটারপিছু প্রতি যাত্রীর কাছ থেকে ১০ টাকা করে নিচ্ছেন এঁরা। বানিজ্যের ছাড়পত্র না নিয়েই নেমে পড়েছেন আপৎকালীন পরিষেবার স্বার্থে। গম্ভীরা জানান, টু হুইলারের জ্বালানির হিসাবের নিরিখে যাঁদের কাছে এই মাসুল একটু বেশি মনে হচ্ছে, তাঁদের বলি যাত্রী ছাড়া অর্থাৎ যাত্রী নিতে আমাদের যে পথ অতিক্রম করতে হচ্ছে, সেটাও তো বিচার্য! সব মিলিয়ে হারটা কিন্তু বেশি নয়!

চাহিদা বাড়ছে দেখে ফেসবুকে ফের আবেদন করেছি, "নিজের বাইক আছে এমন কেউ থাকলে যোগাযোগ করো"। এ কথা জানিয়ে গম্ভীরা বললেন, আমার কিন্তু কমিশন নেই। যাত্রীর কাছ থেকে পাওয়া অর্থের পুরোটাই চালকের।

# গড়িয়া শ্মশানে বেওয়ারিশ লাশ সৎকার ঘিরে বিক্ষোভ স্থানীয়দের

কলকাতা, ১১জুন (হি. স.): বেওয়ারিশ লাশের সৎকার ঘিরে চাঞ্চল্য ছড়াল আদি মহাশ্মশান এলাকায়। গতকাল ফেসবুকে এক ভিডিও ভাইরাল হয়। তাতে দেখা যাচ্ছে একজন কর্মী আঁকশি দিয়ে টেনে পচা-গলা মৃতদেহ গুলিকে গাড়িতে তুলছেন। সেই গাড়িটির গায়ে কলকাতা পুরসভা লেখা রয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ প্রায় ১৪- ১৫ টি মৃত দেহ ওই শ্মশানে গতকাল দুপুরে নিয়ে আসা হয়েছিল দাহ করার জন্য। কিন্তু দেহ গুলিকে করোনা আক্রান্ত হয়ে মৃতের সন্দেহে স্থানীয় বাসিন্দারা এলাকায় বিক্ষোভ দেখাতে শুরু করে। বাধ্য হয়ে পুনরায় সেই দেহগুলিকে গাড়িতে করে ফিরিয়ে নিয়ে যাওয়া হয়। বর্তমান পরিস্থিতি করোনা আতঙ্কে কাঁপছে সবাই। এই অবস্থায় বেওয়ারিশ কোন মৃতদেহ দেখলেই তাকে করোনা সন্দেহের দূরে সরাচ্ছে মানুষ। এরকম এক অবস্থায় গড়িয়া আদি মহাশ্মশানে গতকাল প্রায় ১৪- ১৫টি পচা গলা মৃত দেহ নিয়ে আসায় বিক্ষোভ দেখায় স্থানীয় বাসিন্দারা। ঘটনাস্থলে আসে বাঁশদ্রনী থানার পুলিশ। এতদিন শহরের বেওয়ারিশ লাশ গুলোকে দাহ করা হতো ধাপার শ্মশানে। কিন্তু এখন সেখানেই করোনা আক্রান্ত হয়ে মৃতদের দেহ দাহ করার ফলে বেওয়ারিশ লাশ দাহ করার প্রক্রিয়া বন্ধ রয়েছে। তাই এনআরএস হাসপাতালে জমে যাওয়া অজ্ঞাত পরিচয় এই বেওয়ারিশ লাশ গুলিকে পোড়ানোর জন্য কলকাতা পুরসভার হাতে তুলে দেওয়া হয়। এরপর এই কলকাতা পুরসভার ২৯ মে তারিখ দেওয়া এক বিজ্ঞপ্তিতে দেখা যায় পুর কর্তৃপক্ষ এই লাশ গুলিকে পোড়ানোর জন্য গড়িয়া আদি মহাশ্মশানকে চিহ্নিত করেছে। সে বিজ্ঞপ্তিতে পুরসভার প্রশাসক ফিরহাদ হাকিমের সই রয়েছে।এই প্রসঙ্গে পুরসভার বিভাগীয় এক আধিকারিকের বক্তব্য, 'এই লাশগুলি অজ্ঞাত পরিচয়হীন। এন আর এস হাসপাতাল থেকে লাশগুলিকে পুরসভার হাতে হস্তান্তর করা হয়েছিল পোড়ানোর জন্য। এখন যেহেতু ধাপায় করোনায় মৃতদেহ দাহ করা হচ্ছে তাই পুরসভার তরফ থেকে গড়িয়া আদি শ্মশান এবং নিমতলা শ্মশান দুটিকে চিহ্নিত করা হয়েছে এই বেওয়ারিশ লাশ পোড়ানোর জন্য। কিন্তু স্থানীয় মানুষ এই দেহ গুলিকে করোনা আক্রান্তের দেহ ভেবে বিক্ষোভ দেখাচ্ছেন যার ফলে দেহ গুলি পুনরায় নিয়ে যাওয়া হয়েছে'।

যদিও পুলিশ সূত্রে খবর, স্বাস্থ্য দফতর পুলিশকে অফিশিয়ালি জানিয়েছে ওই দেহগুলি কোনওভাবেই করোনা আক্রান্ত হয়ে মৃতদের দেহ নয় বরং সেগুলি বেওয়ারিশ লাশ। গতকাল পুরসভার গাড়িতে ওই দেহগুলি ফিরিয়ে নিয়ে যাওয়ার পর গোটা এলাকা জল দিয়ে ধোয়ানো হয় এবং জীবাণুমুক্তকরণ করা হয়।

# লেকটাউনে বিক্ষোভ বিজেপি যুব মোর্চার

কলকাতা, ১১ জুন (হি স): গত সোমবার লেকটাউনের দক্ষিণদাঁড়িতে বিজেপি নেতা সব্যসাচী দত্তকে হেনস্থার প্রতিবাদে বৃহস্পতিবার সকালে সল্টলেক করুনাময়ীতে মিছিল করল বিজেপি নেতারা। বিকেল গড়াতেই সব্যসাচী দত্তকে হেনস্থার প্রতিবাদে লেকটাউনে বিক্ষোভ দেখায় বিজেপি যুব মোর্চা।

এদিন সকালে করুণাময়ী থেকে মিছিল করে মহকুমা শাসকের দফতরের গিয়ে স্মারকলিপি দেওয়ার কথা ছিল বিজেপি প্রতিনিধি দলের।কিন্তু অভিযোগ উঠেছিল মিছিলের শুরুতেই মিছিল আটকে দেয় বিধান নগর পূর্ব থানার পুলিশ। ফলে অশান্ত হয়ে ওঠে পরিবেশ।

# মেটেলি ব্লকে ৭ পরিযায়ী শ্রমিকের করোনা রিপোর্ট পজিটিভ

চালসা, ১১ জুন (হি. স.) : ফের জলপাইগুড়ির মেটেলি ব্লকে করোনার থাবা। এবার একসঙ্গে ৭ জনের করোনা রিপোর্ট পজিটিভ আসল। আক্রান্তদের মধ্যে ২ জন মহিলা ও ৫ জন পুরুষ। এরা সকলেই পরিযায়ী শ্রমিক বলে জানা গিয়েছে।

সকলেই ব্লকের শালবাড়ি মোড়ের সরকারি কোয়ারান্টিন কেন্দ্রে ছিলেন। বৃহস্পতিবার সকালে এদের রিপোর্ট পজিটিভ আসায় জলপাইগুড়ির কোভিড হাসপাতালে নিয়ে যাওয়ার তোড়জোড় শুরু হয়। এদের মধ্যে ৫ জন সামসিং চা বাগান, ১ জন চিলোনী চা বাগান ও ১ জন দক্ষিণ ধূপঝোরা এলাকার বাসিন্দা। বুধবার রাতেও ৫ জনের করোনা পজিটিভ রিপোর্ট এসেছিল। আজকের ৭ জন নিয়ে মেটেলি ব্লকে মোট করোনা আক্রান্ত সংখ্যা দাঁড়াল ১৭।

## সংগ্রহ

● প্রথম পাতার পর

আরও ৯ জনের দেহে করোনা-র সংক্রমণ মিলেছে। তাঁদের মধ্যে ৬ জন বিএসএফ জওয়ান রয়েছেন।

এর পরই আগরতলা আইসিপি বন্ধ করে দেওয়া হয়েছে। অবশ্য, কেন্দ্রীয় নির্দেশিকা মেনে ৪৮ ঘণ্টার জন্য স্থলবন্দর বন্ধ করা হয়েছিল। কিন্তু বাড়তি সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামীকাল পর্যন্ত আইসিপি বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে ত্রিপুরা সরকার। ইতিমধ্যে আইসিপি-তে জীবাণুনাশক ছড়ানো হয়েছে। এছাড়া, গতকাল ১২৬ জন এবং আজ ১১৬ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। সম্ভবত তাঁদের সকলের রিপোর্ট আসার পর আইসিপি খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হবে।

## খোয়াইয়ে

● প্রথম পাতার পর

বিরুদ্ধে কোনও ধরনের কুরুচিপূর্ণ মন্তব্য যুব মোর্চা কোনওভাবেই মেনে নেবে না বলে স্পষ্ট ভাবে হুঁশিয়ারি দিয়েছেন তিনি। এদিকে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। এ ধরনের ঘটনাকে কেন্দ্র করে রীতিমতো চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে জেলায়।

## টাকা

● প্রথম পাতার পর

স্বাস্থ্য অধিকর্তা নির্দেশিকায় বলেছেন, ওই অর্থ রাজ্য দুর্যোগ মোকাবিলা তহবিল থেকে খরচ করা হবে।

## বৃদ্ধি

● প্রথম পাতার পর

৫২ জন, সুস্থ হয়েছেন ২ জন এবং উত্তর জেলায় আক্রান্ত ১৪ জন, সুস্থ হয়েছেন ৭ জন ও বহিঃরাজ্যে আছেন ১ জন।

## জখম ৪ কর্মী

আটের পাতার পর

সূত্রের খবর, গত বুধবার জিন্দেল স্টিল এণ্ড পাওয়ার লিমিটেডের একটি পুরোনো ডিজেল ট্যাঙ্কের আশেপাশে একজন সন্দেহভাজনকে ঘুরতে দেখেছিলেন কর্মীরা। পুলিশের মতে, গভীর রাতে ওই ব্যক্তি গ্যাস কাটার দিয়ে ওই ট্যাঙ্কটি ফুটো করার চেষ্টা করেছিলেন। যদিও অজ্ঞাত পরিচয়ের ওই ব্যক্তির এখনও সন্ধান মেলেনি বলে জানিয়েছে কোটরা রোড থানার পুলিশ আধিকারিক। জানা যাচ্ছে, বৃহস্পতিবার সকাল পর্যন্ত সব ঠিক ছিল, তবে আমচকাই ওই ডিজেল ট্যাঙ্ক থেকে বিস্ফোরণ হয়। ঘটনাস্থল খেকে একাধিক কর্মীকে ইতিমধ্যেই উদ্ধার করা হয়েছে, পাশাপাশি ওই স্টিল প্যান্ট লাগোয়া যাঁরা থাকেন, তাঁদের আপাতত নীরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে।

## লকডাউন

● প্রথম পাতার পর

এখনও সেটা নিশ্চিত করেনি। আমাদের দেশে জনপথ পিছু সংক্রমণ খুব কম। ১-এর নীচে। শহরাঞ্চলে একটু বেশি। আর কন্টেইনমেন্ট এলাকায় আর একটু বেশি। কিন্তু আমরা গোষ্ঠী সংক্রমণের মধ্যে নেই। গোষ্ঠী সংক্রমণ বা স্টেজ-থ্রি সংক্রমণ, তখন ধরা হবে যখন, বাহকের খোঁজ মিলবে না।

তাঁর দাবি, 'মাত্র ০.৭৩ ক্ষেত্রে বাহকের অস্তিত্ব মেলেনি। ভারতের মতো জনবহুল দেশে এটা অত্যন্ত নগণ্য। তাই আমরা বলতেই পারি দ্রুত সংক্রমণ প্রতিরোধে লকডাউন কার্যকরী। অর্থাৎ দশের অধিকাংশ মানুষ সংক্রমণ প্রতিরোধে সক্ষম। স্থানীয় স্তরে লকডাউন লাগু করে কন্টেইনমেন্ট জোনে নজরদারি চললে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসবে।' তবে, দিল্লি ও মুম্বইতে যে হারে সংক্রমণ চলছে, সেখানে গোষ্ঠী সংক্রমণের সন্দেহ স্বাস্থ্য মন্ত্রকের। যদিও নিশ্চিত কিছু করা যায়নি।

## বদলি

● প্রথম পাতার পর

সর্বনিম্ন। কাজের পবি-. কঠামো নিয়ে নানানব ার প্রশ্ন উঠেছে। জানা যায় কাজে যে পরিমানে জিনিষপত্র ধরা ছিলো তা দেওয়া হয়নি। বাজারের সর্বনিম্ন কমদামী জিনিষগুলি লাগিয়ে ও তৃত্বীয় শ্রেনীর ইট দিয়ে নয়ছয় করে কাজ করেছে। এছাড়াও এই দপ্তরে রয়েছে নানান দুর্নীতি। অভিযোগ এইভাবে দুর্নীতির রাজ কায়েম রাখার জন্য দক্ষিণের হেভিওয়েট নেতৃত্বকে দিয়ে বগাফা বন আধিকারিকের বদলির অর্ডার আটকাতে চাইছে। এখন দেখার বিষয় কাজের গুনগত মান যাচাইয়ে ও বনদপ্তরের সার্বিক উন্নয়নে দপ্তর কি প্রকার পদক্ষেপ গ্রহন করে।

## সংরক্ষণ

● প্রথম পাতার পর

বিচারপতি রাও জানান সংরক্ষণ কারও মৌলিক অধিকার হতে পারে না। এই পিটিশন সুপ্রিমকোর্টে পেশ না করে হাইকোর্টে করুন গিয়ে। পাশাপাশি সুপ্রিমকোর্ট আরো জানায় যে কোন একটি ইস্যুতে সবকটি রাজনৈতিক দল সঙ্ঘবদ্ধ হওয়ায় তারা খুশি।

## স্বাস্থ্য দফতর

আটের পাতার পর

বানানো হয়েছে। যেখানে রয়েছেন, ১ লাখ ১৮হাজার ১৮১ জন। এখান থেকে ছাড়া পেয়েছেন ১ লাখ ১৪ হাজার ৮২৯জন।

## আদালতে

পাচের পাতার পর

হাসপাতালগুলিতে এত জন আক্রান্তের জন্য পর্যাপ্ত পরিকাঠামো নেই। ফলে অবিলম্বে লক ডাউন ঘোষণা করা দরকার। করোনা বেড়ে যাওয়ার ফলে দিল্লির পরিকাঠামো ধাক্কা খাবে। এমন পরিস্থিতিতে অর্থের উর্ধে উঠে জীবন রক্ষার দিকে নজর দেওয়া উচিত সরকারের।

## প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর

মুখোমুখি।" প্রধানমন্ত্রীর কথায়, সমগ্র বিশ্ব করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করছে, ভারতও এই লড়াই চালিয়ে যাচ্ছে। কিন্তু, আরও অন্যান্য চ্যালেঞ্জের মুখে দেশ, যেমন বন্যা, পঙ্গপালের উপদ্রব, শিলাবৃষ্টি, তেলের কূপে আগুন, মৃদু ভূমিকম্প, দু"টি ঘূর্ণিঝড়-আমরা একসঙ্গে এসবের লড়াই করছি। এসব চ্যালেঞ্জকে পেরিয়ে আমরা উজ্জ্বল ভবিষ্যতে যাব। এই চ্যালেঞ্জ পেরোবে যে, সেই সত্যিকারের বিজয়ী।

প্রধানমন্ত্রী বলেছেন, দেশবাসীর মধ্যে এক নতুন আশা দেখতে পাচ্ছি। আত্মিনির্ভর ভারতের এই ভাবনা বহু বছর ধরে এক আশা নিয়ে বেঁচেছে।..আমাদের ভাবনা রয়েছে, আমরা যদি প্রতিরক্ষা, কয়লা ক্ষেত্র, সৌরক্ষেত্র, বিমান পরিবহণ ক্ষেত্রে আমরা যদি আত্মনির্ভর হতে পারতাম। এই রকম বহু ভাবনা দেশবাসীর সঙ্গে বহু দিন ধরে রয়েছে..করোনা সঙ্কট আমাদের শিক্ষা দিয়েছে, করোনা সঙ্কট আমাদের এই আত্মনির্ভর হওয়ার প্রতিজ্ঞা করিয়েছে। ভারতকেও নিজের পায়ে দাঁড়াতে হবে, আত্মনির্ভর ভারত প্রকল্পে যে সব সুবিধা দেওয়া হয়েছে, তার সুবিধা নিন। ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী যুব সম্প্রদায় এগিয়ে আসুন।

প্রধানমন্ত্রী এদিন আরও বলেছেন, স্থানীয় পণ্যের জন্য ক্লাস্টার বেসড অ্যাপ্রোচের উদ্যোগ নেওয়া হয়েছে, তাতে সবাই সুবিধা পাবেন। পশ্চিমবঙ্গে জুট কিসান উদ্যোগের জন্য ক্লাস্টার তৈরি হবে। সিকিম তথা উত্তর ভারত অর্গানিক পণ্য উৎপাদনের হাব তৈরি হতে পারে, সরকার যে বিপুল কর্মসূচির ঘোষণা করেছে, তাতে পূর্ব ও উত্তর পূর্ব ভারত তার লাভ পাবে। কলকাতা ফের দেশকে নেতৃত্ব দিতে পারে এই মন্তব্য করে প্রধানমন্ত্রী বলেছেন, """আমি মনে করি, কলকাতা আবার দেশকে নেতৃত্ব দিতে পারে। কলকাতায় উৎপাদনের ইতিহাসে শ্রেষ্ঠ ছিল। আমরা সব সময় শুনে এসেছি, 'হোয়াট বেঙ্গল থিঙ্কস টুডে, ইন্ডিয়া থিঙ্কস টুমোরো" প্রধানমন্ত্রী আরও বলেছেন, "বিশ্বের জোগান শৃঙ্খলে ভারতকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। পিপল, প্ল্যানেট অ্যান্ড প্রফিট এই তিনটি বিষয় একসঙ্গে চলতে পারে। ভারতে আমরা এলইডি বাল্ব প্রকল্প শুরু করেছিলাম। পাঁচ বছর আগে একটা এলইডি বাল্ব ২০০ টাকা লাগত, এখন সেটা ৫০ টাকায় মিলছে। এর চাহিদা এত বেড়েছে যে, দাম কমলেও বিপুল লাভ বেড়েছে। এলইডির জন্য প্রতি বছর বিদ্যুতের বিলে ১৯ হাজার কোটি টাকা সাশ্রয় হচ্ছে। এর লাভ প্ল্যানেট তথা পৃথিবীরও লাভ হয়েছে, কারণ এতে গ্রিনহাউস গ্যাস নির্গমণ কমেছে।

প্রধানমন্ত্রী আরও বলেন, দেশে বিপুল জলসম্পদ রয়েছে। কলকাতা-হলদিয়া জলপথ চালু হয়েছে, উত্তর-পূর্ব ভারতেও জলপথ বাড়ানোর চেষ্টা চলছে। এতে পরিবহণ খরচ কমবে, রাস্তায় যানবাহন জট কম হবে।" প্রধানমন্ত্রীর কথায়, দেশে আরও একটা অভিযান চলছে। সিঙ্গল ইউজ প্লাস্টিক বন্ধ করার চেষ্টা চলছে, এতে তো পশ্চিমবঙ্গের আরও বেশি লাভ। কারণ, এতে এখানকার পাটশিল্পের ব্যাপক লাভ হবে। ভাবুন পশ্চিমবঙ্গে তৈরি পাটের ব্যাগ সারা দেশের মানুষের হাতে থাকলে রাজ্যের কী বিরাট লাভ হবে।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, আমাদের যে প্রযুক্তিগত বিপ্লব হয়েছে, তাতেও বিপুল সুবিধা হয়েছে। অনলাইন পেমেন্ট অ্যাপের মাধ্যমে নিরাপদ লেনদেন হচ্ছে, ভিম অ্যাপ, রুপে কার্ড বহু মানুষ ব্যবহার করছেন। যখন আমরা প্ল্যানেট বা এই পৃথিবীর কথা বলছি, তখন দেখবেন সৌরশক্তির ক্ষেত্রে এক বিরাট বিপ্লবের দিকে এগিয়ে যাচ্ছে। বিশ্বের এই বিপ্লবে ভারতও কৃতিত্বের সঙ্গে অংশ নিচ্ছে। আইসিসি-কে আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, আইসিসি-র মাধ্যমে আহ্বান জানাচ্ছি, দেশেই সৌর প্যানেল, ব্যাটারি তৈরি করুন। সৌরশক্তির মাধ্যমে ব্যাটারি রিচার্জ করার এক বিরাট বাজার তৈরি হচ্ছে, ভারতের উদ্যোগপতিরা কি এই ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারে না? এই সময় নতুন নতুন চ্যালেঞ্জ গ্রহণ করার সময়, সবচেয়ে বড় পরীক্ষার মধ্যে দিয়ে যখন আমরা যাই, তখন তার থেকে শিক্ষা নিয়ে এগিয়ে যেতে হবে। আমি আশ্বস্ত করছি, এতে সরকার আপনাদের সব রকম সাহায্য করবে। সবশেষে প্রধানমন্ত্রী বলেন, একটাই প্রার্থনা, সুস্থ থাকবেন, ভাল থাকবেন।

## রেলি

● প্রথম পাতার পর

কার্যক্রমের সূচি নির্ধারিত হয়েছে। আগরতলায় দলের মুখ্য কার্যালয় ছাড়াও বিভিন্ন মণ্ডল এবং বুথ অফিসে ওই রেলি দেখার আয়োজন করা হয়েছে।

এ-বিষয়ে বিজেপি-র মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য বলেন, এই প্রথম ত্রিপুরায় ভার্চুয়াল রেলি অনুষ্ঠিত হতে চলেছে। ডিজিটাল মাধ্যম ব্যবহার করেও রাজনৈতিক সমাবেশ সম্ভব, এই ধারণাকে আমরাই বাস্তবায়ন করছি। ত্রিপুরায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী জি কিশাণ রেড্ডি আমাদের রাজ্য নেতাদের সাথে দিল্লি থেকে এই সমাবেশে অংশ নেবেন, জানান তিনি। তাঁর কথায়, পুরো সমাবেশ মোবাইল কিংবা কম্পিউটারে ইন্টারনেটের সাহায্যে সরাসরি দেখা যাবে।

এদিন তিনি বলেন, বর্তমান পরিস্থিতি সম্পর্কে দলীয় কর্মীদের সচেতন করা এবং কোভিড সংকট মোকাবিলায় সক্রিয় ভূমিকা নিতে তাঁদের যথেষ্ট আত্মবিশ্বাসী করে তোলাই এই সমাবেশের অন্যতম লক্ষ্য। তাঁর দাবি, ওই রেলিতে বেশ কয়েকটি বিষয় আলোচনা করা হবে। প্রথমত, আমাদের সাংগঠনিক বিষয়কে গুরুত্ব দেওয়া হবে। দ্বিতীয়ত, লকডাউনের জন্য জনগনের সাথে দূরত্ব তৈরি হতে পারে। সেই দূরত্ব মিটিয়ে নেওয়ার দিশা দেখানো হবে। পাশাপাশি, মোদী সরকারের বিভিন্ন কাজের বর্ণনা দেবেন কেন্দ্রীয় মন্ত্রী তথা সর্ববারতীয় নেতা।

## অমরপুরে

● প্রথম পাতার পর

পালকে মৃত বলে ঘোষণা করেন কর্তব্যরত চিকিৎসক। আহতদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় অমরপুর হাসপাতাল থেকে তাঁকে গোমতি জেলা হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। অপর একজন বর্তমানে অমরপুর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

প্রত্যক্ষদর্শীদের বক্তব্য, বাইক চালকের অসাবধানতার কারণে এই দুর্ঘটনাটি ঘটেছে। বীরগঞ্জ থানার পুলিশ বাইক এবং বাইসাইকেলটি বাজেয়াপ্ত করেছে। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। পথ দুর্ঘটনায় রতন পালের মৃত্যু সংবাদে এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে।

উল্লেখ্য লকডাউন চলাকালেও রাজ্যের বিভিন্ন স্থানে যানবাহন দুর্ঘটনা ক্রমাগত বৃদ্ধি পেয়ে চলেছে। যা চালকদের দ্রুতগামীতা এবং অসাবধানতার কারণেই এই সব ঘটনা বৃদ্ধি পাচ্ছে। দুর্ঘটনা এড়াতে প্রশাসনকে আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে মনে করেন সাধারণ জনগণ।

## পলাতক

● প্রথম পাতার পর

কোনওভাবেই মেনে নিতে চাইছেন না। অভিযুক্তের সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছেন এলাকাবাসী।

পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে। অপরাধীকে পুলিশ খুঁজছে। খুব শীঘ্রই অভিযুক্ত পুলিশের জালে উঠবে বলে দাবি করা হচ্ছে।

## সহায়তা বাহন ছাড়ল

আটের পাতার পর

এর ফ্ল্যাগ অফ করা হয়। প্রযুক্তির সাহায্যে ভিডিও কনফারেন্সে চেন্নাই থেকে কেকেআর অধিনায়ক দীনেশ কার্তিক, মুম্বই থেকে নাইটদের অন্যতম কর্তা ভেঙ্কি মাইসোর ও কলকাতা থেকে পশ্চিমবঙ্গের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস একসঙ্গে আমফান দুর্গতদের সাহায্যের জন্য "কেকেআর সহায়তা বাহন"-এর ফ্ল্যাগ অফ করেন।

## লস্কর মদদদাতা

আটের পাতার পর

হান্দওয়ারা-র পুলিশ সুপার জি ভি সুন্দিপ চক্রবর্তী জানিয়েছেন, জম্মু ও কাশ্মীরে লস্কর জঙ্গিদের কাছে অর্থ ও মাদক পৌঁছে দিত ওই ৩ জন। এটি অনেক বড় হাওয়ালা চক্র। মূল অভিযুক্ত ইফতিখার ইন্দ্রবি কুখ্যাত মাদক পাচারকারী, তার বিরুদ্ধে একাধিক এফআইআর ইতিমধ্যেই রয়েছে। মোমিন পীর সম্পর্কে ইফতিখারের জামাই। এই চক্রের সঙ্গে আর কে কে জড়িত, তা জানতে ধৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

াঙ্গন

# সবসময় মেসিকে পাস না দেওয়া শিখতে হবে

যেখানেই বল পাও, লিওনেল মেসিকে খুঁজে নাও। সব সমস্যার সমাধান যেন মেসি। এই অতি নির্ভরশীলতা অনেকবারই ভুগিয়েছে আর্জেন্টিনাকে। লেয়ান্দ্রো পারদেসের উপলব্ধি, সব সময় মেসিকে পাস না দেওয়া শিখতে হবে তাদের। বুঝতে হবে কখন তাকে বল দিতে হবে আর কখন বিকল্প বেছে নিতে হবে।

মেসি বেশিরভাগ সময়ই থাকেন কড়া মার্কিংয়ে। তাকে অরক্ষিত পাওয়া প্রায় অসম্ভব। যত কড়া পাহারাতেই তিনি থাকুন, জাতীয় দলে সব সময়ই তাকে পাস দেওয়ার প্রবণতা রয়েছে। প্যারিস থেকে এক ভার্চুয়াল আলাপচারিতায় পারেদেস জানান, সবসময় যে পাস দেওয়ার জন্য মেসি সেরা পছন্দ নয়, তা বুঝতে পারছেন তারা।

''বল পাস দেওয়ার জন্য লিও সবসময় প্রথম ও সেরা পছন্দ নয়, এটা বুঝতে পারা এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেয়া ছিল আমাদের জন্য মূল ব্যাপার। তাকে বল দিতে হবে তখন, যখন তিনি এর সুবিধা নিতে পারবেন। এটা এমন কিছু যা আমরা করতাম না। এরপর থেকে আমরা অনেক উন্নতি করেছি।''



অনেকেই মনে করেন মাঠে মেসিকে বুঝতে পারা ও তার সঙ্গে খেলা কঠিন। তবে এমনটি মনে করেন না রাশিয়া বিশ্বকাপের পর কোচ লিওনেল স্কালোনির দলের অংশ পারেদেস।

গত বিশ্বকাপের পর থেকে অনেক পরিবর্তন এসেছে আর্জেন্টিনা দলে। লিওনেল স্কালোনি দায়িত্ব নেওয়ার পর সুযোগ দিয়েছেন অনেক তরুণ খেলোয়াড়কে। তারা শিখে নিচ্ছেন কীভাবে মেসির পাশে খেলতে হয়। পিএসজি মিডফিল্ডার পারেদেস জানালেন, মেসির সঙ্গে খেলার অভিজ্ঞতার কথা।

''তার সঙ্গে খেলা কীভাবে সহজ নয়? তিনি অসাধারণ। যখন তার কাছে বল থাকে, দুই, তিন অথবা চারজন তাকে ঘিরে ধরে। তখন ভাববেন, 'এবার সতর্ক হতে হবে, কারণ তিনি বল হারাতে পারেন।' আপনি পিছু হটবেন এবং হঠাৎ করেই দেখবেন সেই চারজনের মধ্য থেকে বেরিয়ে বল নিয়ে তিনি খেলে যাচ্ছেন। এটা অসাধারণ।''

# আবারও ফেদেরারের হাঁটুতে অস্ত্রোপচার

রজার ফেদেরারের ডান হাঁটুতে আবারও অস্ত্রোপচার করানো হয়েছে। ফলে ২০২০ মৌসুমে আর কোর্টে নামার সম্ভাবনা নেই রেকর্ড গ্র্যান্ড স্ল্যাম জয়ী তারকার।

গত ফেব্রুয়ারিতে একই জায়গায় অস্ত্রোপচার হয়েছিল ২০টি গ্র্যান্ড স্ল্যাম জয়ী ফেদেরারের। পুনর্বাসন চলার মধ্যে আবারও সেখানে সমস্যা অনুভব করেন তিনি।

গত মার্চ থেকে বন্ধ রয়েছে পেশাদার টেনিস। কবে আবার শুরু হবে, তাও অনিশ্চিত। তবে ৩৮ বছর বয়সী ফেদেরারের যে এ বছরে ফেরা হচ্ছে না তা তিনি বুধবার এক টুইটে নিশ্চিত করেছেন।

গত জানুয়ারিতে অস্ট্রেলিয়ান ওপেনের সেমি-ফাইনালে নোভাক জোকোভিচের কাছে হারের পর আর খেলেননি ফেদেরার।

২০১৬ সালেও হাঁটুর চোটে লম্বা সময় বাইরে ছিলেন এই সুইস তারকা। ফিরে পরের বছর জেতেন অস্ট্রেলিয়ান ওপেন ও উইম্বলডন।

# কোহলির মতো ভালো হতে চান বাবর



দুর্দান্ত ফর্ম আর নজরকাড়া ব্যাটিংয়ের জন্য বিরাট কোহলির সঙ্গে ইদানিং তুলনা করা হয় বাবর আজমকে। পাকিস্তানের ওয়ানডে ও টি-টোয়েন্টি অধিনায়কের অবশ্য এমন তুলনা পছন্দ নয়। তার চোখে ভারত অধিনায়ক অনেক এগিয়ে। কোহলিকেই অনুসরণ করে হতে চান তার মতো ভালো। দুই টপ অর্ডার ব্যাটসম্যানই রান করেন অনায়াসে। দুই জনেরই কাভার ড্রাইভ দৃষ্টিনন্দন। একমাত্র ক্রিকেটার হিসেবে তিন সংস্করণেই ৫০-এর উপরে গড় কোহলির। বাবরের টেস্টে গড় ৪৫-এর উপরে, ৫০-এর উপরে গড় ওয়ানডে ও টি-টোয়েন্টিতে।

তাদের দুজনকে অনেকে একই পাল্লায় রাখলেও নিজেকে কোহলির চেয়ে অনেক পেছনে রাখেন বাবর। ভারতীয় ধারাভাষ্যকার হার্ষা ভোগলের সঙ্গে ক্রিকবাজে এক অনলাইন আলাপচারিতায় কোহলির প্রতি মুগ্ধতা প্রকাশ করেন পাকিস্তানি ব্যাটসম্যান।

"তিনি (কোহলি) অন্যতম সেরা ক্রিকেটার। আমি এখনও তার পেছনে। আমি তার মতো ভালো হওয়ার এবং দেশের জন্য ম্যাচ জেতার চেষ্টা করব। এশিয়ার ব্যাটসম্যানদের ব্যাটিং কৌশল ও শট খেলার ধরণ একই রকম। আমার মনে হয়, আমাদের দুজনের কিছু শট একই রকম।"

২৫ বছর বয়সী তারকা নিজেকে কারও সঙ্গে তুলনা করতে চান না। তবে অনুসরণ করেন শীর্ষ ব্যাটসম্যানদের, দেখেন কিভাবে তারা কন্ডিশনের সঙ্গে খাপ খাইয়ে নেন, কিভাবে কঠিন সময়গুলো মোকাবেলা করেন।

''গ্রেটদের সঙ্গে আমি নিজের তুলনা করি না। আমি যখন খেলি, তখন কাউকে কোনো কিছু দেখানোর অথবা কোনোকিছু প্রমাণ করার চেষ্টা করি না। আমার কাছে বিষয়টা হলো, নিজের পারফরম্যান্সে আমি সন্তুষ্ট কি-না।''

তবে নিজের পারফরম্যান্সে বাবর খুশি হন কমই। উন্নতির জায়গাগুলোই তাকে করে আরও ক্ষুধার্ত।

''যতক্ষণ পাকিস্তানকে ম্যাচ জিততে সাহায্য করতে পারি, ততক্ষণ আমি খুশি। খুব কমই আমি নিজের পারফরম্যান্সে খুশি হই, কারণ সবসময় আমি উন্নতির জায়গা দেখি।''

করোনাভাইরাস পরিস্থিতিতে ক্রিকেটের বাইরে আছেন বাবরও। সবকিছু ঠিকঠাক থাকলে আগামী অগাস্টে মাঠে ফিরতে পারেন তিনি। অগাস্ট-সেপ্টেম্বরে ইংল্যান্ড সফরে তিনটি করে টেস্ট ও টি-টোয়েন্টি খেলবে পাকিস্তান।

## প্রতিপক্ষ কোচ আক্রান্ত, ম্যাচ বাতিল ইউনাইটেডের

স্টোক সিটির কোচ করোনাভাইরাসে আক্রান্ত জেনে শেষ মুহূর্তে তাদের বিপক্ষে প্রস্তুতিমূলক ম্যাচ বাতিল করেছে ম্যানচেস্টার ইউনাইটেড।

ইউনাইটেডের ট্রেনিং গ্রাউন্ডে মঙ্গলবারের ম্যাচের জন্য চলছিল স্টোকের অনুশীলন। এই সময় আসে তাদের কোচ মাইকেল ও'নিলের কোভিড-১৯ পরীক্ষার ফল পজিটিভের খবর। আগের পাঁচ রাউন্ডের পরীক্ষায় প্রতিবার নেগেটিভ ছিলেন এই আইরিশ কোচ, এক বিবৃতিতে জানায় স্টোক।করোনাভাইরাসের প্রভাবে গত মধ্য-মার্চ থেকে বন্ধ থাকা প্রিমিয়ার লিগ মাঠে ফিরছে আগামী বুধবার। ম্যানইউ ফিরবে এর দুই দিন পর, প্রতিপক্ষ টটেনহ্যাম হটস্পার।২৯ ম্যাচে ১২ জয় ও ৯ ড্রয়ে ৪৫ পয়েন্ট নিয়ে তালিকার পাঁচে ইউনাইটেড। তাদের চেয়ে তিন পয়েন্টে এগিয়ে চারে চেলসি। ৮২ পয়েন্ট নিয়ে প্রায় ধরাছোঁয়ার বাইরে লিভারপুল। ৫৭ পয়েন্ট নিয়ে দুইয়ে ম্যানচেস্টার সিটি। তিনে থাকা লেস্টারের পয়েন্ট ৫৩।

## ভেস্তে যাওয়া লিগ ওয়ানে থাকল না অবনমন

অনাহূত পরিস্থিতিতে থমকে যাওয়া লিগ মৌসুম বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে অলিম্পিক লিওঁ, আমিয়াঁ ও তুলুজের করা আপিল খারিজ করে দিয়েছে ফ্রান্সের সর্বোচ্চ প্রশাসনিক আদালত।তবে আমিয়াঁ ও তুলুজের অবনমনের যে সিদ্ধান্ত নিয়েছিল লিগ কর্তৃপক্ষ, তা বাতিল করে দেওয়া হয়েছে।

করোনাভাইরাসের প্রকোপে আগামী সেপ্টেম্বর পর্যন্ত ফ্রান্সে সব ধরনের ক্রীড়া ইভেন্ট নিষিদ্ধ হওয়ায় গত ২৮ এপ্রিল লিগ ওয়ানের চলতি মৌসুম বাতিল ঘোষণা করা হয়। এর দুই দিন পর চ্যাম্পিয়ন ঘোষণা করা হয় পিএসজিকে।

# ইংল্যান্ডে 'নিরাপদ' অনুভব করছে ওয়েস্ট ইন্ডিজ

সফরের আগে মনে ছিল উদ্বেগ, শঙ্কা। ইংল্যান্ডে পৌঁছানোর পর সে সব অনেকটাই কেটে গেছে। ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক জেসন হোল্ডার জানালেন, ম্যানচেস্টারে নিরাপদ অনুভব করছেন তারা।

কোভিড-১৯ পরীক্ষায় সবাই নেগেটিভ আসার পর গত সোমবার দেশ ছাড়া ওয়েস্ট ইন্ডিজ দল পরদিন পৌঁছায় ইংল্যান্ডে। ওল্ড ট্র্যাফোর্ডে 'জীবাণুমুক্ত পরিবেশে' থেকে তিন সপ্তাহ অনুশীলন শেষে যাবে সাউথ্যাম্পটনে। সেখানে আগামী ৮ জুলাই শুরু হবে প্রথম টেস্ট। ওল্ড ট্র্যাফোর্ডে ১৬ ও ২৪ জুলাই শুরু হবে তিন ম্যাচ সিরিজের বাকি দুই টেস্ট।সব ম্যাচই হবে দর্শকশূন্য স্টেডিয়ামে। এই প্রথম কোনো আন্তর্জাতিক ম্যাচ হতে যাচ্ছে জীবাণুমুক্ত পরিবেশে। অস্বাভাবিক পরিস্থিতি হলেও চাপে নেই দল, বিবিসিকে জানালেন হোল্ডার।''অনেক মানুষ ক্রিকেটের জন্য হাহাকার করছিল। এটা এমন নয় যে, আমরা গিনিপিগ হতে চেয়েছি। এই গ্রীষ্মে যুক্তরাজ্য সফরে আসা সবসময় আমাদের পরিকল্পনায় ছিল। যখন সফরের সম্ভাবনা নিয়ে আমরা কথা বলেছিলাম, সবাই স্বচ্ছন্দ ছিল। আর এখন আমরা এখানে।''




প্রতিশ্রুতি অনুযায়ী সর্বোচ্চ সুরক্ষার ব্যবস্থা করেছে ইসিবি। যথেষ্ট পরিমাণে হ্যান্ড স্যানিটাইজার, গ্লাভস, থার্মোমিটার জরুরি জিনিসগুলো সফরকারীদের জন্য প্রচুর পরিমাণে রেখেছে। ইসিবির তৎপরতায় সন্তুষ্টির কথা জানান ক্যারিবিয়ান অধিনায়ক।''এই ব্যাপারগুলো দুঃশ্চিন্তা থেকে মুক্তি এবং স্বস্তি দেয়। যদি আমরা এই সব জিনিস না পেতাম তাহলে আসলেই আমরা নিরাপদ কি-না, সেই প্রশ্ন জাগত। এখন পর্যন্ত ইসিবি যা করেছে, এর জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করার ভাষা নেই।''

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

No.F.4-20/TSR-3/QM/Tender/2020-21/4608
Dated, the 08 lune, 2020

**NOTICE INVITING TENDER**

On behalf of the Governor of Tripura, the Commandant, :3,,t 13n I SI: had invited sealed Tender/Quotation for supply of QM/Signal store items and M l Spare Parts as well as . * job narks &Ong the year 2020-21 vide this office No.F.420/ T5N-3/QM/Tender/2020- 21/4151 dated, the 25th May, 2020 (extension) and tender notice published on local daily newspaper. Due to lockdown of the State, the purchasing of tender ft win is extended upto 07.0'7.'17020. The tender form will he received upto 08.07.2020 and will be opened on 09.07.2020. The other terms and conditions of the earlier notice will remain un .changed.

The intended buyers may contract at mobile No.9436126234 & No.q43h721064 for any kind information. Further, any subsequent corrigendum will he available in the Ill'111'5 paper.

For and on behalf of the Governor of Tripura

ICA/C-574/2020-21

(Arun Kumar) Commandent
3rd Tripura State Rifles

No.F.5(14)-SF(AMB)/Tender/2020-21/115-17
Dated, Ambassa, the 09.06.2020


**NOTICE INVITING QUOTATION**

Sealed Tender are hereby invited for the year 2020-21 by the undersigned on behalf of the Governor of Tripura from the Fish seed producers, SHGs, Fish seed growers, fishery based cooperative societies of Ambassa & Ganganagar R, D. Block under Ambass Sub-Division for supplying of "Major Carp fingerlings" in different Gp/VC area of Ambassa & Ganganagr R.D. Block under the establishment of the Supdt. of Fisheries, Ambassa Dhalai Tripura the last dated of submission the Tender 25-06-2020 up to 3 PM. The dropping of Tender will eligible only within Ambassa sub-Division .The Interested bidders may contact with the Development section of the undersigned from 12-06-2020 to 20-06-2020 between 11.00 AM to 4.00 PM for collection of tender form and details terms and conditions.

ICA/C-568/2020-21

(B.K Chakma) Supdt. of Fisheries
Ambassa, Dhalai Tripura

■Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■Postal Regd. No. AGT/NE-928/2018- 2020


বৃহস্পতিবার নয়াদিল্লীতে কোভিড-১৯ নিয়ে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক, নীতি আয়োগ এবং আইসিএমআর এর আধিকারীকরা বৈঠক করেছেন। ছবি-পিআইবি।

# রাজৌরিতে পাক-হামলায় শহিদ সেনা জওয়ান, আহত সাধারণ নাগরিক

জম্মু, ১১ জুন (হি.স.): কোনও রকম প্ররোচনা ছাড়াই জম্মু ও কাশ্মীরে নিয়ন্ত্রণরেখা বরাবর একাধিক স্থানে গোলাগুলি বর্ষণ করে ফের সংঘর্ষ-বিরতি চুক্তি লঙ্ঘন করল পাকিস্তানি সেনাবাহিনীঊ বুধবার রাতে জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা বরাবর মাঞ্জাকোটে সেক্টর, কেরি সেক্টর, বালাকোটে সেক্টর এবং কারোল মৈত্রন সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর সংঘর্ষ-বিরতি চুক্তি লঙ্ঘন করে হামলা চালায় পাকিস্তানি সেনাবাহিনীঊ রাজৌরি জেলার মাঞ্জাকোটে সেক্টরে পাক-হামলায় শহিদ হয়েছেন ভারতীয় সেনাবাহিনীর একজন জওয়ান, নিহত সেনা জওয়ানের নাম-নায়েক গুরুচরণ সিং। তাঁর বাড়ি পঞ্জাবের গুরুদাসপুর জেলায়। এছাড়াও রাজৌরির মাঞ্জাকোটে সেক্টরের রাজধানী গ্রামে বুধবার রাতের পাক-হামলায় গুরুতর আহত হয়েছেন একজন সাধারণ নাগরিক। মর্টার শেলের আঘাতে ডান কাঁধে মারাত্মক আঘাত পেয়েছেন ওই ব্যক্তি। চিকিৎসার পর এখন তিনি সুস্থ রয়েছেন। পাকিস্তানকে অবশ্য যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনাবাহিনীঊ সেনাবাহিনী ও প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র জানিয়েছেন, বুধবার রাতে জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা বরাবর মাঞ্জাকোটে সেক্টর (রাত ১০.২০ মিনিট থেকে), কেরি সেক্টর (রাত ১০.৪০ মিনিট থেকে) বালাকোটে সেক্টর (রাত ১০.৩০ মিনিট থেকে) এবং কারোল মৈত্রন সেক্টরে (রাত ১০.৫০ মিনিট থেকে) নিয়ন্ত্রণরেখা বরাবর সংঘর্ষ-বিরতি চুক্তি লঙ্ঘন করে হামলা চালায় পাকিস্তানি সেনাবাহিনীঊ পাক সেনাবাহিনীকে প্রত্যুত্তরে যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনা। পাক হামলায় শহিদ হয়েছেন একজন সেনা জওয়ান। হামলা চলাকালীন রাজৌরি জেলার মাঞ্জাকোটে সেক্টরের রাজধানী গ্রামের পাক-হামলায় গুরুতর আহত হয়েছেন একজন সাধারণ নাগরিক। রাতেই তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। ডান কাঁধে আঘাত পেয়েছেন তিনি, চিকিৎসার পর তিনি সুস্থ রয়েছেন।

## জম্মু-কাশ্মীরের একাধিক স্থানে পাক-হামলা, রাজৌরিতে আহত সাধারণ নাগরিক

জম্মু, ১১ জুন (হি.স.): কোনও রকম প্ররোচনা ছাড়াই জম্মু ও কাশ্মীরে নিয়ন্ত্রণরেখা বরাবর একাধিক স্থানে গোলাগুলি বর্ষণ করে ফের সংঘর্ষ-বিরতি লঙ্ঘন করল পাকিস্তানি সেনাবাহিনীঊ বুধবার রাতে জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা বরাবর মাঞ্জাকোটে সেক্টর, কেরি সেক্টর, বালাকোটে সেক্টর এবং কারোল মৈত্রন সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর সংঘর্ষ-বিরতি চুক্তি লঙ্ঘন করে হামলা চালায় পাকিস্তানি সেনাবাহিনীঊ রাজৌরি জেলার মাঞ্জাকোটে সেক্টরে পাক-হামলায় গুরুতর আহত হয়েছেন একজন সাধারণ নাগরিক। মর্টার শেলের আঘাতে ডান কাঁধে মারাত্মক আঘাত পেয়েছেন ওই ব্যক্তি। চিকিৎসার পর এখন তিনি সুস্থ রয়েছেন। পাকিস্তানকে অবশ্য যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনাবাহিনীঊ
প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র জানিয়েছেন, বুধবার রাতে জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা বরাবর মাঞ্জাকোটে সেক্টর (রাত ১০.২০ মিনিট থেকে), কেরি সেক্টর (রাত ১০.৪০ মিনিট থেকে) বালাকোটে সেক্টর (রাত ১০.৩০ মিনিট থেকে) এবং কারোল মৈত্রন সেক্টরে (রাত ১০.৫০ মিনিট থেকে) নিয়ন্ত্রণরেখা বরাবর সংঘর্ষ-বিরতি চুক্তি লঙ্ঘন করে হামলা চালায় পাকিস্তানি সেনাবাহিনীঊ পাক সেনাবাহিনীকে প্রত্যুত্তরে যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনা। হামলা চলাকালীন রাজৌরি জেলার মাঞ্জাকোটে সেক্টরে পাক-হামলায় গুরুতর আহত হয়েছেন একজন সাধারণ নাগরিক। রাতেই তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। ডান কাঁধে আঘাত পেয়েছেন তিনি, চিকিৎসার পর তিনি সুস্থ রয়েছেন।

## সংক্রমণে রাশ টানাই যাচ্ছে না, আমেরিকায় করোনায় মৃত বেড়ে ১১২,৯০০

ওয়াশিংটন, ১১ জুন (হি.স.): আমেরিকায় প্রতিদিনই কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়ে মৃত্যু হচ্ছে ৮০০-১০০০ জন রোগীর। বৃদ্ধির ধারা এখনও অব্যাহত রয়েছে। দ্রুত গতিতে বাড়তে বাড়তে মার্কিন মুলুকে করোনাভাইরাসে মৃতের সংখ্যা ১,১২,৯০০-তে পৌঁছেছে। ডোনাল্ড ট্রাম্পের দেশে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্তের সংখ্যা ২,০০০, ৪৬৪-এ গিয়ে ঠেকেছে। যা এখনও পর্যন্ত বিশ্বের মধ্যে সর্বাধিক।
বৃহস্পতিবার জোন্স হোপকিন্স ইউনিভার্সিটির দেওয়া তথ্য অনুযায়ী, আমেরিকায় করোনায় আক্রান্তের সংখ্যা দুই মিলিয়ন ছাড়িয়ে গিয়েছে। মারণ এই ভাইরাসে আক্রান্তের সংখ্যা ২,০০০,৪৬৪ এবং মৃত্যু হয়েছে ১১২,৯০০।

## হান্দওয়ারায় নার্কো-সন্ত্রাসী মডিউলের হদিশ, গ্রেফতার ৩ জন লস্কর মদদদাতা

শ্রীনগর, ১১ জুন (হি.স.): উত্তর কাশ্মীরের হান্দওয়ারা এলাকায় নার্কো-সন্ত্রাসী মডিউলের হদিশ পেল জম্মু ও কাশ্মীর পুলিশ। প্রচুর পরিমানে হেরোইন, ভারতীয় টাকা-সহ গ্রেফতার করা হয়েছে লস্কর-ই-তৈবা জঙ্গি সংগঠনের ৩ জন মদতদাতাকে। ধৃতদের নাম-আব্দুল মোমিন পীর, ইসলাম উল হক পীর এবং সৈয়দ ইফতিখার ইন্দ্রবি। ধৃতদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে ২১ কেজি হেরোইন, ১.৩৫ কোটি নগদ ভারতীয় টাকা। ছয়ের পাতায় দেখুন

## খানিকটা স্বস্তি ! সুস্থতার নিরিখে পিছিয়ে সক্রিয় করোনা-আক্রান্ত রোগী

নয়াদিল্লি, ১১ জুন (হি.স.): করোনা-আক্রান্ত রোগী ধীরে ধীরে সুস্থ হয়ে ওঠায় আশার আলো দেখছেন দেশবাসী। ভারতে করোনা-জয়ীরা পিছনে ফেলে দিলেন সক্রিয় কোভিড-১৯ আক্রান্ত রোগীদের। ভারতে এই মুহূর্তে যত সক্রিয় করোনাভাইরাস রোগী রয়েছেন, তার থেকে সংখ্যায় সুস্থ হয়ে ওঠা রোগীদের সংখ্যা বেশি। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের বুলেটিন অনুযায়ী, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্তের সংখ্যা ২,৮৬,৫৭৯ জন (সক্রিয় করোনা রোগী ১, ৩৭,৪৪৮)। এর মধ্যেই চিকিৎসায় সুস্থ হয়ে উঠেছেন ১,৪১,০২৯ জন। ভারতে সক্রিয় করোনা-আক্রান্তের থেকে করোনা-মুক্তদের সংখ্যা বাড়ার একটা বড় কারণ হল, কোভিডে মৃত্যুর হার ৩ শতাংশের নীচে নেমে আসা। শতাংশের হিসেবে ভারতে করোনায় মৃত্যু-হার বর্তমানে ২.৮ শতাংশ। সেই সঙ্গে মে মাসের শেষ থেকে অ্যাক্টিভ আক্রান্তের রেখাচিত্র ক্রমশ নিম্নমুখী। সুস্থ রোগীর সংখ্যা ক্রমশ বাড়লেও, দৈনিক আক্রান্তের সংখ্যা উদ্বেগ বাড়াচ্ছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছেন ৯,৯৯৬ জন। এই সময়ে ভারতে নতুন করে মৃত্যু হয়েছে ৩৫৭ জন করোনা-সংক্রমিত রোগীর। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৮১০২ এবং সংক্রমিত ২,৮৬,৫৭৯ জন।

## অমিতাভ বচ্চনের উদ্যোগে বিমানে নিজ রাজ্যে ফিরল পরিযায়ী শ্রমিকরা

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): মুম্বই থেকে বিশেষ বিমানে করে লখনউয়ের চৌধুরী চরণ সিং আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করলেন ১৮০ জন পরিযায়ী শ্রমিক। অমিতাভ বচ্চনের একান্ত নিজস্ব উদ্যোগে এই সকল পরিযায়ী শ্রমিকদল নিজ রাজ্যে ফিরতে সক্ষম হল। বাড়ি ফিরতে পেরে স্বভাবতই খুশি তারা।নিছক এক রাজ্য থেকে অন্য রাজ্য আসা নয়। অমিতাভ বচ্চন এর জন্যই নিজেদের জীবদ্দশায় প্রথমবার বিমানে চড়ার অনুভূতিও তারা যে কোনদিন ভুলবে না সেটা তাদের চোখে মুখে ফুটে উঠেছে। পাশাপাশি বিগবি”র প্রতি নিজেদের কৃতজ্ঞতা স্বীকার করে নিয়েছেন তারা।
এর আগে বুধবার অমিতাভ বচ্চন এর উদ্যোগে মুম্বই থেকে প্রয়াগরাজে বিশেষ বিমানে বাড়ি ফেরেন ১৫১ জন পরিযায়ী শ্রমিক। মূলত তারই উদ্যোগে মুম্বই থেকে গোরক্ষপুর ফেরেন ১৮৭ জন। বাড়িতে ফিরতে ফিরে স্বভাবতই খুশি পরিযায়ী শ্রমিকেরা। এই সকল শ্রমিকদের প্রথমে বাসে ও পরে ট্রেনে করে নিয়ে যেতে চেয়েছিলেন ” বিগ বি। কিন্তু উদ্যোগটি ব্যর্থ হওয়ায় অবশেষে একাধিক বিমান ভাড়া করে নেন তিনি। পরে স্বেচ্ছাসেবী সংগঠনের সাথে যোগাযোগ করে এই সকল শ্রমিককে বাড়ি ফেরান তিনি।

## ঝড়ে ক্ষতিপূরণের দাবিতে পঞ্চায়েতে বিক্ষোভ এস ইউ সি আই( সি)-র

তমলুক, ১১ জুন (হি. স. ) : পূর্ব মেদিনীপুর জেলার তমলুক লকডাউন এর মধ্যেই আমফান ঝড়ে বিধ্বস্ত জনসাধারণ। যতটুকু ত্রাণ ও সরকারি সাহায্য আসছে তা নিয়েও দলবাজির অভিযোগ। চারিদিকে ক্ষোভ-বিক্ষোভ চলছে। এমনিই এক বিক্ষোভ ডেপুটেশন করে এস ইউ সি আই কমিউনিস্ট দল। অবিলম্বে ঝড়ে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ, পরিযায়ী শ্রমিকদের জব কার্ড এবং ১০০ দিনের কাজ, খাল-রাস্তা সংস্কার, সমস্ত গরিব মানুষের জন্য পাকা বাড়ি প্রদান সহ পঞ্চায়েতের দলবাজি-দুর্নীতির বিরুদ্ধে আজ এসইউসিআই কমিউনিস্ট দলের উদ্যোগে পিপুলবেড়িয়া ২ অঞ্চলে অর্ধশতাধিক মানুষ বিক্ষোভ দেখায়। এবং ৫ জনের প্রতিনিধিদল অঞ্চল প্রধানের হাতে ১৩ দফা দাবির ভিত্তিতে স্মারকলিপি প্রদান করেন। ডেপুটেশনে নেতৃত্ব দেন এস ইউ সি দলের তমলুক লোকাল কমিটির সদস্য শম্ভু মান্না, সুকুমার মান্না, সঞ্জিত মাইতি প্রমুখ। শম্ভু মান্না বলেন, ঝড়ে প্রকৃত ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ না পেয়ে যদি দলবাজি হয় আগামী দিনে দলের পক্ষ থেকে বিক্ষোভ প্রতিবাদ চলবে। বিডিও এবং ডিএম দের অভিযোগ জানানো হবে।

## ছত্তিশগড় স্টিল প্ল্যান্টে ভয়াবহ বিস্ফোরণ, জখম ৪ কর্মী

রায়গড়, ১১ জুন (হি. স.) : বৃহস্পতিবার ভয়াবহ বিস্ফোরণে কেঁপে উঠল ছত্তিশগড়ের রায়গড় জেলার স্টিল প্ল্যান্ট। জানা যাচ্ছে ওই এলাকার একটি তেলের ট্যাঙ্কে আগুন লাগায় এই ঘটনাটি ঘটে। আহত চার শ্রমিক যাদের মধ্য ২ জনের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক। সকলকেই স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ঘটনাস্থলে ইতিমধ্যেই পৌঁছে গিয়েছে দমকলবাহিনী। তবে আগুন এখনও পর্যন্ত নিয়ন্ত্রণে আসেনি বলে খবর।

ছয়ের পাতায় দেখুন

## পিএম কেয়ার ফান্ড নিয়ে কেন্দ্রের কাছে জবাব চাইল আদালত

নয়াদিল্লি, ১১ জুন (হি. স.): তথ্য জানার অধিকার আইনের বাইরে পিএম কেয়ার ফান্ড। এর বিরুদ্ধে দিল্লি হাইকোর্টে পিটিশন দায়ের করা হয়েছিল। সেইমতো বৃহস্পতিবার এই প্রসঙ্গে নোটিশ জারি করল আদালত।
ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে হওয়া শুনানিতে বিচারপতি নবীন চাওলার ডিভিশন বেঞ্চ সলিসিটর জেনারেল তুষার মেহেতাকে ২৮ আগস্টের মধ্যে জবাবদিহি করার নির্দেশ দিয়েছেন। পিটিশনকারি সন্ময়ক গঙ্গোয়াল জানিয়েছেন, প্রধানমন্ত্রীর দফতরের তরফ থেকে তথ্য আধিকারিক ২ জুন পিএম কেয়ার ফান্ড সংক্রান্ত কোন প্রকারের নথি প্রকাশ্যে আনা যাবে না বলে স্পষ্ট করে দিয়েছিলেন। তথ্য আধিকারিক এর মতে তথ্য জানার অধিকার আইনের ধারা ২ (এইচ) এটি সার্বজনীন নয়। সন্ময়ক গঙ্গোয়াল তথ্য জানার অধিকার আইনে পিএম কেয়ার ফান্ডের ট্রাস্ট ডিড চেয়ে ছিলেন। নিজের দায়ের করা পিটিশনে তিনি দাবি করেছিলেন যে তথ্য জানার অধিকার আইনের ধারা ২ (এইচ) এর আওতাধীন পিএম কেয়ার ফান্ড।বিজ্ঞপ্তি জারি করে প্রশাসনের তরফ থেকে পিএম কেয়ার ফান্ড গঠনের ঘোষণা করা হয়েছিল। যারা এতে অর্থ দান করেছেন তাদের কোম্পানি আইন এবং আয়কর আইনে কর মকুব মিলেছে।

## বাড়ছে করোনা-প্রকোপে, সংক্রমিত পিএমএল-এন প্রেসিডেন্ট শেহবাজ শরিফ

লাহোর, ১১ জুন (হি.স.): পাকিস্তানে দ্রুততার সঙ্গে বাড়ছে কোভিড-১৯ ভাইরাস। পাকিস্তানে এবার করোনাভাইরাসে সংক্রমিত হলেন পিএমএল-এন প্রেসিডেন্ট তথা জাতীয় সভার বিরোধী দল নেতা শেহবাজ শরিফ। বৃহস্পতিবার পিএমএল-এন-এর মুখপাত্র মারিয়াম ঔরাঙ্গজেব জানিয়েছেন, ৬৯ বছর বয়সী শেহবাজ শরিফ যিনি ক্যানসারের রোগী এখন আইসোলেশনে রয়েছেন। করোনার বিরুদ্ধে লড়াই করার জন্য চিকিৎসকদের পরামর্শ মেনে চলছেন শেহবাজ।
মারিয়াম ঔরাঙ্গজেব আরও জানিয়েছেন, শরীরে মৃদু উপসর্গ দেখা দেওয়ায় শেহবাজ নিজেই করোনা-পরীক্ষা করান, এরপর বুধবার বিকেলে চারটে নাগাদ রিপোর্ট আসে। রিপোর্টে জানা যায় জাতীয় সভার বিরোধী দল নেতা শেহবাজ শরিফ করোনা-সংক্রমিত। এরপর থেকেই আইসোলেশনে রয়েছেন তিনি।

## করোনা মোকাবিলায় রাজ্য সরকার ব্যর্থতার পরিচয় দিচ্ছে ঃ গোপাল রায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।।** করোনা ভাইরাস নিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে একগাদা ক্ষোভ উগড়ে দিলেন প্রাক্তন বিধায়ক গোপাল চন্দ্র রায়। তিনি অভিযোগ করেছেন, করোনা মোকাবিলায় রাজ্য সরকার বহু ক্ষেত্রে ব্যর্থতার পরিচয় দিয়েছে। বৃহস্পতিবার এক ভিডিও বার্তায় শ্রী রায় বলেছেন, রাজ্যে সোয়াব টেস্টের সংখ্যা বৃদ্ধি করার জন্য বারবার মুখ্যমন্ত্রীকে প্রস্তাব দেওয়া হয়। কিন্তু, তাতে সরকারের কোনও হেলদোল নজরে আসেনি। তিনি উদ্বেগের সঙ্গে জানান, মৃত্যুর পরও মৃত্যদেহ নিয়ে রাজ্যে যে যন্ত্রনাদায়ক ঘটনা ঘটেছে তা প্রশাসনের চরম ব্যর্থতাকে প্রমাণিত করেছে। তিনি সমালোচনার সুরে বিপ্লব জমানাকে মুন্ডুহীন সরকার বলে কটাক্ষ্য করেছেন।

## পুর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি, জানেনেই না পুর প্রশাসক

কলকাতা, ১১ জুন (হি. স.): গড়িয়া মহাশ্মশানে অজ্ঞাতপরিচয় মৃতদেহের ভিডিও প্রকাশ্যে আসতেই কিছুক্ষণ পরেই কলকাতা পুরসভার একটি বিজ্ঞপ্তি সামনে আসে। সেখানে দেখা যায় লেখা রয়েছে বিজ্ঞপ্তি অনুযায়ী পুর কর্তৃপক্ষ অজ্ঞাতপরিচয় মৃতদেহ পোড়ানোর জন্য গড়িয়ার আদি মহাশ্মশানকে চিহ্নিত করেছে। এই বিজ্ঞপ্তিতে সই রয়েছে কলকাতা পুরসভার চিপ মিউনিসিপাল হেলথ অফিসারের। যদিও কর্পোরেশনের বিজ্ঞপ্তির বিষয়ে তাঁর জানা নেই বলেই এদিন মন্তব্য করেন কলকাতা পুরসভার প্রশাসক তথা পুরমন্ত্রী ফিরহাদ হাকিম। অন্যদিকে, এরপরেই এদিনের ঘটনার সঙ্গে ”নন্দীগ্রামে সিপিএম এর লাশ চুরি”র ঘটনার তুলনা করেন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ।
বুধবার সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিও ভাইরাল হয়। তাতে দেখা যাচ্ছে, গড়িয়ার আদি মহাশ্মশানে একজন কর্মী আঁকশি দিয়ে টেনে পচা-গলা মৃতদেহ গাড়িতে তুলছেন। সেই গাড়িটির গায়ে কলকাতা পুরসভা লেখা রয়েছে। এই সমস্ত মৃতদেহগুলি করোনা আক্রান্ত সন্দেহে বিক্ষোভ দেখাতে থাকে স্থানীয়রা। বাধ্য হয়ে পুনরায় সেই দেহগুলিকে গাড়িতে করে ফিরিয়ে নিয়ে যাওয়া হয়। যদিও এই মৃতদেহগুলি সঙ্গে করোনারর কোন সম্পর্ক নেই বলেই স্পষ্ট জানিয়ে দেয় স্বাস্থ্যদফতর। এদিকে প্রশ্ন উঠতে থাকে অজ্ঞাতপরিচয় মৃতদেহ কি করে গড়িয়া মহাশ্মশানে দাহ করার জন্য আনা হল।
এরপরেই পুরসভার ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এতদিন পর্যন্ত বেওয়ারিশ লাশ পোড়ানোর জন্য ধাপার পরিত্যক্ত স্থানকে ব্যবহার করা হতো। এখন যেহেতু ধাপায় করোনায় মৃত হিন্দুদের দেহ পোড়ানো হয়, সেক্ষেত্রে বেওয়ারিশ লাশ পোড়ানোর জন্য গড়িয়া মহাশ্মশান ও নিমতলা শ্মশানকে অনুমতি দেওয়া হয়েছে। এই বিজ্ঞপ্তির একটি কপি দেওয়া হয়েছে প্রশাসকের কাছে, এমনটাই জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।
ছয়ের পাতায় দেখুন

# ১২০০০ অশিক্ষক নিয়োগে আদালত অবমাননার মামলাকারী দেবাশীষ পাল চৌধুরী প্রয়াত



নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ জুন।। প্রয়াত হলেন ১২০০০ অশিক্ষক নিয়োগে আদালত অবমাননার মামলাকারী চড়িলামের বাসিন্দা দেবাশীষ পাল চৌধুরী। চড়িলাম ব্লকের কানাই বাড়ি গ্রামের বাসিন্দা বিনয় কুমার পালের ছেলে দেবাশীষ পাল চৌধুরী।
বৃহস্পতিবার সকালে তিনি নিজ বাড়িতে হৃদরোগে আক্রান্ত হন। সাথে সাথে তাঁকে বিশালগড় মহকুমা হাসপাতাল নিয়ে যাওয়া হয়। সেখান থেকে হাপানিয়া নিয়ে যাওয়ার পথেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। ঘটনার খবর পেয়ে পাড়া-প্রতিবেশী সহ সহকর্মীরা দেবাশীষ পাল চৌধুরীর বাড়িতে জড়ো হয়।
প্রয়াত দেবাশীষ পাল চৌধুরী চড়িলাম রবীন্দ্র-নজরুল সাংস্কৃতিক চর্চা কেন্দ্রের একনিষ্ঠ কর্মী ছিলেন।
এইদিন ওনার মৃতদেহ আনা হয় চড়িলাম রবীন্দ্র-নজরুল সংস্কৃত চর্চা কেন্দ্রে। সেখানে তাঁকে শেষ শ্রদ্ধা জানান সাংস্কৃতিক ব্যক্তিত্বরা।
উপস্থিত ছিলেন চড়িলাম রবীন্দ্র-নজরুল সংস্কৃত চর্চা কেন্দ্রের সভাপতি অজিত পোদ্দার, বিজেপি চড়িলাম মন্ডলের সভাপতি রাজ কুমার দেবনাথ, সমাজসেবী তাপস দাস, অমল দেবনাথ সহ অন্যান্যরা।
পরবর্তী সময় প্রয়াতের মৃতদেহ নিয়ে যাওয়া হয় উত্তর চড়িলাম শ্মশানে। সেখানেই সম্পন্ন হয় শেষকৃত্য।
এদিন তাঁর মৃত্যুর খবর পেয়ে খোঁজ নিতে যান উপমুখ্যমন্ত্রী যীষুও দেববর্মা।
তিনি প্রয়াতের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। পাশাপাশি তাদের সহায়তার আশ্বাস দিয়েছেন।

## ২৪ ঘন্টায় আক্রান্ত ৯৯৯৬ জন, ভারতে করোনায় মৃত্যু বেড়ে ৮১০২ : স্বাস্থ্য মন্ত্রক

নয়াদিল্লি, ১১ জুন (হি.স.): ভারতে হু হু করে বেড়েই চলেছে করোনা-সংক্রমণ। সেই বৃদ্ধির ধারা বৃহস্পতিবারও বজায় থাকল। আক্রান্তের পাশাপাশি মৃত্যুর সংখ্যাও লাফিয়ে লাফিয়ে বাড়ছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছেন ৯,৯৯৬ জন। এই সময়ে ভারতে নতুন করে মৃত্যু হয়েছে ৩৫৭ জন করোনা-সংক্রমিত রোগীর। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৮১০২ এবং সংক্রমিত ২,৮৬,৫৭৯ জন। ইতিমধ্যেই ভারতে করোনাকে হারিয়ে সুস্থ হয়েছেন ১,৪১,০২৯ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্তের সংখ্যা ২,৮৬,৫৭৯ জন (সক্রিয় করোনা রোগী ১,৩৭,৪৪৮)। এখনও পর্যন্ত গোটা দেশে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৮১০২। এর মধ্যেই চিকিৎসায় সুস্থ হয়ে উঠেছেন ১,৪১,০২৯ জন।
কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক বুলেটিনে জানিয়েছে, ৮১০২ জনের মধ্যে অন্ধ্রপ্রদেশে ৭৮ জনের মৃত্যু হয়েছে, অসমে ৪ জনের, বিহারে ৩৩ জনের, চন্ডীগড়ে ৫ জন, ছত্তিশগড়ে ৬ জন, দিল্লিতে ৯৮৪ জনের, গুজরাটে ১৩৪৭ জনের, হরিয়ানায় ৫২ জনের, হিমাচল প্রদেশে ৬ জনের, জম্মু-কাশ্মীরে ৫১ জনের, ঝাড়খণ্ডে ৮ জনের, কর্ণাটকে ৬৯ জন প্রাণ হারিয়েছেন, কেরলে ১৮ জন, লাদাখে একজন, মধ্যপ্রদেশে ৪২৭ জন, মহারাষ্ট্রে ৩,৪৩৮ জনের মৃত্যু হয়েছে, মেঘালয়ে একজন, ওড়িশায় ৯ জনের, পঞ্জাবে ৫৫ জন, রাজস্থানে ২৫৯ জনের, তামিলনাড়ুতে ৩২৬ জন, তেলেঙ্গানায় ১৫৬ জন, উত্তরাখণ্ডে ১৫ জন, উত্তর প্রদেশে ৩২১ জন এবং পশ্চিমবঙ্গে ৪৩২ জন প্রাণ হারিয়েছেন।

## একদিনে ৪৪০ বেড়ে পশ্চিমবঙ্গে মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯৭৬৮ : স্বাস্থ্য দফতর

কলকাতা, ১০জুন (হি. স.): গত তিনদিন পশ্চিমবঙ্গের করোনা আক্রান্তের সংখ্যা তিনশোর ঘরে থাকলেও বৃহস্পতিবার ফের একবার সেই সংখ্যা ৪০০ পেরোলো। গত ২৪ ঘন্টায় রাজ্যে নতুন করে করোনা আক্রান্ত হন ৪৪০জন। গত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে রাজ্যে ১০জনের। সুস্থ হয়ে গত ২৪ ঘন্টায় বাড়ি গিয়েছেন ২০৯জন। অতএব রাজ্যে এখন সক্রিয় চিকিৎসাধীন, করোনা আক্রান্তের সংখ্যা ৫৩৩৮। এদিন এমনটাই জানানো হয়েছে রাজ্যের স্বাস্থ্য দফতরের জারি করা বুলেটিনে। এই পর্যন্ত রাজ্যে মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৯৭৬৮ জন। রাজ্যে মোট করোনা মুক্ত হয়েছেন ৩৯৮৮জন। রাজ্যে করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ৪৪২জনের। গত ২৪ ঘন্টায় ৪০.৮২ শতাংশ সুস্থ হয়েছ। অন্যদিকে কো - মর্বিডিটি তে মৃত্যু হয়েছে ২৯৭ জনের।
এদিকে গত ২৪ ঘণ্টায় কলকাতা থেকে পাওয়া গিয়েছে ১১৭টি নতুন কেস। কলকাতা থেকে পাওয়া গেছে মোট ৩২৪৫টি কেস। গত ২৪ ঘণ্টায় ৮২জন্য সুস্থ হয়ে উঠছেন। তাই এখন সুস্থ হওয়ার সংখ্যা মোট ১৩০৩জন। এদিকে করোনা আক্রান্ত হয়ে কলকাতায় গত ২৪ ঘণ্টায় ৪জনের মৃত্যু হয়েছে। তাই এখনও পর্যন্ত কলকাতায় মোট ২৭৯জন মারা গেছে করোনা আক্রান্ত হয়ে। বর্তমানে কলকাতায় করোনা আক্রান্ত সক্রিয় চিকিৎসাধীন রয়েছেন ১৬৬৩জন। বাকি মৃতদের মধ্যে দুজন হাওড়া, দুজন উত্তর ২৪ পরগনার, এবং দুজন দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দা।
এদিনের বুলেটিনে আরও জানানো হয়েছে, গত ২৪ ঘন্টায় রাজ্যে ৯হাজার ৫২২টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এই পর্যন্ত রাজ্যে মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৩ লাখ ৬হাজার ৯৪১টি। এখন রাজ্যে ৪৪টি ল্যাবরেটরীতে নমুনা পরীক্ষা করা হচ্ছে। এখনও পর্যন্ত এই পরিস্থিতি তে রাজ্যে এখন ৫৮২টি সরকারি একান্ত বাস রয়েছেন ১৮হাজার ৬৭১জন। সরকারি একান্তবাস থেকে ছুটি পেয়েছেন, ৭৫হাজার ৬১২জন। এখন বাড়িতে একান্ত বাসে রয়েছেন ১লাখ ৫৬হাজার ৩৯২জন।
হোম কোয়ারেন্টিনে নজর দারি শেষ হয়েছে, ১লাখ ১৪হাজার ৬২২জনের। এদিকে পরিযায়ী শ্রমিকদের জন্য সারা রাজ্য জুড়ে ১১ হাজার ৩৮৫ টি ইনস্টিটিউশনাল কোয়ারেন্টিন
ছয়ের পাতায় দেখুন

## ৫ বেড়ে রাজস্থানে করোনায় মৃত্যু ২৬৪ জনের, সংক্রমিত ১১,৬৫১

জয়পুর, ১১ জুন (হি.স.): রাজস্থানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন আরও ৫১ জন এবং মৃত্যু হয়েছে ৫ জনের। নতুন করে ৫১ জন আক্রান্ত হওয়ার পর রাজস্থানে করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ১১,৬৫১। বৃহস্পতিবার রাজস্থান স্বাস্থ্য দফতর জানিয়েছে, বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিট পর্যন্ত রাজস্থানে নতুন করে ৫১ জনের শরীরে করোনাভাইরাসের সন্ধান মিলেছে।
আক্রান্ত ৫১ জনের মধ্যে আজমের জেলায় ১৪ জন, আলওয়ারে দু”জন, বরণে একজন, ভরতপুরে একজন, বিকানের-এ একজন, গঙ্গানগরে একজন, জয়পুরে ১৬ জন, ঝালাওয়ারে দু”জন, ঝুনঝুনুতে ৮ জন, কোটায় দু”জন, সওয়াই মাধপুরে একজন এবং টোঙ্ক জেলায় একজন আক্রান্ত হয়েছেন। ফলে রাজস্থানে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ১১,৬৫১-এ পৌঁছেছে। স্বস্তির বিষয় হল, মরুরাজ্যে ইতিমধ্যেই করোনা-মুক্ত হয়েছেন ৮,৫৯৬ জন এবং ছেড়ে দেওয়া হয়েছে ৮,২২১ জনকে। সক্রিয় করোনা রোগী ২৮৯১ এবং ২৪ ঘন্টায় ৫ জনের মৃত্যুর পর মরুরাজ্যে করোনায় মৃত্যু হয়েছে ২৬৪ জনের।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।